Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# যাদবপুর বিশ্ববিদ্যালয়ে লাইব্রেরি ও ইনফর্মেশন সায়েন্সে ভরতি

যাদবপুর বিশ্ববিদ্যালয় লাইব্রেরি ও ইনফর্মেশনের সায়েন্সে ডিগ্রি ও পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্সে ভরতি নিচ্ছে। অনার্স-সহ যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সে ভরতির জন্য আবেদন করতে পারেন। অনার্স বিষয়ে অন্ততপক্ষে ৫০% (তপশিলী, ও.বি.সি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫%) নম্বর পেয়ে থাকতে হবে অথবা ৫৫% (তপশিলীদের ক্ষেত্রে ৪১.২৫% আর ও.বি.সি. ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৯.৫%) নম্বর নিয়ে পাস গ্র্যাজুয়েটরাও যোগ্য। এছাড়াও ৬৫% (তপশিলীদের ক্ষেত্রে ৪৮.৭৫% আর ও.বি.সি. ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৮.৫%) নম্বর নিয়ে যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ও সেইসঙ্গে লাইব্রেরি সায়েন্সের সার্টিফিকেট কোর্স পাশ করে থাকলেও যোগ্য। এছাড়াও ইঞ্জিনিয়ারিং, মেডিক্যাল, টেকনোলজি বা আইনের ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরাও আবেদনের যোগ্য।

যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ও সেইসঙ্গে ৫৫% (তপশিলীদের ক্ষেত্রে ৪১.২৫% আর ও.বি.সি. ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৯.৫%) নম্বর নিয়ে লাইব্রেরি ও ইনফর্মেশন সায়েন্সের ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারবেন। কর্মরতদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ সেইসঙ্গে লাইব্রেরি সায়েন্সের ডিপ্লোমা বা, ডিগ্রি কোর্স পাশ। পাশ করার পর কোনো লাইব্রেরি বা, ইনফর্মেশন সেন্টারে অন্তত ৩ বছরের পূর্ণ সময়ের কর্মচারি হিসাবে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ওপরের দু'টি ক্ষেত্রে প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষার জন্য মনোনীত প্রার্থীদের তালিকা বেরোবে ডিগ্রি কোর্সের ক্ষেত্রে ২৪ এপ্রিল ও পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্সের ক্ষেত্রে ২৩ এপ্রিল। ডিগ্রি কোর্সের ক্ষেত্রে পরীক্ষা হবে ১০ মে আর পোস্ট-গ্র্যাজুয়েটদের ক্ষেত্রে পরীক্ষা হবে ২৬ এপ্রিল ও ডিজিটাল লাইব্রেরি স্পেশালাইজেশনের ক্ষেত্রে পরীক্ষা হবে ২৭ এপ্রিল। প্রার্থী বাছাইয়ের লিখিত পরীক্ষা হবে ১০০ নম্বরের। এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ের : ইংরিজি কম্পোজিশন, বেসিক ম্যাথমেটিক্স, জেনারেল সায়েন্স, হিস্ট্রি ও জিওগ্রাফি, ইন্ডিয়ান পলিটি ইকনমি অ্যান্ড কালচার, কারেন্ট অ্যাফেয়ার্স ও জেনারেল মেন্টাল এবিলিটি। কোনো নেগেটিভ নম্বর নেই। অনলাইনে আবেদন করতে হবে ২০ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.jaduniv.edu.in ফী জমা দিতে হবে অফলাইনে ব্যাঙ্ক চালানের মাধ্যমে, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার যে কোনো শাখায়। ব্যাঙ্ক চালান ডাউনলোড করতে পারবেন ওপরের ওয়েবসাইট থেকে। ফী জমা দেওয়ার শেষ তারিখ ২২ এপ্রিল।

# এফ.ডি.ডি.আই'এ ফুটওয়্যার ডিজাইন ও প্রোডাকশনের ডিগ্রি ও মাস্টার ডিগ্রি কোর্সে ভরতি

**নিজস্ব প্রতিনিধি** : কেন্দ্রীয় সরকারের শিল্প ও বাণিজ্য মন্ত্রকের অধীন ফুটওয়্যার ডিজাইন ও ডেভেলপমেন্ট ইনস্টিটিউট (এফ.ডি.ডি.আই) ফুটওয়্যার ডিজাইন ও প্রোডাকশনের ডিগ্রি কোর্স ও মাস্টার ডিগ্রি কোর্সে ভরতির জন্য আবেদনপত্র জমা নিচ্ছে।

৪ বছরের ব্যাচেলর ডিগ্রি পড়ানো হবে এই ৪টি কোর্সের : (১) ব্যাচেলর ডিগ্রি ইন ফুটওয়্যার ডিজাইন অ্যান্ড প্রোডাকশন, (২) ব্যাচেলর ডিগ্রি ইন রিটেল অ্যান্ড ফ্যাশন মার্চেন্ডাইজ, (৩) ব্যাচেলর ডিগ্রি ইন লেদার গুডস অ্যান্ড অ্যাকসেসারিজ ডিজাইন, (৪) ব্যাচেলর ডিগ্রি ইন ফ্যাশন ডিজাইন। ২ বছরের মাস্টার ডিগ্রি পড়ানো হবে এই ৩টি কোর্সের : (১) মাস্টার ডিগ্রি ইন ফুটওয়্যার ডিজাইন অ্যান্ড প্রোডাকশন, (২) এম.বি.এ ইন রিটেল অ্যান্ড ফ্যাশন মার্চেন্ডাইজ, (৩) মাস্টার ডিগ্রি ইন ক্যাড।

শিক্ষাগত যোগ্যতা : ডিগ্রি কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার যে কোনো শাখার উচ্চমাধ্যমিক বা, সমতুল কোর্স পাশ। অন্যদিকে মাস্টার ডিগ্রি কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার ডিগ্রি কোর্স পাশ। উচ্চমাধ্যমিক ও ডিগ্রি কোর্সের ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য। বয়সের কোনো কড়াকড়ি নেই। প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক এন্ট্রান্স টেস্ট AIST (সর্বভারতীয় বাছাই পরীক্ষা)'র মাধ্যমে। সারা দেশে সংস্থার ১৩টি ট্রেনিং কেন্দ্র আছে। ডিগ্রি ও মাস্টার ডিগ্রি কোর্সের পাশাপাশি স্বনির্ভর প্রকল্পে স্বল্পমেয়াদী কোর্সও পড়ানো হয়। কোর্স শেষে সফল প্রার্থীদের প্লেসমেন্টে সাহায্য করা হয়।

ভরতির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : ফুটওয়্যার ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট ইনস্টিটিউট (FDDI), কলকাতা লেদার কমপ্লেক্স, গেট নং ০৩। ফোন : (০৩৩) ৬৪৯৯২১১৬, ৯৮৩০০২৩৩২০, ৯৭৩৪৯৫৮৮৩১। ওয়েবসাইট : www.fddiindia.com

## ওষুধ শিল্পে পেশাদার টেকনিশিয়ান তৈরির জন্য যাদবপুর বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে নতুন কর্মমুখী কোর্স

# ফার্মাসিউটিক্যাল ইন্সট্রুমেন্টাল অ্যানালিসিস

**নিজস্ব প্রতিনিধি** : কোনো ওষুধ তৈরির পর — ক্যাপসুল, মিক্সচার, ট্যাবলেট আধুনিক যন্ত্রাংশের মাধ্যমে বিশ্লেষণ করে তার গুণগত মান পরীক্ষা করা হয়। বিশ্লেষণের মাধ্যমে দেখা হয় ওষুধের গঠন ও উপাদানের মাত্রা ঠিকঠাক আছে কিনা। গুণগত মান ঠিক থাকলে তবেই ওষুধ বাজারে বেরনোর ছাড়পত্র পায়। যন্ত্রের মাধ্যমে ওষুধ বিশ্লেষণের জন্য যেমন আধুনিক যন্ত্রাংশ ব্যবহারে দক্ষ হতে হয়, তেমনি আধুনিক ফার্মোকোলজিক্যাল পদ্ধতি সম্পর্কে জ্ঞান থাকতে হয়। ওষুধ শিল্পে এই ধরণের প্রশিক্ষিত পেশাদারদের খুব অভাব। কারণ বেশিরভাগ ওষুধ শিল্পসংস্থায় কর্মীদের হাতে-কলমে কাজ শেখানোর সুযোগ থাকে না। আবার ফার্মাসি কোর্সে ব্যবহারিক প্রয়োগের তেমন সুযোগ নেই। আর এই প্রযুক্তিগত দক্ষতা থাকে না বলে অনেক ক্ষেত্রেই কর্মীদের কাজ হারাতে হয়।

এবারে সেই সমস্যার সমাধান করতে শিল্পের উপযোগী পেশাদার তৈরির জন্য যাদবপুর বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার জিআইএস গ্রুপের গুরু নানক ইনস্টিটিউট অফ ফার্মাসিউটিক্যাল সায়েন্স অ্যান্ড টেকনোলজির সঙ্গে যৌথ উদ্যোগে শুরু করতে চলেছে নতুন কর্মমুখী কোর্স 'ফার্মাসিউটিক্যাল ইন্সট্রুমেন্টাল অ্যানালিসিস'। সারা পূর্ব ভারতে এই ধরণের কর্মমুখী পেশাদার কোর্স এই প্রথম শুরু হচ্ছে।


বায়োসায়েন্স বিভাগে যেকোনো বিষয় ও কেমিস্ট্রি বিষয় নিয়ে বি.এসসি. পাশ বা, ফার্মাসি বিষয়ে ডিগ্রি বা, পোস্ট গ্র্যাজুয়েট কোর্স পাশ ছেলেমেয়েরা ভরতির জন্য আবেদন করতে পারেন। প্রার্থী বাছাই করা হবে কাউন্সেলিং ও ইন্টারভিউয়ের ভিত্তিতে। আগে আসার ভিত্তিতে সুযোগ।

৯ মাসের কোর্স। থিওরেটিক্যাল অংশে আছে এইসব পেপার : (১) স্পেকট্রোস্কোপিক টেকনিক, (২) ক্রোমাটোগ্রাফিক টেকনিক, (৩) ইলেক্ট্রন মাইক্রোস্কোপিক টেকনিক, (৪) বায়োস্ট্যাটিসটিক্স। এছাড়াও আছে প্রজেক্ট ওয়ার্ক ও সেমিনার। মোট ৮০০ নম্বরের পরীক্ষা হবে। ৫০০ নম্বর থাকবে থিওরিতে আর ৩০০ নম্বর থাকবে প্রজেক্ট ওয়ার্কে। শিল্প সংস্থায় নিয়ে গিয়ে ছাত্রছাত্রীদের হাতে-কলমে প্র্যাক্টিক্যাল ট্রেনিং দেওয়া হবে। সপ্তাহে ২ দিন — সোমবার ও মঙ্গলবার ক্লাস। বেলা ১টা থেকে ৫টা পর্যন্ত ক্লাস। সীট ২৫টি।

যাদবপুর ক্লিনিক্যাল রিসার্চ সেন্টারের অধিকর্তা টি. কে. চট্টোপাধ্যায় জানান, এই কোর্স শেষ করার পর সফল প্রার্থীদের বিভিন্ন ওষুধ শিল্প সংস্থায় ইন্সট্রুমেন্টাল অ্যানালিস্ট পদে চাকরির সুযোগ আছে। চাহিদা অনুসারে যোগ্য লোক নেই বলে সফল প্রার্থীদের কাজের অভাব হবে না। এই কেন্দ্রের পক্ষ থেকে কাজ পেতে সাহায্য করা হবে।

ভরতির জন্য নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে। ৫০ টাকা দিয়ে হাতে হাতে ভরতির ফর্ম পাবেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইনফর্মেশন কাউন্টার থেকে। ফর্ম দেওয়া শুরু হয়েছে। পূরণ করা দরখাস্ত জমা দিতে হবে নিচের ঠিকানায় ১১ মে'র মধ্যে। ক্লাস শুরু ২৫ মে। ভরতির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার (নজরুল ভবনের উল্টোদিকে বিল্ডিং), যাদবপুর বিশ্ববিদ্যালয়, কলকাতা- ৭০০০৩২। ফোন : ৯০৮৮৪০১৩৫৪, ৯৮৩০০৮৩৫৪৯।


১৩২ পাতা
দাম : ১০ টাকা
কর্মসংস্থান গোষ্ঠীর
সাফল্য
এপ্রিল সংখ্যা বেরোল
সাধারণ জ্ঞান
রেলের গ্রুপ 'ডি' পরীক্ষার
৪ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
আবগারি দফতরে সাব-ইন্সপেক্টর
পদের পরীক্ষার ১ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
রাজ্য পুলিশের কনস্টেবল
পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
● ভারত ও ভারতীয়দের বিশ্বরেকর্ড ● একনজরে মালদ্বীপ ● শিরোনামে আসা বই ● ইংরিজি, G.I. ও অঙ্কের শর্টকাট টিপস ● খেলতে খেলতে নজির গড়া ● তথ্যের মোড়কে জানা অজানা ● নোটবুক


ভারতীয় লেখকদের বিখ্যাত ইংরিজি বই


# নার্সিংয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্স

মুম্বইয়ের টাটা মেমোরিয়াল সেন্টার, নার্সিংয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্সে ভরতি নিচ্ছে। কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৫৫% নম্বর নিয়ে বি.এসসি নার্সিং বা, পোস্ট-বেসিক বি.এসসি নার্সিং পাশরা আবেদন করতে পারেন। সেইসঙ্গে স্টেট নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। এর পাশাপাশি কোনো হাসপাতালে বা, নার্সিং হোম বা, কমিউনিটি হেলথ সেন্টারে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। কোর্সের মেয়াদ ২ বছর। প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষা (১০০ নম্বর), গ্রুপ ডিসকাশন (৩০ নম্বর) ও ইন্টারভিউয়ের (২০ নম্বর) মাধ্যমে।

অনলাইনে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে : www.tmc.gov.in প্রার্থীর চালু ই-মেল আই.ডি থাকতে হবে। আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে ১ কপি প্রিন্ট আউট নেবেন। এটা পাঠাতে হবে। ফী বাবদ দিতে হবে ২,০০০ টাকার ডিমান্ড ড্রাফট। এটা পাঠাতে হবে TATA Memorial Centre, Porel, Mumbai-এর অনুকূলে ও পেয়েবল অ্যাট লিখবেন মুম্বই। ডিমান্ড ড্রাফট ও দরকারি নথিপত্রের স্ব-প্রত্যয়িত নকল-সহ আবেদনপত্রের প্রিন্ট আউট-ভরা খামের ওপর লিখবেন : APPLICATION FOR MSC NURSE COURSE. আবেদনপত্র ২ মে'র মধ্যে রেজিস্টার্ড বা, স্পিড পোস্টের মাধ্যমে পাঠাতে হবে। এই ঠিকানায় : Office of the Director, Academic, Homi Bhabha Block Building, 13th Floor, TATA Memorial Hospital Parel, Mumbai – 400 012.

# রামকৃষ্ণ মিশনে বি.এড স্পেশাল এডুকেশন কোর্স

**নিজস্ব প্রতিনিধি** : রামকৃষ্ণ মিশন ব্লাইন্ড বয়েজ আকাদেমি ২০১৮-'২০ সেশনে বি.এড স্পেশাল এডুকেশন (দৃষ্টি প্রতিবন্ধকতা) কোর্সে ভরতি নিচ্ছে। কোর্সটি কলকাতা বিশ্ববিদ্যালয় অনুমোদিত, ভারতীয় পুনর্বাসন পর্ষদ স্বীকৃত ও দৃষ্টিবাধিত ব্যক্তিদের ক্ষমতায়নের জাতীয় প্রতিষ্ঠান (দেরাদুন) দ্বারা পোষিত। অন্তত ৫০% (তপশিলী জাতি, উপজাতি, প্রতিবন্ধী, রাজ্য সরকারের অনুমোদিত দৃষ্টি প্রতিবন্ধী স্কুলে কর্মরতদের বেলায় ৪৫%) নম্বর পেয়ে যে কোনো শাখায় ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারবেন। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। প্রার্থীকে ডিগ্রি কোর্সে বাংলা অথবা ইংরিজি ও তার সঙ্গে ইতিহাস, ভূগোল, অঙ্ক, বিজ্ঞান — এর মধ্যে যে কোনো একটি বিষয় অবশ্যই পড়ে থাকতে হবে। ২ বছরের কোর্স।

ভরতির জন্য ফর্ম দেওয়া শুরু হয়েছে ও ১০ মে পর্যন্ত ফর্ম পাওয়া যাবে নিচের ঠিকানায়। ২৭ এপ্রিল থেকে ১০ মে'র মধ্যে যে কোনো কাজের দিন সকাল ১১টা থেকে বিকেল ৩টের মধ্যে পূরণ করা ফর্ম জমা দেওয়া যাবে। হাতে-হাতে ফর্ম জমা দিলে প্রসেসিং ফী বাবদ ১৫০ টাকা জমা দিতে হবে। ডাকযোগে বা, অন্য কোনো মাধ্যমে পাঠালে ওই টাকার ডিমান্ড ড্রাফট পাঠাতে হবে রামকৃষ্ণ মিশন ব্লাইন্ড বয়েজ আকাদেমির অনুকূলে ও পেয়েবল অ্যাট লিখবেন কলকাতা। যোগাযোগের ঠিকানা : ডিরেক্টর, ট্রেনিং ইনস্টিটিউট ফর দ্য টিচার্স অফ দ্য ভিশুয়ালি হ্যান্ডিক্যাপড, রামকৃষ্ণ মিশন ব্লাইন্ড বয়েজ আকাদেমি, নরেন্দ্রপুর, কলকাতা - ৭০০ ১০৩। ফোন (০৩৩) ২৪৭৭-২২০১।


পরপর ১১ বার ১* নম্বরে
সব সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক বাংলা পত্র-পত্রিকার মধ্যে
আবার সর্বাধিক বিক্রির রেকর্ড
কর্মসংস্থান
এখন প্রতি সপ্তাহে শুক্রবার বেরোয়
*As per ABC(Audit Bureau of Circulations) July-Dec. 2017

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের পর কোথায় কী সরকারি চাকরি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশের পর রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন সংস্থায় সারা বছরই বিভিন্ন পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হয়। বিজ্ঞপ্তি বেরোলে যথাসময়ে 'কর্মসংস্থানে' দেওয়া হয়। কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স থাকা দরকার, প্রার্থী বাছাই পদ্ধতি, বিজ্ঞপ্তি বেরোনোর সময় ইত্যাদি দেওয়া হল। এটি দ্বিতীয় কিস্তি।

## কলকাতা পুর নিগমে চাকরি

**জুনিয়র অ্যাসিস্ট্যান্ট :** যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকলে ভালো হয়। বয়স দরকার ১৮ থেকে ৪০ বছরের মধ্যে।। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা (৪০%'এর বেশি হলে) যথারীতি বয়সে ছাড় পান।

**টিচার (বাংলা মাধ্যম) :** যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকলে অগ্রাধিকার পান। বয়স দরকার ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা (৪০% থেকে ৫০% প্রতিবন্ধকতা থাকলে) ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পান।

দুই পদের বেলায়ই প্রার্থী বাছাই করে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। 'টিচার (বাংলা মাধ্যম)' পদের বেলায় প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে প্রিলিমিনারি লিখিত পরীক্ষা, মেন পরীক্ষা ও পার্সোন্যালিটি টেস্ট হয়। প্রিলি. পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের ১০০টি প্রশ্ন হয় এইসব বিষয়ে : (১) এলিমেন্টারি ম্যাথমেটিক্স (মাধ্যমিক মানের), (২) জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স। প্রতি প্রশ্নে থাকবে ১ নম্বর। সময় ২ ঘন্টা। প্রশ্ন হয় ইংরিজিতে। নেগেটিভ মার্কিং নেই। সাধারণ আর ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৬০ (তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী হলে ৫০) নম্বর পেয়ে কোয়ালিফাই করলে 'মেন' পরীক্ষা দেওয়ার সুযোগ পান। মোট শূন্যপদের ১০ গুণ প্রার্থীকে অর্থাৎ, অন্তত ১৪০০ প্রার্থীকে মেন পরীক্ষার জন্য ডাকা হয়। মেন পরীক্ষায় থাকে ২টি পেপার। প্রথম পেপারে থাকে ২টি বিষয় : (১) এলিমেন্টারি ম্যাথমেটিক্স -৫০ নম্বর, (২) বাংলা -৫০ নম্বর। দ্বিতীয় পেপারে থাকে ২টি বিষয় : (১) জেনারেল সায়েন্স, ইতিহাস ও ভূগোল - ৫০ নম্বর, (২) ইংরিজি - ৫০ নম্বর। দু'টি পেপারে সময় থাকে আড়াই ঘন্টা। অঙ্কে থাকে : পাটিগণিত, বীজগণিত ও জ্যামিতি। প্রশ্ন হয় মাধ্যমিক মানের। বাংলা বিষয়ে থাকে : ব্যাকরণ, প্রেসি লেখা, চিঠি লেখা ও প্রবন্ধ লেখা। ইংরিজি বিষয়ে থাকে : ব্যাকরণ, প্রেসি লেখা, চিঠি লেখা ও প্রবন্ধ লেখা। প্রশ্ন হয় মাধ্যমিক মানের। সাধারণ আর ও.বি.সি. হলে ৪৫% (তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী হলে ৪০%) নম্বর পেলে সফল হন ও মোট শূন্যপদের ৩ গুণ প্রার্থীকে পার্সোন্যালিটি টেস্টের জন্য ডাকা হয়। মেন পরীক্ষা ও ইন্টারভিউয়ে পাওয়া নম্বর দেখে মেধা তালিকা তৈরি হয়। মেধা তালিকা তৈরির সময় প্রিলি. পরীক্ষায় পাওয়া নম্বর যোগ হয় না।

'জুনিয়র অ্যাসিস্ট্যান্ট' পদের বেলায় প্রথমে হয় প্রিলিমিনারি লিখিত পরীক্ষা, মেন পরীক্ষা ও ইন্টারভিউ। প্রিলিমিনারি লিখিত পরীক্ষায় দেড় ঘন্টার ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হয় এইসব বিষয়ে : জেনারেল নলেজ, কারেন্ট অ্যাফেয়ার্স, জেনারেল সায়েন্স ও অঙ্ক। প্রশ্ন হয় ইংরিজিতে। প্রিলি. পরীক্ষায় সাধারণ প্রার্থীরা ৬০%, তপশিলী, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীরা ৫০% নম্বর পেলে সফল হন ও মোট শূন্যপদের ১০ গুণ প্রার্থীকে মেন পরীক্ষা দেওয়ার সুযোগ দেওয়া হয়। মেন পরীক্ষায় ডেসক্রিপ্টিভ টাইপের ১৫০ নম্বরের পরীক্ষায় প্রশ্ন হয় এই ৩টি বিষয়ে : (১) ইংরিজি - ৫০ নম্বর, (২) বাংলা ৫০ নম্বর, (৩) অঙ্ক ৫০ নম্বর। সময় থাকে ৩ ঘন্টা। ইংরিজি ও বাংলা বিষয়ের প্রশ্ন হয় উচ্চমাধ্যমিক মানের আর অঙ্কের প্রশ্ন হয় মাধ্যমিক মানের। প্রতিটি বিষয়ে কোয়ালিফাইং নম্বর পেতে হয় অর্থাৎ, সাধারণ প্রার্থীরা ৪৫%, তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা ৪০% নম্বর পেলে সফল হন। মোট শূন্যপদের ৩ গুণ প্রার্থীর নাম ধরে ২৫ নম্বরের ইন্টারভিউয়ের জন্য ডাকা হয়। চূড়ান্ত তালিকা তৈরির সময় প্রিলিমিনারি পরীক্ষায় পাওয়া নম্বর যোগ হয় না। মেন পরীক্ষায় ইংরিজি বিষয়ে প্রশ্ন থাকে ইংরিজি ব্যাকরণ, প্রেসি লেখা, চিঠি লেখা ও প্রবন্ধ লেখা। বাংলা বিষয়ে প্রশ্ন থাকে বাংলা ব্যাকরণ, প্রেসি লেখা, চিঠি লেখা ও প্রবন্ধ লেখা।

বিজ্ঞপ্তি বেরোলে দরখাস্ত করতে হয় নির্দিষ্ট বয়ান টাইপিং করার পর নিজে হাতে পূরণ করে। দরখাস্ত পাঠাতে হয় এই ঠিকানায় : The Secretary, Municipal Service Commission, 149, Acharya Jagadish Chandra Bose Road, Kolkata-700 014.

## রেলে চাকরি

### পূর্ব রেলে গ্রুপ-ডি

পূর্ব রেল, দক্ষিণ-পূর্ব রেল, উত্তর-পূর্ব সীমান্ত রেল -সহ সারা ভারতের কয়েকটি রেলওয়ে রিক্রুটমেন্ট সেলের মাধ্যমে রেলে গ্রুপ-ডি পদে লোক নেওয়া হয় এইসব পদে — 'হেল্পার-II/খালাসি', 'স্টোর খালাসি /পিওন /সুইপার /সাফাইওয়ালা', 'হেল্পার-II', 'হেল্পার-II/ খালাসি', 'চৌকিদার', 'পোর্টার', 'সাফাইওয়ালা / ওয়েটিং রুম বেয়ারার /পিওন / পার্সেল পোর্টার /ডব্লু.বি. পোর্টার / স্টেশন পিওন / কল পিওন / চৌকিদার', 'কিম্যান', 'গেটম্যান', 'মার্কার', 'ট্র্যাকম্যান / খালাসি / ভালবম্যান', 'মালি /কুক /পিওন / হেল্পার', 'হেল্পার (ওয়ার্ক্স / ব্রিজ)', 'হসপিটাল অ্যাটেন্ডান্ট / আয়া / সাফাইওয়ালা' ও 'পিওন'। মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। আই.টি.আই. থেকে যে কোনো ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরাও আবেদনের যোগ্য। উচ্চশিক্ষাগত যোগ্যতার প্রার্থীরাও আবেদন করতে পারেন। সব ক্ষেত্রেই বয়স হতে হয় ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, বিধবা বা, বিবাহবিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ২ বছর (তপশিলী হলে ৫ বছর, ও.বি.সি. হলে ৩) বছর, প্রতিবন্ধীরা ৪৩ (ও.বি.সি. হলে ৪৬, তপশিলী হলে ৪৮) বছর আর রেলে কর্মরত অস্থায়ী কর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মাধ্যমিক বা, আই.টি.আই. কোর্সের ফাইনাল বর্ষের প্রার্থীরা আবেদনের যোগ্য নন। মূল মাইনে : ৫,২০০-২০,২০০ টাকা। গ্রেড পে ১,৮০০ টাকা।

প্রার্থী বাছাই করে সংশ্লিষ্ট রেলের রেলওয়ে রিক্রুটমেন্ট সেল। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে লিখিত পরীক্ষা হয়। এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে, মাধ্যমিক মানের। এই পরীক্ষায় থাকে এইসব বিষয় : জেনারেল নলেজ, অ্যাওয়ারনেস, অঙ্ক ও রিজনিং। সময় থাকে ২ ঘন্টা। প্রশ্ন হয় বাংলা, হিন্দি, ইংরিজি ও উর্দুতে। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর বাদ যাবে। লিখিত পরীক্ষায় ভাষার পেপারের কোনো পরীক্ষা হয় না। লিখিত পরীক্ষায় সফল হলে মোট শূন্যপদের ৩ গুণ প্রার্থীকে শারীরিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হবে।

শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকে ছেলেদের বেলায় ৪ মিনিট ১৫ সেকেন্ডে ১০০০ মিটার দৌড় আর মেয়েদের বেলায় থাকে ৩ মিনিট ১০ সেকেন্ডে ৪০০ মিটার দৌড়। দৌড়ে সবাই একবারই সুযোগ পাবেন। সবশেষে হয় ডাক্তারি পরীক্ষা। এই পরীক্ষায় কোনো ইন্টারভিউ নেই। তপশিলীরা শারীরিক সক্ষমতার পরীক্ষা /লিখিত পরীক্ষা দিতে যাতায়াতের দ্বিতীয় শ্রেণির রেল ভাড়া পাবেন।

বিজ্ঞপ্তি বেরোলে দরখাস্ত করবেন সাধারণ 'A-4' মাপের কাগজে, নির্দিষ্ট বয়ানে। তখন 'কর্মসংস্থানে' বিস্তারিত তথ্য দেওয়া হয়। এছাড়াও সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইটে বিস্তারিত তথ্য পাবেন।

**টিকিট কালেক্টর।** মোট অন্তত ৫০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। তপশিলী, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধী হলে আর উচ্চ শিক্ষাগত যোগ্যতা থাকলে মাধ্যমিকে নম্বরের কোনো কড়াকড়ি নেই। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার B-2.

**ক্যাটেগরি নং ২ : কমার্শিয়াল ক্লার্ক।** ওপরের ওই একই শিক্ষাগত যোগ্যতা ও বয়সের প্রার্থীরা আবেদনের যোগ্য। দৃষ্টিশক্তি দরকার C-1.

**ইলেক্ট্রিক্যাল সিগন্যাল মেন্টেনার-III :** ফিজিক্স ও অঙ্ক নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স আর B-1 দৃষ্টিশক্তি থাকলে আবেদন করতে পারেন।

**ফার্মাসিস্ট।** সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা ফার্মাসির ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে ও ভারতীয় নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকলে আবেদন করতে পারেন। বয়স দরকার ২০ থেকে ৩৫ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার C-1.

**টেকনিশিয়ান সিগন্যাল মেন্টেনার গ্রেড-III.** ফিজিক্স ও অঙ্ক নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স আর B-1 দৃষ্টিশক্তি থাকলে আবেদন করতে পারেন।

**টেলিকমিউনিকেশন মেন্টেনার গ্রেড-III.** ফিজিক্স ও অঙ্ক নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স আর B-1 দৃষ্টিশক্তি থাকলে আবেদন করতে পারেন।

**অ্যাসিস্ট্যান্ট টিচার (ইংরিজি মাধ্যম)।** উচ্চমাধ্যমিক পাশরা জুনিয়র বেসিক ট্রেনিংয়ের ১/২ বছরের কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। ইংরিজি মাধ্যমের স্কুলে পড়াশোনা করে থাকা দরকার। ইংরিজিতে শিক্ষকতার কাজে দক্ষতা থাকলে অগ্রাধিকার পাওয়া যায়। বি.এড. কোর্স পাশ হলে ভালো হয়। দৃষ্টিশক্তি দরকার C-2. বয়স দরকার ২০ থেকে ৪০ বছরের মধ্যে।

**স্টেনোগ্রাফার গ্রেড-III (ইংলিশ)।** উচ্চমাধ্যমিক পাশরা ইংরিজি টাইপিং ও ইংরিজি শর্টহ্যান্ডে মিনিটে অন্তত যথাক্রমে ৪০টি ও ৮০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। বয়স দরকার ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার C-1.

**ফার্মাসিস্ট /ফার্মাসিস্ট গ্রেড-III :** সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা কোনো স্বীকৃত ইন্সটিটিউট থেকে ফার্মাসির ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ আর C-2 দৃষ্টিশক্তি থাকলে আবেদন করতে পারেন। ফার্মাসি কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হয়। বয়স দরকার ২০ থেকে ৩৫ বছরের মধ্যে।

**ফিজিওথেরাপিস্ট :** সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা কোনো স্বীকৃতপ্রতিষ্ঠান থেকে ফিজিওথেরাপির ডিগ্রি /ডিপ্লোমা কোর্সপাশ আর ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে বয়স ও C-1 দৃষ্টিশক্তি থাকলে আবেদন করতে পারেন।

**ফিল্ড ওয়ার্কার :** কেমিস্ট্রি ও বায়োলজি বিষয় নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স ও C-2 দৃষ্টিশক্তি থাকলে আবেদন করতে পারেন।

**রেডিওগ্রাফার :** ফিজিক্স ও কেমিস্ট্রি অন্যতম বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা রেডিওগ্রাফি /এক্স-রে টেকনিশিয়ান / রেডিও ডায়াগনোসিস টেকনোলজি (২ বছর)'র ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। সায়েন্স শাখার গ্র্যাজুয়েটরা রেডিওগ্রাফি /এক্স-রে টেকনিশিয়ান / রেডিও ডায়াগনোসিস টেকনোলজির (২ বছর) ডিপ্লোমা কোর্স পাশ হলে অগ্রাধিকার পাওয়া যায়। বয়স হতে হয় ১৯ থেকে ৩৩ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার C-2.

**রেডিওগ্রাফার গ্রেড-III :** ফিজিক্স ও কেমিস্ট্রি অন্যতম বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা রেডিওগ্রাফি /এক্স-রে টেকনিশিয়ান / রেডিও ডায়াগনোসিস টেকনোলজি (২ বছর)'র ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বয়স ওপরের মতো। দৃষ্টিশক্তি দরকার B-1.

**টেলিকমিউনিকেশন মেন্টেনার গ্রেড-III.** ফিজিক্স ও অঙ্ক নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স আর B-1 দৃষ্টিশক্তি থাকলে আবেদন করতে পারেন।

## বিমানবাহিনীতে

**এয়ারম্যান গ্রুপ 'এক্স' টেকনিক্যাল :** অঙ্ক ও ফিজিক্স অন্যতম বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। পলিটেকনিক বা, স্বীকৃত ইনস্টিটিউট থেকে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, অটোমোবাইল, কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি বা, ইন্সট্রুমেন্টেশন টেকনোলজির ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলেও আবেদন করতে পারেন। শরীরের মাপজোখ দরকার লম্বায় অন্তত ১৫২৫ সেমি। বুকের ছাতি ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা দরকার। ওজন দরকার উচ্চতা ও বয়সের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি দরকার চশমা ছাড়া ৬/৩৬, যা চশমা পড়ে প্রতি চোখে ৬/৯ পর্যন্ত সংশোধনযোগ্য। রঙ চেনার দৃষ্টিশক্তি দরকার CPIII. ৬ মিটার দূর থেকে ফিসফিস শব্দ শোনায় দক্ষ থাকতে হয়। এছাড়া ভালো দাঁতের পাটি ও ত্রুটিহীন স্বাস্থ্য দরকার। ফিটের অসুখ, সাইকিয়াট্রিক যন্ত্রণা থাকলে যোগ্য নন। মোট ২০ বছরের চাকরি, যা ৫৭ বছর বয়স পর্যন্ত বাড়তে পারে। শুরুতে ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাওয়া যায়। এছাড়া বিনা খরচায় থাকা-খাওয়া ও চিকিৎসার সুযোগ আছে। শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বরের ভিত্তিতে প্রাথমিক বাছাই প্রার্থীদের লিখিত পরীক্ষার অ্যাডমিট কার্ড পাঠানো হয়। লিখিত পরীক্ষা নেয় সেন্ট্রাল এয়ারমেন সিলেকশন বোর্ড। পরীক্ষা হয়, পূর্ব-ভারতে ব্যারাকপুর (কলকাতা), ভুবনেশ্বর, গুয়াহাটি ও পটনার বিহটায়। এই পরীক্ষায় উচ্চমাধ্যমিক মানের প্রশ্ন হয় এই ৩টি পেপারে : (১) ইংরিজি, (২) অঙ্ক, (৩) ফিজিক্স। সময় ১ ঘন্টা। প্রতিটি পেপারে যাঁরা কোয়ালিফাইং মার্কস পান, তাঁদের সেদিনই শারীরিক সক্ষমতার পরীক্ষা হয়। এই পরীক্ষায় থাকে ৮ মিনিটে ১.৬ কি.মি. দৌড়। ৭ মিনিট ৩০ সেকেন্ডে দৌড়তে পারলে অতিরিক্ত নম্বর পাওয়া যায়। পরীক্ষার দিন জুতো, প্যান্ট ইত্যাদি সরঞ্জাম নিয়ে যেতে হয়। সফল হলে ইন্টারভিউ /ডাক্তারি পরীক্ষা। লিখিত পরীক্ষা দিতে যাওয়ার দিন কান ও দাঁত পরিষ্কার করে যেতে হয়। মোট ২-৩ দিনের পরীক্ষা দেওয়ার মানসিকতা নিয়ে যেতে হয়। থাকার ব্যবস্থা প্রার্থীরই। পরীক্ষার দিন সঙ্গে নিয়ে যেতে হয় যাবতীয় প্রমাণ পত্রের মূল ও জেরক্স কপি।

দরখাস্ত করতে হয় অনলাইনে বা, সাধারণ 'A-4' মাপের কাগজে। নির্দিষ্ট বয়ান টাইপিং করার পর পূরণ করে। বিজ্ঞপ্তি বেরোয় মে-জুনে।

**এয়ারম্যান গ্রুপ 'ওয়াই' টেকনিক্যাল :** যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ অবিবাহিত ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। রাজ্য শিক্ষা পর্ষদ, কাউন্সিল বা, সি.বি.এস.ই. থেকে ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলেও এই পদের জন্য যোগ্য। শরীরের মাপজোখ দরকার লম্বায় অন্তত ১৫২৫ সেমি, বুকের ছাতি অন্তত ৫ সেমি প্রসারণ ক্ষম ও ফুলিয়ে অন্তত ৭৫ সেমি আর উচ্চতা ও বয়সের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন। দৃষ্টিশক্তি দরকার প্রতিটি চোখে ৬/৩৬ যা চশমা পড়ে এক চোখে ৬/৯ পর্যন্ত সংশোধনযোগ্য। ± ৩.৫ ডায়োপট্রেসের কম লেন্সের পাওয়ার-সহ (যে কোনো মেরিডিয়ানে অ্যাস্টিগমেটিসম-সহ পূর্ণ দৃষ্টিশক্তিসম্পন্ন)। রঙ চেনার স্বাভাবিক দৃষ্টিশক্তি দরকার বা, নিরাপদ ত্রুটিপূর্ণ CPII/CPIII. ৬০০ সেমি. দূরত্ব থেকে ফিসফিস শব্দ শোনার দক্ষতা থাকা দরকার। এছাড়া ভালো দাঁতের পাটি ও ত্রুটিহীন স্বাস্থ্য দরকার। ফিটের অসুখ, সাইকিয়াট্রিক যন্ত্রণা থাকলে আবেদনের যোগ্য নন। মোট ২০ বছরের চাকরি, যা ৫৭ বছর বয়স পর্যন্ত ৬/৩ বছর অন্তর বদলে বাড়তে পারে। শুরুতে ১২ সপ্তাহের ট্রেনিং হয় কর্ণাটকের বেলগামের এয়ারফোর্স ট্রেনিং স্কুলে। তখন স্টাইপেন্ড পাওয়া যায়। এছাড়া বিনা খরচায় থাকা-খাওয়া ও চিকিৎসার সুযোগ আছে।

শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বরের ভিত্তিতে প্রাথমিক বাছাই প্রার্থীদের লিখিত পরীক্ষার অ্যাডমিট কার্ড পাঠানো হয়। লিখিত পরীক্ষা নেয় সেন্ট্রাল এয়ারমেন সিলেকশন বোর্ড। পরীক্ষা হয় পূর্ব-ভারতে ব্যারাকপুর (কলকাতা), ভুবনেশ্বর, গুয়াহাটি ও পটনার বিহটায়। এই পরীক্ষায় প্রশ্ন থাকে এই ২টি পেপারে : (১) ইংরিজি, (২) রিজনিং অ্যান্ড জেনারেল অ্যাওয়ারনেস। ইংরিজি বিষয়ে প্রশ্ন হয় উচ্চমাধ্যমিক মানের সি.বি.এস.ই.'র সিলেবাস অনুযায়ী। সময় থাকে ৪৫ মিনিট। প্রতিটি পেপারে যাঁরা কোয়ালিফাইং মার্কস পান, তাঁদের সেদিনই শারীরিক সক্ষমতার পরীক্ষা হয়। এই পরীক্ষায় থাকে ৮ মিনিটে ১.৬ কি.মি. দৌড়। ৭ মিনিট ৩০ সেকেন্ডের কম সময় নিলে অতিরিক্ত নম্বর পান। সফল হলে ইন্টারভিউ /ডাক্তারি পরীক্ষা। লিখিত পরীক্ষা দিতে যাওয়ার দিন ওই জন্য কান ও দাঁত পরিষ্কার করে যেতে হয়। মোট

এরপর ৮ পাতায়

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সাধারণ জ্ঞান

## সাম্প্রতিক ঘটনা

১। শ্বেতাঙ্গ আধিপত্যবাদের বিরুদ্ধে লড়াকু নেত্রী, নেলসন ম্যান্ডেলার প্রাক্তন স্ত্রী উইনি ম্যান্ডেলা (৮১ বছর) কবে মারা যান — ২০১৮ সালের ২ এপ্রিল।

২। দক্ষিণ প্রশান্ত মহাসাগরের মাঝখানে সম্প্রতি আছড়ে পড়ল চিনের তৈরি স্পেস ল্যাব 'তিয়ানগং-১'। কবে এই স্পেস ল্যাবটিকে মহাকাশে পাঠানো হয় — ২০১১ সালের ২৯ সেপ্টেম্বর।

৩। মণিপুর রাজ্যের কোন জেলাকে সম্প্রতি 'দারিদ্র মুক্ত জেলা' হিসাবে ঘোষণা করা হয়েছে — সেনাপতি।

৪। 'বিশ্ব অটিজম সচেতনতা দিবস' কবে পালিত হয় — ২ এপ্রিল।

৫। সিয়েরা লিওনের প্রেসিডেন্ট এখন



কে — জুলিয়াস মাদা বিও।

৬। ২০১৮ সালে ভারতের কোন শহর 'গ্লোবাল লজিস্টিক্স সম্মেলন' আয়োজন করেছে — নয়াদিল্লি।

৭। ২০১৮ সালে 'জাতীয় সামুদ্রিক দিবস'এর থিম কী ছিল — ইন্ডিয়ান শিপিং-অ্যান ওশিয়ান অফ অপরচুনিটি।

৮। ২০১৮ সালে কোন দেশ 'বোয়াও ফোরাম ফর এশিয়া' (BFA) আয়োজন করেছে — চিন।

৯। ভারতের সবথেকে দীর্ঘতম সড়ক 'হিন্দোন এলিভেটেড রোড' কোন রাজ্যে চালু হয়েছে — উত্তর প্রদেশ।

১০। মালয়লম চলচ্চিত্রের অভিনেতা অজিথ কোল্লাম (৫৫ বছর) কবে মারা যান — ২০১৮ সালের ৫ এপ্রিল।

১১। মার্কিনি টেলিভিশন প্রযোজক ও লেখক স্টিভেন রোনাল্ড বোচকো (৭৪ বছর) কবে মারা যান — ২০১৮ সালের ১ এপ্রিল।

১২। তামিলনাড়ুর প্রাক্তন মন্ত্রী এস. মাধবন (৮৪ বছর) কবে মারা যান — ২০১৮ সালের ৩ এপ্রিল।

১৩। 'বিশ্ব স্বাস্থ্য দিবস' কবে পালিত হয় — ৭ এপ্রিল।

১৪। ২০১৮ সালে 'বিশ্ব স্বাস্থ্য দিবস'এর থিম কী ছিল — ইউনিভার্সাল হেলথ কভারেজ: এভরিওয়ান, এভরিহোয়্যার।

১৫। 'জাতীয় পুরস্কার' প্রাপ্ত অসমিজ চলচ্চিত্র নির্মাতা মুনিন বড়ুয়া (৭১ বছর) কবে মারা যান — ২০১৮ সালের ৭ এপ্রিল।

১৬। 'বাংলা চলচ্চিত্রের ১০০ বছর' উদযাপনের কমিটির মুখ্য উপদেষ্টা কে



হলেন — অভিনেতা সৌমিত্র চট্টোপাধ্যায়।

১৭। 'কামুঠি সোলার পাওয়ার প্রকল্প' ভারতের কোন রাজ্যে আছে — তামিলনাড়ু।

১৮। সুপ্রিম কোর্টের বিচারপতি নিরঞ্জন থমাস আলভা (৭৮ বছর) কবে মারা যান — ২০১৮ সালের ৭ এপ্রিল।

১৯। কয়লার মান পর্যবেক্ষণের জন্য সম্প্রতি কেন্দ্রীয় সরকার 'UTTAM' অ্যাপস চালু করেছে। 'UTTAM' কথাটির পুরো নাম কী — আনলকিং ট্রান্সপারেন্সি বাই থার্ড পার্টি অ্যাসেসমেন্ট অফ মাইনেড কোল।

২০। ২০১৮ সালে কোন দেশ দক্ষিণ এশিয়ায় 'আন্তর্জাতিক মানবাধিকার সম্মেলন' আয়োজন করেছে — নেপাল।

২১। 'বোয়াও ফোরাম ফর এশিয়া'এর (BFA) চেয়ারম্যান এখন কে — বান কি-মুন।

২২। ২০১৮ সালে 'বিশ্ব হোমিওপ্যাথিক দিবস'এ ভারতের উপ রাষ্ট্রপতি ভেঙ্কাইয়া নাইডু কোন শহরে বৈজ্ঞানিক সম্মেলন আয়োজন করেছে — নয়াদিল্লি।

২৩। 'সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স'এর (CISF) ডিরেক্টর জেনারেল এখন কে — রাজেশ রঞ্জন।

২৪। 'ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশন'এর (UPSC) নতুন সদস্য কে — এম. সাথিয়াভাতি।

২৫। 'বর্ডার সিকিউটিটি ফোর্স'এর (BSF) প্রাক্তন ডিরেক্টর জেনারেল ই.এন. রামমোহন (৭৭ বছর) কবে মারা যান — ২০১৮ সালের ৮ এপ্রিল।

২৬। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি কৃষকদের জন্য 'উজহাভন' (Uzhavan) মোবাইল অ্যাপস চালু করেছে — তামিলনাড়ু।

২৭। সিঙ্গাপুরের প্রধান বিরোধী দল 'ওয়ার্কার্স পার্টি'র মহাসচিব এখন কে — ভারতীয় বংশোদ্ভূত প্রীতম সিংহ।

২৮। সম্প্রতি ২টি নতুন ভাষা খুঁজে পেলেন 'হায়দরাবাদ বিশ্ববিদ্যালয়'এর অধ্যাপক পঞ্চানন মোহান্তি। ভাষা দুটির নাম কী কী — 'ওয়ালমিকি' ও 'মালহার' (ওড়িশার কোরাপুট ও ওড়িশার সীমানা লাগোয়া অন্ধ্র প্রদেশের কিছু জেলায় এই ভাষা প্রচলিত)।

২৯। অভিনয়ের পাশাপাশি প্রযোজনার ক্ষেত্রেও অসামান্য অবদানের জন্য কে ২০১৮ সালে 'দাদাসাহেব ফালকে এক্সেলেন্স পুরস্কার' পেতে চলেছেন — বলিউড অভিনেত্রী অনুষ্কা শর্মা।

৩০। মেট্রোর স্মার্ট কার্ডে সম্প্রতি কোন ভাষা স্থান পেল — বাংলা (এখন থেকে মেট্রোর স্মার্ট কার্ডে বাংলা ভাষায় লেখা থাকবে 'মেট্রো রেল কলকাতার গর্ব')।

৩১। এ রাজ্যে যাঁরা জিএসটি দেন, তাঁদের জন্য আলাদা একটি ওয়েবসাইট আনল 'সিজিএসটি অ্যান্ড সিএক্স কলকাতা জোন'। ওয়েবসাইটটি কী — www.cgstkolkata.gov.in

৩২। আর্থিক কেলেঙ্কারিতে দোষী সাব্যস্ত হয়ে দক্ষিণ কোরিয়ার কোন প্রাক্তন প্রেসিডেন্ট সম্প্রতি ২৪ বছরের সশ্রম কারাদণ্ডে দণ্ডিত হলেন — পার্ক জিন হিয়ে।

৩৩। কোন টেলিভিশন চ্যানেল সম্প্রতি নিলামে জিও টিভি ও সোনিকে পিছনে ফেলে ৬১৩৮.১ কোটি টাকার বিনিময়ে 'বোর্ড অফ কন্ট্রোল ফর ক্রিকেট ইন ইন্ডিয়া'এর (BCCI) থেকে আগামী ৫ বছরের জন্য সম্প্রচার স্বত্ব কিনে নিল — 'স্টার স্পোর্টস ইন্ডিয়া' (ফলে ২০২৩ সাল পর্যন্ত ভারতে হওয়া সব ঘরোয়া ও আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচ দেখানোর স্বত্ব পেল তারা)।

## খেলাধূলা

৩৪। কে সম্প্রতি মেয়েদের একদিনের ক্রিকেটে সবথেকে বেশি ম্যাচ খেলার সর্বকালীন নজির তৈরি করলেন — ভারতীয় মহিলা ক্রিকেট দলের অধিনায়ক মিতালি দোরাই রাজ (ইংল্যান্ডের শার্লট এডওয়ার্ডসের ১৯১টি একদিনের ম্যাচ খেলার নজির ভেঙে ১৯২টি ম্যাচ খেলে এই নজির তৈরি করলেন তিনি)।

৩৫। ২০১৮ সালে 'কমনওয়েলথ গেমস'এ মেয়েদের টেবল টেনিসের দলগত বিভাগে কারা সোনার পদক পেল — ভারতের মহিলা দল।

৩৬। ২০১৮ সালে 'কমনওয়েলথ গেমস'এ মেয়েদের ১০ মিটার এয়ার পিস্তল বিভাগে কে সোনার পদক পেলেন — ভারতের মহিলা শ্যুটার মনু ভাকের (এই বিভাগেই রুপোর পদক পেলেন ভারতের মহিলা শ্যুটার হিনা সিধু)।

৩৭। ২০১৮ সালে 'কমনওয়েলথ গেমস'এ মেয়েদের ৬৯ কেজি



ভারোত্তোলন বিভাগে কে সোনার পদক পেলেন — ভারতের পুনম যাদব।

৩৮। ২০১৮ সালে 'কমনওয়েলথ গেমস'এ পুরুষদের ৭৭ কেজি ভারোত্তোলনে কে সোনার পদক পেলেন — ভারতের সতীশ শিবলিঙ্গম।

৩৯। ২০১৮ সালে 'কমনওয়েলথ গেমস'এ পুরুষদের ৮৫ কেজি ভারোত্তোলন বিভাগে কে সোনার পদক পেলেন — ভারতের ভেঙ্কট রাহুল রাগালা।

৪০। ২০১৮ সালে কে 'ডেভিস কাপ'এ ডাবলসে সর্বাধিক ৪৩টি ম্যাচ জয়ের নজির গড়লেন — ভারতীয় তারকা লিয়েন্ডার আদ্রিয়ান পেজ (ছাপিয়ে গেলেন ইতালির নিকোলা পিয়েত্রাঞ্জেলির ৪২টি ম্যাচ জয়ের নজির)।

৪১। ২০১৮ সালে কোন দল 'বুন্দেশলিগা' চ্যাম্পিয়ন হল — বায়ার্ন মিউনিখ (অগসবার্গকে ৪-১ গোলে হারিয়ে)।

৪২। ২০১৮ সালে 'কমনওয়েলথ গেমস'এ কে মাত্র ১৮ বছর বয়সে



কনিষ্ঠ ভারতীয় হিসাবে পুরুষদের ৬৯ কেজি ভারোত্তোলন বিভাগে ব্রঞ্জ পদক পেলেন — দীপক লাথের।

৪৩। ২০১৮ সালে 'কমনওয়েলথ গেমস'এ মহিলাদের ৫৩ কেজি ভারোত্তোলন বিভাগে কে সোনার পদক পেলেন — ভারতের খুমুকচাম সঞ্জিতা চানু।

৪৪। ২০১৮ সালে অস্ট্রেলিয়ার গোল্ড কোস্টে 'কমনওয়েলথ গেমস'এ মহিলাদের ৪৮ কেজি স্ন্যাচ, ক্লিন অ্যান্ড জার্ক বিভাগে কে সোনার পদক পেলেন — ভারতের মহিলা ভারোত্তলক মীরাবাই চানু।

৪৫। ২০১৮ সালে 'কমনওয়েলথ গেমস'এ পুরুষদের ৫৬ কেজি বিভাগে কে রুপোর পদক পেলেন — ভারতের ভারোত্তলক পি. গুরুরাজা।

৪৬। হৃদরোগে আক্রান্ত হয়ে ইংল্যান্ডের প্রাক্তন ফুটবলার রে উইলকিন্স (৬১ বছর) কবে মারা যান — ২০১৮ সালের ৪ এপ্রিল।

৪৭। ভারতীয় ক্রিকেটের জুনিয়র নির্বাচক সমিতির চেয়ারম্যান এখন কে — আশিস কাপুর।

৪৮। 'ভারতীয় ব্যাডমিন্টন সংস্থা'র প্রেসিডেন্ট এখন কে — হেমন্ত বিশ্ব শর্মা।

৪৯। ২০১৮ সালে 'এশিয়ান ইউথ র‍্যাপিড দাবা'য় মেয়েদের অনূর্ধ্ব-১৮ বিভাগে কে চ্যাম্পিয়ন হলেন — বাংলার অর্পিতা মুখোপাধ্যায়।

## সাধারণ বিজ্ঞান

৫০। নাইক্রোম তার কী দিয়ে তৈরি — লোহা, নিকেল ও ক্রোমিয়াম।

৫১। কোন ব্যাকটিরিয়া দুধ থেকে দই তৈরি করে — ল্যাকটোব্যাসিলাস।

৫২। গ্লবার লবণ কাকে বলে — সোডিয়াম সালফেট।

৫৩। দুটি জ্বালানি ফসিল কী কী — পেট্রোলিয়াম ও কয়লা।

৫৪। ক্ষার ধাতুর প্রকৃতি কী ধরণের — জারক দ্রব্য।

৫৫। ধাতু খোদাইয়ের কাজে কোন অ্যাসিড ব্যবহৃত হয় — নাইট্রিক অ্যাসিড।

৫৬। অজৈব সার কী — ইউরিয়া।

৫৭। কোনো দ্রবণে চিনির পরিমাণ পরিমাপক যন্ত্রের নাম কী — স্যাকারিমিটার।

৫৮। একটি জৈব দ্রাবকের নাম কী — বেঞ্জিন।

৫৯। খাবার সোডা কী — সোডিয়াম বাই কার্বনেট।

৬০। প্রকৃতিতে মুক্ত অবস্থায় যে সালফার পাওয়া যায়, তাকে কী বলে — ব্রিমস্টোন।

৬১। অ্যাসিটিক অ্যাসিডের লঘু জলীয় দ্রবণকে কী বলে — ভিনিগার।

৬২। কোন অ্যাসিডকে কাঁচের পাত্রে রাখা যায় না — হাইড্রোফ্লুওরিক অ্যাসিড।

৬৩। রান্নাঘরে যে ঝুল জমে, তা কার্বনের কোন রূপভেদ — ভুসাকালি।

৬৪। অ্যামোনিয়া থেকে উৎপন্ন একটি সারের নাম কী — অ্যামোনিয়াম সালফেট।

৬৫। চেতনানাশক জৈব যৌগের নাম কী — ক্লোরোফর্ম।

৬৬। প্রত্যেক মৌলিক পদার্থের পরমাণুর সাধারণ উপাদান কী — ইলেক্ট্রন।

৬৭। অনুবীক্ষণ যন্ত্রে কোন লেন্স ব্যবহৃত হয় — উত্তল লেন্স।

৬৮। 'ডিনামাইট' কে আবিষ্কার করেন



— আলফ্রেড নোবেল।

## ইতিহাস

৬৯। সিন্ধু উপত্যকার সব বাড়ি কী দিয়ে তৈরি ছিল — পোড়া মাটির ইট।

৭০। বেদাঙ্গ কয় ভাগে বিভক্ত — ৬ ভাগে।

৭১। গৌতম বুদ্ধ কোথায় দেহত্যাগ করেন — কুশীনগরে।

৭২। আর্যরা কোন দেবতার পুজো করত — প্রাকৃতিক শক্তি।

৭৩। মহাবীরের মাতার নাম কী ছিল — ত্রিশলা।

৭৪। জৈন সাহিত্য কোন ভাষায় লেখা — অর্ধমাগধী বা, প্রাকৃত।

৭৫। বৈদিক যুগের স্বর্ণমুদ্রার নাম কী — নিষ্ক।

৭৬। 'দৈবপুত্র শাহানুশাহী' কাদের উপাধি ছিল — কুষাণ রাজাদের।

৭৭। সমুদ্রগুপ্তের মায়ের নাম কী ছিল — কুমারদেবী।

৭৮। ময়ূর চিহ্নযুক্ত রুপোর মুদ্রা কে প্রচলন করেন — দ্বিতীয় চন্দ্রগুপ্ত।

৭৯। 'গৌড়বাহ' কাব্য কার রচনা — বাকপতি।

৮০। শিশুনাগ কাকে হত্যা করে মগধের সিংহাসনে বসেন — নাগদশক।

৮১। অজাতশত্রু কোন উপাধি ধারণ করেন — কুনিক।

৮২। সেন বংশের শ্রেষ্ঠ রাজা কে — বিজয় সেন।

৮৩। গুপ্তযুগে 'পরমার্থসপ্ততি' বইটি কে লেখেন — বসুবন্ধু।

৮৪। শীলভদ্র কোন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ছিলেন — নালন্দা।

৮৫। 'রামাবতী' নামে নতুন রাজধানী কে স্থাপন করেন — রামপাল।

৮৬। সুলতান মামুদ কতবার ভারত



আক্রমণ করেছিলেন — ১৭ বার।

৮৭। শৈলেন্দ্র রাজবংশের কুলগুরু কে ছিলেন — কুমার ঘোষ।

## ভূগোল

৮৮। অন্ধ্র প্রদেশের 'ঘামাম' কীজন্য বিখ্যাত — আকরিক লোহার জন্য।

৮৯। কালিম্পং ও গরুবাথান অঞ্চলের রক্তাভ অনুর্বর মাটি কী নামে পরিচিত — রাতো মৃত্তিকা।

৯০। 'মন্দাকিনী নদী'র উৎসস্থল কোথায় — কেদারনাথের কাছে ঘোড়াবাড়ি হিমবাহ।

৯১। 'সালার জং' মিউজিয়াম ভারতের কোন রাজ্যে আছে — অন্ধ্র প্রদেশ।

৯২। কোন মাটিতে সবথেকে বেশি নারকেল উৎপন্ন হয় — উপকূলীয় মৃত্তিকায়।

৯৩। ভারতের প্রাচীনতম পর্বতের নাম কী — আরাবল্লী।

৯৪। কোন মেঘ থেকে শিলাবৃষ্টি হয় — কিউমুলোনিম্বাস।


৯৫। পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জের ঘূর্ণবাতের নাম কী — লু।

৯৬। ভারতের প্রথম সুতাকলটি কোথায় গড়ে উঠেছিল — ঘুসুড়ি।

৯৭। কোন পদ্ধতিতে সৌরতাপ পৃথিবীতে পৌঁছায় — বিকিরণ।

৯৮। কফি চাষের জন্য কীরকম মাটি দরকার — লাল দোঁয়াশ মাটি।

৯৯। 'খাইবার পাস' গিরিপথটি কোন



দেশে আছে — পাক-ই-স্তান।

১০০। 'তুঙ্গভদ্রা' কোন নদীর উপনদী — কৃষ্ণা।

১০১। রাজস্থান মরুভূমির ওপর দিয়ে প্রবাহিত উল্লেখযোগ্য নদীটির নাম কী — লুনি।

১০২। নীলনদের উৎপত্তিস্থল কোথায় — ভিক্টোরিয়া হ্রদ।

১০৩। মালয়েশিয়ার প্রধান খনিজ দ্রব্য কী — টিন বা, রং।

১০৪। 'আকাবা' কী — উপসাগর।

১০৫। সাহারা মরুভূমির পূর্ব পার্শ্বস্থ নদীটির নাম কী — নীল।

সঙ্কলক : পলি দেওয়ান

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

অ্যান্ড টেলিকমিউনিকেশন, মেকানিক্যাল, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং। ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। স্টাইপেন্ড মাসে ৪,৯৮৪ টাকা। শূন্যপদ : অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং ১০, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং ৫, সিভিল ১, ইলেক্ট্রিক্যাল ১৪, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনকেশন ১৮, মেকানিক্যাল ৫৩, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং ২টি।

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস নেওয়া হবে এইসব ট্রেডে: সিভিল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, মেকানিক্যাল, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং। ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। স্টাইপেন্ড মাসে ৩,৫৪২ টাকা। শূন্যপদ : সিভিল ২, ইলেক্ট্রিক্যাল ২৫, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনকেশন ১৯, মেকানিক্যাল ৮৬, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং ৫টি।

প্রার্থী বাছাইয়ের জন্য সরাসরি ইন্টারভিউ হবে ২৩ থেকে ২৪ এপ্রিল, বেলা ৯টায়। এই ঠিকানায় : Karmaveer Kakashaheb Wagh Institute of Engineering Education & Research Hirabai Haridas Vidyanagari, Amrutdham, Nashik, Maharashtra - 422003. দরখাস্ত কোথাও পাঠাতে হবে না। সরাসরি ইন্টারভিউয়ে হাজির হবেন। এজন্য প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করতে হবে এই ওয়েবসাইটে : www.mhrdnats.gov.in নাম নথিভুক্ত করার পর রেজিস্ট্রেশন কপি প্রিন্ট করে নেবেন। এবার সঙ্গে নিয়ে যাবেন নিচের এইসব প্রমাণপত্রের মূল আর এক সেট জেরক্স কপি : (১) রেজিস্ট্রেশন কপি, (২) মাধ্যমিক পাশের মার্কশীট, জন্ম-সার্টিফিকেট, আধার কার্ড, কাস্ট সার্টিফিকেট, (৩) ২ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো।

## আই.টি.আই অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

পেইন্টার (জেনারেল), পি.এ.এস.এ.এ., শীট মেটাল ওয়ার্কার, মেশিনিস্ট (গ্রাইন্ডার), রাবার টেকিনিশিয়ান।

আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা আবেদন করতে পারেন। কোন ট্রেডে ক'টি শূন্যপদ : ফিটার ২৮৮টি, টার্নার ৩৫টি, কার্পেন্টার ৬টি, মেশিনিস্ট ৩৫টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ১৫টি, ইলেক্ট্রিশিয়ান ৭৩টি, মেকানিক (মোটর ভেহিক্যাল) ৮টি, ড্রাফটসম্যান (মেকানিক্যাল) ১০টি, ইলেক্ট্রনিক্স মেকানিক ৪টি, পেইন্টার (জেনারেল) ১২টি, পি.এ.এস.এ.এ. ৭৫টি, শীট মেটাল ওয়ার্কার ৬টি, মেশিনিস্ট (গ্রাইন্ডার) ৬টি, রাবার টেকনিশিয়ান ৪টি।

প্রার্থী বাছাইয়ের জন্য সরাসরি ইন্টারভিউ হবে ২৫ থেকে ২৮ এপ্রিল, বেলা ৯টায়। এই ঠিকানায় : Karmaveer Kakashaheb Wagh Institute of Engineering Education & Research Hirabai Haridas Vidyanagari, Amrutdham, Nashik, Maharashtra - 422003. দরখাস্ত কোথাও পাঠাতে হবে না। সরাসরি ইন্টারভিউয়ে হাজির হবেন। এজন্য প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করতে হবে এই ওয়েবসাইটে : www.mhrdnats.gov.in নাম নথিভুক্ত করার পর রেজিস্ট্রেশন কপি প্রিন্ট করে নেবেন। এবার সঙ্গে নিয়ে যাবেন নিচের এইসব প্রমাণপত্রের মূল আর এক সেট জেরক্স কপি : (১) রেজিস্ট্রেশন কপি, (২) মাধ্যমিক পাশের মার্কশীট, জন্ম-সার্টিফিকেট, আধার কার্ড, কাস্ট সার্টিফিকেট, (৩) ২ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো।

## জিওলজিক্যাল সার্ভেতে

১ পাতার পর

চাকরি হবে কলকাতা -সহ সারা ভারতের যে কোনো জিওলজিক্যাল সার্ভের ইউনিটে।

প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশন। এজন্য টেস্ট বা, ইন্টারভিউ হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : www.upsconline.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। তখন পরীক্ষা ফী বাবদ ২৫ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী, মহিলাদের ফী লাগবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল, SI ও RPF ইত্যাদি পরীক্ষার প্রস্তুতির দীর্ঘদিনের বিশ্বস্ত প্রতিষ্ঠান মসলন্দপুর বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টার

নিজস্ব প্রতিনিধি : এই পর্যন্ত যতবার রাজ্য পুলিশে কনস্টেবল, SI ইত্যাদি নিয়োগ হয়েছে তার বেশিরভাগ ছাত্রছাত্রীর জীবনে প্রতিষ্ঠিত হওয়ার ঠিকানা হয়ত এটাই। প্রচুর ছাত্রছাত্রীদের চাহিদার কথা মাথায় রেখে শুধুমাত্র হেড অফিসেই ২০টি ব্যাচের আয়োজন করা হয়েছে। প্রতিদিন সকাল ৮টা থেকে ৬টা পর্যন্ত ২ ঘন্টার শিফটে বিভিন্ন ট্রেডে যেমন — পুলিশ, এসএসসি আর্মিবাহিনী, সেনাবাহিনী, পোস্ট অফিস, রেল, ডব্লু.বি.সি.এস ইত্যাদিতে ২৪টি করে ব্যাচ করানো হয়। হেড অফিসের ভিড় এড়াতে ও নদিয়া জেলার ছাত্রছাত্রীদের সুবিধার জন্য ইতিমধ্যেই দিগনগর ও করিমপুরে ক্লাস শুরু হয়ে গেছে। বাঁকুড়া ও পুরুলিয়ার ছাত্রছাত্রীদের বিশেষ অনুরোধে কাঠজুড়িডাঙ্গা, বাঁকুড়াতে শীঘ্রই নতুন ব্যাচ শুরু হবে। প্রতিটি সেন্টারেই ক্লাস করাবেন হেড অফিসের সমস্ত ফ্যাকাল্টিরা ও কর্ণধার নিজে। পশ্চিমবঙ্গ পুলিশের পরীক্ষায় নতুন পদ্ধতিতে প্রিলি ও মেইন পরীক্ষা চালু হওয়ায় বিভিন্ন জেলায় জেলায় শাখা করার এই উদ্যোগ নিয়েছেন এই প্রতিষ্ঠানের কর্ণধার।

বিঃদ্রঃ- সমস্ত ছাত্রছাত্রীদের সুবিধার জন্য অনলাইন মকটেস্ট দেওয়ার সুবিধা আছে। পূর্ব মেদিনীপুরের প্রচুর ছাত্রছাত্রীদের অনুরোধে পশ্চিমবঙ্গ পুলিশ, রেলওয়ে গ্রুপ ডি, আর্মিবাহিনীর ক্লাস শীঘ্রই শুরু হবে পূর্ব মেদিনীপুরের এগরার পানিপারুলে। ফোন : 8145656060. হেড অফিস : মছলন্দপুর, উত্তর ২৪ পরগনা। বিস্তারিত জানতে ফোন করুন — 7432955888, 9547004388, 9733894444.

আজই চাই আজই চাই আজই চাই
JEXPO পলিটেকনিক
Jawahar Navodaya Vidyalaya
টার্গেট RAILWAY GROUP-D RRB Group-C LEVEL-1
টার্গেট POLICE CONSTABLE
পারুল প্রকাশনী 9874486773
অন্যান্য প্রাপ্তিস্থান :▫ Saraswati Book Store Stall No. 7 & 8, Opp. C. U., Kolkata-73
▫ Joyasree Competitive Book Centre 1 Bankim Chatterjee St., Kolkata-73

Diploma, B.Tech & ITI
পাশদের গভঃ চাকরির প্রশিক্ষণ
RAIL (SSE, JE, ALP, TECH), SAIL, ONGC, IOCL, DCL, PDCL, PSC-JE etc.
• 7 থেকে 11 মাসের স্পেশাল প্রশিক্ষণে সাফল্য 100%
Loco Pilot & Rail এর Gr. D সাজেস্টিভ ক্লাস
• Technical & Non Technical স্পেশাল ব্যাচ
• নতুন ব্যাচে ভর্তি চলছে। মাসিক মাইনে।
TECH MAX
বেলঘরিয়া-কলকাতা(H.O), বারাসাত, গড়িয়া, রিষড়া, কাটোয়া, হাওড়া, কল্যাণী (R.O), বর্ধমান, খড়গপুর।
M :8584016879

জর্জ টেলিগ্রাফ
সেন্টার অফ প্যারামেডিক্যাল সায়েন্স
মেডিক্যাল ল্যাবরেটরী টেকনিশিয়ান
অপারেশন থিয়েটার টেকনিশিয়ান
রেডিওলজি এন্ড ইমেজিং টেকনোলজি
আর্টস, কমার্স, সায়েন্স শাখার ছাত্র ছাত্রীদের জন্য
শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক
100%
Admission Notice 2018 April Session
সোনারপুর, কলকাতা
9073727474



Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



কেরিয়ার

উচ্চমাধ্যমিক থেকে গ্র্যাজুয়েট যোগ্যতার ছেলেমেয়েদের

# মনোবিজ্ঞানের বিভিন্ন শাখায় পেশাদারি কাজের সুযোগ বাড়ছে

**সময়ের সঙ্গে তাল মিলিয়ে মনোবিজ্ঞান নিয়ে পড়ার আগ্রহ ছাত্রছাত্রীদের মধ্যে দিন-দিন বাড়ছে। কারণ এই ক্ষেত্রে এখন নতুন-নতুন পেশাদারি কাজের সুযোগ বাড়ছে। কারা, কীভাবে এই কোর্স পড়ে কোথায় চাকরির সুযোগ পেতে পারেন, তা নিয়ে মনোবিজ্ঞানীদের সঙ্গে আলোচনার ভিত্তিতে এই প্রতিবেদন।**

সচেতনতা আসায় মানুষ এখন বুঝেছে, ভালো থাকার জন্য শরীরের পাশাপাশি মনেরও যত্ন নেওয়া দরকার। মন আমাদের সবকিছু নিয়ন্ত্রণ করে। বহুজাতিক সংস্থার ব্যস্ত বিজনেস এক্সিকিউটিভ থেকে আইনজ্ঞ, স্কুল পড়ুয়া, যুবক-যুবতী থেকে প্রৌঢ় বৃদ্ধ-বৃদ্ধারা নানান মানসিক সমস্যা নিয়ে হাজির হচ্ছেন মনস্তত্ত্ববিদদের কাছে। বড়-বড় খেলোয়াড়রা খেলার মাঠের চাপ সামলাতে সাহায্য নিচ্ছেন মনোবিদদের। শুধু তাই নয়, সুনামি বা, ভূমিকম্প বিধ্বস্ত মানুষদের 'আফটার শক'এর 'ট্রমা' কাটিয়ে ওঠার ক্ষেত্রেও তাঁদের পাশে দাঁড়াতে হচ্ছে মনোবিদদের। ফলে, এখন শিক্ষা থেকে শুরু করে শিল্পের নানান মানসিক সমস্যা মোকাবিলায় মনস্তত্ত্ববিদদের চাহিদা ও গুরুত্ব দিন-দিন বাড়ছে।

গত ১০ থেকে ১৫ বছর আগেও ছাত্রছাত্রীদের মধ্যে মনেবিজ্ঞান নিয়ে পড়ায় বিশেষ আগ্রহ দেখা যেত না । কারণ, এই বিষয় নিয়ে পড়ে ভবিষ্যৎ কেমন হতে পারে, সে বিষয়ে অনেকের মধ্যে কোনো সুস্পষ্ট ধারণা ছিল না। কিন্তু যুগের সঙ্গে তাল মিলিয়ে কেরিয়ারের বিভিন্ন ক্ষেত্রে নানান সুযোগ তৈরি হওয়ায় ছাত্রছাত্রীদের মধ্যে সাইকোলজি বা, মনোবিজ্ঞান নিয়ে পড়ার আগ্রহ ব্যাপক হারে বাড়ছে।

মানুষের মনের গতিবিধির প্রবণতা জানা ও বিশ্লেষণ করাই হল মনোবিজ্ঞানের বিষয়। এজন্য 'সাইকোলজি'কে এখন 'মানুষের আচরণ সম্পর্কিত বিজ্ঞান' বলা হয়। বিজ্ঞানভিত্তিক পদ্ধতিতে মানসিক সমস্যা চিহ্নিত করে, তার সমাধানের পথ' দেখান মনোবিজ্ঞানীরা।

মনে রাখা দরকার, মনোচিকিৎসক ও মনোবিজ্ঞানী কিন্তু এক নন। মনোচিকিৎসকের কাজ হল, রোগীর মানসিক সমস্যা অনুযায়ী তাঁর চিকিৎসা করা ও ওষুধ দেওয়া। অন্যদিকে, মনোবিজ্ঞানীরা মনের অতল গহ্বরে ডুব দিয়ে সমস্যা খুঁজে তার সমাধানের চেষ্টা করেন। মনোবিশ্লেষণের জন্য এখন বিভিন্ন ধরণের পরীক্ষানিরীক্ষা করা হয়। এই পেশায় আসতে চাইলে অবশ্যই মনোবিজ্ঞান বিষয় নিয়ে পড়াশোনা করতে হবে। আর্টস, সায়েন্স বা, কমার্স যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ডিগ্রি কোর্সে সাইকোলজি বিষয় নিয়ে পড়তে পারেন। সাইকোলজি, সোশ্যাল সায়েন্সের এক গুরুত্বপূর্ণ বিষয় হওয়ায় 'মার্জিনাল সাবজেক্ট' হিসাবে বি.এ ও বি.এসসি. ২টি গ্রুপেই পড়া যায়। এক্ষেত্রে দেখা হয়, প্রার্থী পাস কোর্সে কোন-কোন বিষয় রাখছেন। পাস কোর্সের বিষয় যদি কলা বিভাগের হয়, তাহলে পাশ করার পর বি.এ. ডিগ্রি দেওয়া হয়। অন্যদিকে, পাস কোর্সের বিষয় যদি বিজ্ঞান বিভাগের হয়, তাহলে পাশ করার পর বি.এসসি. ডিগ্রি দেওয়া হয়। অনার্সের পাশাপাশি বিভিন্ন কলেজে জেনারেল কোর্সেও সাইকোলজি বিষয় নিয়ে বি.এ. ও বি.এসসি. পড়া যায়।

অনার্স নিয়ে ডিগ্রি কোর্স পাশ করার পর পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে ভরতি হওয়া যায়। পোস্ট-গ্র্যাজুয়েশনে ২টি বিষয় পড়ানো হয়। 'পিওর সাইকোলজি' ও 'অ্যাপ্লায়েড সাইকোলজি'। পোস্ট-গ্র্যাজুয়েশনে ভরতির জন্য অনার্স স্তরে ন্যূনতম ৫০% নম্বর থাকতে হয়। প্রার্থী বাছাই করা হয় নম্বরের ভিত্তিতে। মাস্টার ডিগ্রির ২য় বছরের তৃতীয় সেমেস্টারে পিওর সাইকোলজিতে স্পেশাল পেপার হিসাবে নেওয়া যায় এইসব বিষয় : ক্লিনিক্যাল সাইকোলজি, ভোকেশনাল সাইকোলজি, সোশ্যাল সাইকোলজি, এক্সপেরিমেন্টাল সাইকোলজি। অ্যাপ্লায়েড সাইকোলজিতে স্পেশালাইজেশন করা যায় এইসব বিষয়ে : ক্লিনিক্যাল অ্যান্ড ফরেন্সিক সাইকোলজি, ইন্ডাস্ট্রিয়াল সাইকোলজি, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট, স্ট্রেস ম্যানেজমেন্ট।

**উচ্চশিক্ষার সুযোগ :** পোস্ট-গ্র্যাজুয়েশনে মোট অন্তত ৫০% নম্বর থাকলে এম.ফিল করা যায়। এজন্য প্রার্থীকে প্রবেশিকা পরীক্ষা ও ইন্টারভিউ দিতে হয়। এছাড়াও পোস্ট-গ্র্যাজুয়েশনে মোট অন্তত ৫৫% (তপশিলীদের ক্ষেত্রে ৫০%) নম্বর থাকলে 'নেট' পরীক্ষার মাধ্যমে পিএইচ.ডি করার সুযোগ আছে। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের নিজস্ব পরীক্ষা 'RET'র মাধ্যমে পিএইচ.ডি করার সুযোগ আছে। পিএইচ.ডি কোর্স সর্বাধিক ৫ বছরের। রিসার্চ করার জন্য সরকারি ও বেসরকারি ক্ষেত্রে ফেলোশিপ দেওয়া হয়। দেশের বাইরে কানাডা ও মার্কিন যুক্তরাষ্ট্রে মনোবিজ্ঞান নিয়ে উচ্চশিক্ষা ও গবেষণার ভালো সুযোগ আছে।


**কোথায় কেমন কাজের সুযোগ :** যেখানেই 'মন', সেখানেই মনস্তত্ত্ববিদদের ভূমিকা এতটাই প্রবল, যে সাধারণ অনার্স গ্র্যাজুয়েট হয়েও চাকরি পাওয়া যায়। সাইকোলজি বিষয় নিয়ে পড়ে গবেষণাধর্মী কাজ করা যায়, পেশাদারি কাজ করা যায়, আবার স্বাধীনভাবে প্র্যাক্টিসও করা যায়। কে, কোন ক্ষেত্রটি বেছে নেবেন, তা প্রার্থীর নিজস্ব দক্ষতা ও যোগ্যতার ওপর নির্ভর করে। এই বিষয় নিয়ে পড়ার পর কাজের মূল ক্ষেত্র হল : (১) ডব্লু.বি.সি.এস ও আই.এ.এস পরীক্ষায় ঐচ্ছিক বিষয় হিসাবে সাইকোলজি রাখলে সাফল্যের সম্ভাবনা বেশি। কারণ, এই বিষয়টি যথেষ্ট স্কোরিং বিষয়। (২) অনার্স বা, পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ করার পর স্কুল সার্ভিস কমিশনের 'SLST' পরীক্ষা দেওয়া যায়। সি.বি.এস.সি বা, আই.সি.এস.ই বোর্ডের স্কুলের ক্ষেত্রে সাইকোলজির শিক্ষক নেওয়াটা এখন বাধ্যতামূলক। (৩ 'নেট' বা, 'সেট' পরীক্ষায় সফল হয়ে কলেজ বা, বিশ্ববিদ্যালয়ে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর বা, রিসার্চ ফেলো হিসাবে কাজের সুযোগ আছে। (৪) বিভিন্ন হাসপাতালে সাইকোলজিস্ট বা, কাউন্সেলর পদে লোক নেওয়া হয়। বিভিন্ন সরকারি হাসপাতালে এখন 'বয়ঃসন্ধি ক্লিনিক' খোলা হয়েছে। যেখানে বয়ঃসন্ধিকালীন সমস্যা সমাধানের জন্য একজন করে সাইকোলজিস্ট নেওয়া হচ্ছে। (৫) সরকারি ক্ষেত্রে চাকরির সুযোগ আছে ডি.আর.ডি.ও, সেনাবাহিনী, শ্রম মন্ত্রক, সংশোধনাগার, নারী ও সমাজকল্যাণ মন্ত্রকে। (৬) শিল্প ক্ষেত্রে বিভিন্ন কর্পোরেট সংস্থায় লোক নিয়োগ, প্রশিক্ষণ ও তাঁদের উন্নতির জন্য মানবসম্পদ উন্নয়ন দপ্তরে সাইকোলজিস্ট পদে লোক নেওয়া হয়। (৭) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান বা, ম্যানেজমেন্ট প্রতিষ্ঠানে বিহেভিয়েরাল সায়েন্সে ফ্যাকাল্টি পদে সাইকোলজির পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ ছেলেমেয়ে নেওয়া হয়। (৮) স্বেচ্ছাসেবী সংস্থা, গবেষণা সংস্থায় কাজের সুযোগ আছে। (৯) অপরাধ অনুসন্ধান বিভাগে অপরাধের উৎস সন্ধান ও বিশ্লেষণের জন্য সাইকোলজিস্ট নেওয়া হয়। (১০) আজকাল ট্রমা নিয়ন্ত্রণে বিভিন্ন ট্রমা নিয়ন্ত্রণ কেন্দ্রে সাইকোলজিস্ট নেওয়া হয়। (১১) জেলা পরিষদের বিভিন্ন স্বাস্থ্য প্রকল্পে ফ্যাসিলিটেটর বা, কাউন্সেলর পদে সাইকোলজির ছেলেমেয়েদের নেওয়া হয়। (১২) গ্র্যাজুয়েশন বা, পোস্ট-গ্র্যাজুয়েশন কোর্স পাশ করার পর সাইকোলজিস্ট হিসাবে স্বাধীনভাবে কাজ করতে পারেন। এজন্য 'রিহ্যাবিলিটেশন কাউন্সিল অফ ইন্ডিয়া (RCI) থেকে রেজিস্ট্রেশন নিলে কাজের ক্ষেত্রে সুবিধা হয়।

**কেরিয়ারের গুরুত্বপূর্ণ ক্ষেত্র :** মনস্তত্ত্ববিদ হিসাবে পেশাদারি কাজের গুরুত্বপূর্ণ ১০টি ক্ষেত্র দেওয়া হল :

**(১) ক্লিনিক্যাল সাইকোলজিস্ট :** ক্লিনিক্যাল সাইকোলজিস্টরা মূলত মানসিক রোগ সংক্রান্ত বিষয় নিয়ে কাজ করেন।

**(২) কাউন্সেলিং সাইকোলজিস্ট :** আলাপ-আলোচনা ও পরামর্শের মাধ্যমে মানসিক সমস্যা সমাধানের চেষ্টা করেন কাউন্সেলিং সাইকোলজিস্টরা।

**(৩) সোশ্যাল সাইকোলজিস্ট :** এঁরা কাজ করেন মূলত বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থা ও সামাজিক প্রতিষ্ঠানে। ভিন্ন-ভিন্ন সমাজের পরিবেশ যাচাই করে ব্যক্তির ব্যবহারিক বৈসাদৃশ্যতা খুঁজে তার সমাধান করেন সোশ্যাল সাইকোলজিস্টরা।



**(৪) নিউরো সাইকোলজিস্ট :** মস্তিষ্কের কার্যকারিতার সঙ্গে মানুষের ব্যবহারিক জীবনের যে নিবিড় সম্পর্ক আছে, তা বিশ্লেষণ করা নিউরো সাইকোলজিস্টের কাজ।

**(৫) এডুকেশনাল সাইকোলজিস্ট :** স্কুল-কলেজ বা, অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রী, শিক্ষক ছাড়াও অভিভাবক ও প্রশাসনিক কাজে যুক্ত ব্যক্তিদের মনস্তত্ত্ব বিচার করে তাঁদের আচরণগত ব্যবস্থাপনা স্কুলের বা, শিক্ষা প্রতিষ্ঠানের পক্ষে কতটা কার্যকরী, তার পথনির্দেশ করেন এডুকেশনাল সাইকোলজিস্টরা। এছাড়াও এঁরা কেরিয়ার কাউন্সেলিংয়ের কাজও করেন।

**(৬) ফরেন্সিক সাইকোলজিস্ট :** অপরাধীদের মনস্তত্ত্ব বুঝতে সাহায্য করেন এইসব পেশাদাররা। একজন কেন এই ধরণের অপরাধ করেন, অপরাধ করার পর অপরাধী কী ধরণের প্রমাণ রেখে যেতে পারেন, তার মনে আর কী কী বিষয় ঘোরাফেরা করছে, সবটাই জানা যায় মনস্তত্ত্ব বিশ্লেষণ করে। এজন্য পুলিশ প্রশাসনের পক্ষ থেকে ফরেন্সিক সাইকোলজিস্টদের সাহায্য নেওয়া হয়।

**(৭) ইন্ডাস্ট্রিয়াল সাইকোলজিস্ট :** শিল্প ক্ষেত্রে বিশেষত কর্পোরেট ও বহুজাতিক সংস্থায় নতুন লোক নেওয়ার ক্ষেত্রে কী ধরণের লোক নেওয়া উচিত, কেমন হবে তাঁদের ট্রেনিং, উন্নতির সুযোগ কেমন, এছাড়াও সংস্থার কর্মীদের মানসিক চাপ কমাতে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে ইন্ডাস্ট্রিয়াল সাইকোলজিস্টরা কাজ করেন।

**(৮) স্পোর্টস সাইকোলজিস্ট :** মানসিক কার্যকারিতা কীভাবে খেলার ওপর প্রভাব ফেলে, এটা শুধু খেলোয়াড়দের নয়, কোচ থেকে টিম ম্যানেজার সবাইকেই এই বিষয়ে পরামর্শ দেন স্পোর্টস সাইকোলজিস্টরা। স্পোর্টস সাইকোলজিস্টদের ভালো কাজের সুযোগ আছে কেন্দ্রীয় সরকারের 'স্পোর্টস অথরিটি অফ ইন্ডিয়া'য় ও বিভিন্ন ক্রীড়া সংস্থায়। আজকাল বড় বড় খেলোয়াড়রাও একজন করে স্পোর্টস সাইকোলজিস্ট রাখেন।

**(৯) হেল্‌থ সাইকোলজিস্ট :** এই বিষয়ের মনস্তত্ত্ববিদরা মূলত বায়োলজিক্যাল, সাইকোলজিকাল ও বিভিন্ন সামাজিক সব বিষয়, ব্যক্তির রোগ ও স্বাস্থ্যের ওপর কীভাবে প্রভাব ফেলে, তার বিচার করেন। এছাড়াও বয়ঃসন্ধিকালীন সমস্যা, নেশামুক্তি ও মানসিক স্বাস্থ্য সংক্রান্ত বিষয় নিয়ে কাজ করেন হেল্‌থ সাইকোলজিস্টরা।

**(১০) রিসার্চ সাইকোলজিস্ট :** এই ক্ষেত্রে মনস্তত্ত্ববিদদের কাজ মূলত গবেষণাধর্মী। এঁরা মানুষের মানসিক ব্যবহার, শারীরবৃত্তীয় ও সামাজিক আচরণ পর্যবেক্ষণ, পরীক্ষানিরীক্ষা, ইন্টারভিউ ও সমীক্ষা করে গবেষণা করেন।

এসব গেল বাছাই করা পদ ও পেশাদারি কাজের খোঁজ। কিন্তু বাস্তবে কোনো মনস্তাত্ত্বিক বলতে পারবেন না শুধুমাত্র এটাই তাঁর কাজের সুযোগ। কারণ, প্রযুক্তি বিজ্ঞান যত উন্নত হচ্ছে, ততই বাড়ছে নিত্যনতুন শারীরিক ও মানসিক সমস্যা। আর সেইসব সমস্যা সমাধানের জন্য মনস্তত্ত্ববিদদের ডাক পড়ছে।

## কোথায় কী কোর্স পড়ানো হয়

**ডিগ্রি কোর্স :** কলকাতা ও পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে এইসব কলেজে সাইকোলজিতে অনার্স ও জেনারেল বিষয় পড়ানো হয় : আশুতোষ কলেজ, ব্যারাকপুর রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ কলেজ, বেথুন কলেজ, গোখেল মেমোরিয়াল গার্লস কলেজ, যোগমায়া দেবী কলেজ, লরেটো কলেজ, মুরলীধর গার্লস কলেজ, সুরেন্দ্রনাথ কলেজ, ভিক্টোরিয়া ইনস্টিটিউশন, জয়পুরিয়া কলেজ, বিজয়কৃষ্ণ গার্লস কলেজ, বিদ্যাসাগর কলেজ ফর উইমেন, সাউথ ক্যালকাটা কলেজ। সেন্ট জেভিয়ার্স কলেজে সাইকোলজি পাস কোর্সের বিষয় হিসাবে নিয়ে ইন্টিগ্রেটেড কোর্স পড়ানো হয়।

**পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স :** পোস্ট-গ্র্যাজুয়েশন স্তরে সাইকোলজি বিষয়ের ওপর এম.এ বা, এম.এসসি ডিগ্রি দেওয়া হয়। ডিগ্রি নির্ভর করে অনার্স স্তরে বি.এ না বি.এসসি কোর্স পড়েছেন, তার ওপর। পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পড়ানো হয় কলকাতা বিশ্ববিদ্যালয়, পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয় ও কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ে। আর বেসরকারি উদ্যোগে পড়ানো হয় নেওটিয়া বিশ্ববিদ্যালয়ে।

**এম.ফিল :** সাইকোলজিতে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে এম.এ বা, এম.এসসি ডিগ্রি থাকলে এম.ফিল করা যায়। এম.ফিল করানো হয় কলকাতা বিশ্ববিদ্যালয়ে। ২ বছরের পূর্ণ সময়ের কোর্স। সীট : ১ টি।

রাজ্যের বাইরে এম.ফিল করার সুযোগ আছে এইসব প্রতিষ্ঠানে : ন্যাশনাল ইনস্টিটিউট অফ মেন্টাল হেল্‌থ অ্যান্ড নিউরো সায়েন্সেস (বেঙ্গালুরু), ইনস্টিটিউট অফ হিউম্যান বিহেভিয়র অ্যান্ড অ্যালায়েড সায়েন্সেস (নিউ দিল্লি), ইনস্টিটিউট অফ নিউরোসাইকিয়াট্রি অ্যান্ড অ্যালায়েড সায়েন্সেস (রাঁচি), শ্রী রামচন্দ্র মেডিক্যাল কলেজ অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট (চেন্নাই)।

**পেশাদার কাউন্সেলিং কোর্স :** গ্র্যাজুয়েট যোগ্যতায় পেশাদার কাউন্সেলিং কোর্সে ভরতি হতে পারেন। পড়ানো হয় কলকাতা বিশ্ববিদ্যালয়, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়, নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় ও ইন্দিরা গান্ধী জাতীয় মুক্ত বিশ্ববিদ্যালয়ে।

সারা ভারতের সব ধরণের বাংলা পত্রিকার মধ্যে আজও

১ নম্বর

কর্মসংস্থান

কলকাতা, শিলিগুড়ি বা, বর্ধমানের মতো শহরভিত্তিক বাংলা পত্রিকার প্রচার সংখ্যার ক্রমানুসারের কোনো তালিকা IRS বা কোনো সংস্থাই করে না। পরিসংখ্যান থেকে মন গড়া শীর্ষস্থান প্রচারের লোক ঠকানো চমক থেকে সাবধান হন।

শুধুমাত্র কাজের খবরের পত্রিকার মধ্যেই নয়, সব ধরণের সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক বাংলা পত্রিকার মধ্যে 'কর্মসংস্থান' এখন শীর্ষে। আর সারা ভারতের সব ভাষা মিলিয়ে সেরা ১০টি পত্রিকার মধ্যে একমাত্র বাংলা পত্রিকা হিসাবে রয়েছে কর্মসংস্থান

* As per Indian Readership Survey, 2017

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সাপ্তাহিক ঘটনাপ্রবাহ প্রতিচ্ছবি

গত সপ্তাহের পর

৭ এপ্রিল : ২০১২ সালে বিবাহবিচ্ছেদ হয়েছে অভিনেতা রাসেল ক্রো'র। নিজের ৫৪ বছরের জন্মদিন আর ১৫তম বিবাহবার্ষিকীতে 'আর্ট অফ ডিভোর্স' নাম দিয়ে নিলাম ডেকেছিলেন তিনি। সিডনির এই অনুষ্ঠানে ১ লাখ ২৫ হাজার ডলারে বিক্রি হল 'গ্লাডিয়েটর' চলচ্চিত্রে তাঁর পরা বর্মটি।

□ ই এম বাইপাসে চিংড়িঘাটা ও ক্যাপ্টেন ভেড়ির কাছে ২টি ফুটব্রিজ তৈরি করতে চলেছে 'কলকাতা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটি' (KMDA)।

□ ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদীর সঙ্গে নেপালের প্রধানমন্ত্রী খড়্গ প্রসাদ শর্মা ওলির দু'দফার বৈঠকের শেষে ভারতের বিদেশ সচিব বিজয় গোখলে জানালেন, ভবিষ্যতে নেপাল সীমান্তের রক্সাউল থেকে কাঠমাণ্ডু পর্যন্ত ট্রেন চলবে।



অভিনয়ের পাশাপাশি প্রযোজনার ক্ষেত্রেও অসামান্য অবদানের জন্য 'দাদাসাহেব ফালকে এক্সেলেন্স পুরস্কার' পেতে চলেছেন বলিউড অভিনেত্রী অনুষ্কা শর্মা।

□ বাবা-মায়ের বিচ্ছেদ হয়ে থাকলে আবিবাহিতা সাবালক মেয়ে খোরপোষের টাকা পাওয়ার অধিকারী বলে রায় দিল 'বম্বে হাই কোর্ট'। প্রসঙ্গত উল্লেখ্য, মুম্বইয়ের এক বিবাহবিচ্ছিন্না মহিলার ৩ ছেলেমেয়ে রয়েছে। মেয়ে সাবালক হওয়ার পরে তার জন্য খোরপোষ দেওয়া বন্ধ করেছেন মহিলার প্রাক্তন স্বামী। মেয়ের জন্য খোরপোষ চেয়ে পরিবার আইন সংক্রান্ত আদালতে যান ওই মহিলা। তা খারিজ হওয়ায় বম্বে হাই কোর্টে যান তিনি। সেই মামলাতেই এই রায় দিয়েছে 'বম্বে হাই কোর্ট'।

□ গ্রুপ লিগের ম্যাচ খেলতে যাওয়ার সময় বাস দুর্ঘটনায় কানাডার জুনিয়র হকি দলের ১৪ জন সদস্য মারা গেলেন।



'ডেভিস কাপ'এ ডাবলসে সর্বাধিক ৪৩টি ম্যাচ জয়ের নজির গড়লেন ভারতীয় তারকা লিয়েন্ডার আদ্রিয়ান পেজ। ছাপিয়ে গেলেন ইতালির নিকোলা পিয়েত্রাঞ্জেলির ৪২টি ম্যাচ জয়ের নজির।

□ চিনের সাংহাই শহরের কাছে সাংজিয়াং জেলায় পরিত্যক্ত খনি অঞ্চলে পৃথিবীর আশ্চর্যতম হোটেল তৈরি হতে চলেছে। ভূপৃষ্ঠ থেকে ৮০ মিটার নীচ পর্যন্ত বিস্তৃত এই হোটেলটি। কিছুটা থাকবে জলের নীচেও। এটির নাম 'ডিপ পিট'।

## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।



'কমনওয়েলথ গেমস'এ পুরুষদের ৭৭ কেজি ভারোত্তোলনে সোনার পদক পেলেন ভারতের সতীশ শিবলিঙ্গম।

□ 'কমনওয়েলথ গেমস'এ পুরুষদের ৮৫ কেজি ভারোত্তোলন বিভাগে সোনার পদক পেলেন ভারতের ভেঙ্কট রাহুল রাগালা।

□ অগসবার্গকে ৪-১ গোলে হারিয়ে 'বুন্দেশলিগা' চ্যাম্পিয়ন হল বায়ার্ন মিউনিখ।

**৮ এপ্রিল :** চিনা সম্রাট কানজিয়ের আমলে তৈরি ২টি বাটি নিলামে উঠল। দাম উঠল প্রায় ৩০.৪ মিলিয়ন মার্কিন ডলার। বাটি দু'টির ব্যাস মাত্র ৬ ইঞ্চি। দু'টি বাটিতেই ফুল ও ড্যাফোডিল আঁকা রয়েছে। ১৮ শতাব্দীর শুরুর দিকে চিনা সম্রাটরা এ ধরণের বাটি ব্যবহার করতেন বলে জানা গেছে।

□ ২০১৮ সালের ৩১ জুলাই, মার্কিন বায়ুসেনার সহায়তায় ফ্লোরিডায় প্রথম 'ন্যাশনাল অ্যারোনেটিক্স অ্যান্ড স্পেস অর্গানাইজেশন'এর (NASA) রোবটিক যান মহাকাশে পাড়ি দেবে। ডেল্টা ৪ হেভি লঞ্চ ভেহিক্যালের পরীক্ষামূলক যানটিতে তৃতীয় পর্যায়ের গবেষণা চলছে এই মুহূর্তে। পার্কার সোলার প্রোব প্রথম যান, যেটি সূর্যে পাড়ি দেবে। উৎক্ষেপণের পর এটির কক্ষ সোজা প্রবেশ করবে সূর্যের করোনায়। প্রথমবার মানুষের তৈরি কোনো যান করোনায় প্রবেশ করলে নতুন নজির গড়বে নাসা। তদন্তকারী ওই প্রোব ও তার সব যন্ত্রাংশ প্রায় সাড়ে ৪ ইঞ্চি কার্বন কম্পোজিট দিয়ে পুরু বর্ম দিয়ে সুরক্ষিত থাকবে। সূর্যের আবহাওয়া জানতে নক্ষত্রটি থেকে প্রায় ৬০ লাখ কিলোমিটার দূরে ঘুরবে এই যানটি। এই অভিযানটির নাম দেওয়া হচ্ছে 'সোলার প্রোব প্লাস মিশন'।

□ চুম্বক থেরাপিতে বুদ্ধিমত্তা বাড়ে বলে দাবি করলেন একদল গবেষক। এই পদ্ধতি প্রয়োগ করে মেধার বিকাশ ঘটানো যেতে পারে। স্নায়ুবিজ্ঞানীরা জানিয়েছেন, মগজের উপরিভাগকে চুম্বকক্ষেত্রের প্রভাব বলয়ে নিয়ে এলে মস্তিষ্কের সব কোশ উদ্দীপ্ত হয়। এই পদ্ধতির নাম দেওয়া হয়েছে 'ট্রান্সক্র্যানিয়াল ম্যাগনেটিক সিমুলেশন'।

□ সিঙ্গাপুরের প্রধান বিরোধী দল 'ওয়ার্কার্স পার্টি'র মহাসচিব হলেন ভারতীয় বংশোদ্ভূত প্রীতম সিংহ।

□ বাণিজ্যের পর এবার কলা ও বিজ্ঞান শাখাতেও সিবিসিএস চালু করতে চলেছে 'কলকাতা বিশ্ববিদ্যালয়'। এর ফলে স্নাতক ও স্নাতকোত্তরে সেমেস্টার প্রক্রিয়ায় পরীক্ষা হবে।

□ দেশের বিভিন্ন আই.আই.টি'তে ছাত্রীর সংখ্যা তুলনায় অনেক কম হওয়ায় সব আই.আই.টি মিলে দেশে ৭৭৯টি আসন ছাত্রীদের জন্য সংরক্ষণ করা হল। তবে মেধার সঙ্গে আপোস করা হবে না বলে জানিয়েছে কর্তৃপক্ষ। এছাড়া সাধারণ আসনেও মেয়েরা ভরতি হতে পারবে।

□ ২টি নতুন ভাষা খুঁজে পেলেন 'হায়দরাবাদ বিশ্ববিদ্যালয়'এর অধ্যাপক পঞ্চানন মোহান্তি। এই ভাষা দু'টি হল 'ওয়ালমিকি' ও 'মালহার'। প্রসঙ্গত উল্লেখ্য, অন্ধ্র প্রদেশ ও ওড়িশায় দু'টি জনগোষ্ঠী এই ভাষায় কথা বলে। ওড়িশার কোরাপুট ও ওড়িশার সীমানা লাগোয়া অন্ধ্র প্রদেশের কিছু জেলায় এই ভাষা প্রচলিত।

□ ২০২০-'২১ শিক্ষাবর্ষ থেকে সব সরকারি-বেসরকারি মেডিক্যাল কলেজে পোস্ট গ্র্যাজুয়েট কোর্স চালু করা বাধ্যতামূলক। প্রসঙ্গত উল্লেখ্য, 'মেডিক্যাল কাউন্সিল অফ ইন্ডিয়া'এর (MCI) তরফ থেকে যে পোস্ট গ্র্যাজুয়েট মেডিক্যাল এডুকেশনস, ২০০০ আইনের সংশোধনী আনা হয়েছে, তাতে একথা বলা হয়েছে।

□ এক ঐতিহাসিক রায়ে সুপ্রিম কোর্ট জানালো, স্ত্রী কখনোই স্বামীর অস্থাবর সম্পত্তি নন। তাঁকে বস্তু ভাবা অপরাধ। তাই অনিচ্ছুক স্ত্রীকে স্বামীর সঙ্গে থাকার জন্য জোর করা যাবে না।

□ সিরিয়ার পূর্ব ঘৌতায় দৌমা শহরে সরকারি বাহিনীর বিমান হামলায় ৮০ জন মারা গেলেন।

□ রাশিয়ার থেকে অত্যাধুনিক সামরিক অস্ত্র কিনতে চলেছে পাক-ই-স্তান। সেই তালিকায় আছে যুদ্ধবিমান, ট্যাঙ্ক, এয়ার ডিফেন্সের মতো প্রযুক্তি।

□ 'কমনওয়েলথ গেমস'এ মেয়েদের টেবল টেনিসের দলগত বিভাগে সোনার পদক পেল ভারতের মহিলা দল।

□ 'কমনওয়েলথ গেমস'এ মেয়েদের ১০ মিটার এয়ার পিস্তল বিভাগে সোনার পদক পেলেন ভারতের মহিলা শুটার মনু ভাকের ও এই বিভাগেই রুপোর পদক পেলেন ভারতের মহিলা শুটার হিনা সিধু।

□ 'কমনওয়েলথ গেমস'এ মেয়েদের ৬৯ কেজি ভারোত্তোলন বিভাগে সোনার পদক পেলেন ভারতের পুনম যাদব।

**৯ এপ্রিল :** ৪,০০০ বছরের প্রাচীন এক মমির মস্তিষ্কের রহস্যমোচন করল মার্কিন গোয়েন্দা সংস্থা 'ফেডারেল ব্যুরো অফ ইনভেস্টিগেশন' (FBI)। মিশরের ডেইট-এল-বাসরা নামে এক স্মৃতিস্তম্ভে মমিটি সংরক্ষিত আছে। বিজ্ঞানীরা এতদিন আবিষ্কার করতে পারেননি, মস্তিষ্কটি পুরুষের নাকি নারীর? বিজ্ঞানীদের ধারণা ছিল, ওই স্মৃতিস্তম্ভে স্থানীয় গভর্নর ও তাঁর স্ত্রীকে সমাধিস্থ করা হয়েছে। কিন্তু ওই মস্তিষ্কটি গভর্নর নাকি তার স্ত্রীর, এই রহস্যটি এতদিন অধরাই ছিল। মার্কিন গোয়েন্দা সংস্থা এফ.বি.আই পরীক্ষা করে জানিয়েছে, মস্তিষ্কটি ওই গভর্নরের। এখন এই স্মৃতিস্তম্ভের নানা সামগ্রী 'বোস্টন মিউজিয়াম'এ সংরক্ষিত আছে।

□ লিভার ক্যান্সারে আক্রান্ত হয়ে কলকাতার বলরাম মন্দির রামকৃষ্ণ মঠের অধ্যক্ষ স্বামী পুতানন্দজি (৯২ বছর) মারা গেলেন।

□ পশ্চিমবঙ্গের পূর্ত ও ক্রীড়া-যুব কল্যাণ মন্ত্রী অরূপ বিশ্বাসের মা সবিতা বিশ্বাস (৭৪ বছর) মারা গেলেন।

□ হৃদরোগে আক্রান্ত হয়ে বেলজিয়ান সাইক্লিস্ট মাইকেল গুলেটর্স (২৩ বছর) মারা গেলেন।



ভোটে জিতে তৃতীয়বারের জন্য হাঙ্গেরির প্রধানমন্ত্রী হলেন ভিক্টর ওরবান।

□ উত্তরবঙ্গের দার্জিলিং, কালিম্পং, শিলিগুড়ির পাশাপাশি জঙ্গলমহল, দীঘা, মুকুটমণিপুর, পুরুলিয়া, তাজপুর ও মন্দারমণিতে 'হোম স্টে' চালু করার সিদ্ধান্ত নিল পশ্চিমবঙ্গ সরকার।

□ রেলের ৩টি বড় প্রকল্প বাতিল করে দিলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী। প্রসঙ্গত উল্লেখ্য, এই ৩টি প্রকল্পের মধ্যে রয়েছে, মুম্বই ভিটিকে মিউজিয়ামে রূপান্তর করা, দেশ থেকে সব ডিজেল ইঞ্জিন বাতিল করে ইলেক্ট্রিকে রূপান্তরিত করা ও ৭৮,০০০ কোটি টাকা খরচ করে সিগন্যাল ব্যবস্থা ইউরোপীয় ধাঁচের মতো করে উন্নত করার পরিকল্পনা।

□ হিমাচল প্রদেশের কাংড়ায় নিয়ন্ত্রণ হারিয়ে একটি স্কুলবাস গভীর খাদে পড়ে কমপক্ষে ৩০ জন মারা গেলেন।

□ এই প্রথম ভারতের মোস্ট ওয়ান্টেড সন্ত্রাসবাদীর তালিকায় ঢুকে পড়ল কোনো পাক-ই-স্তানি কূটনীতিকের নাম। পাক-ই-স্তানের এই শীর্ষস্থানীয় কূটনীতিকের নাম আমির জুবেইর সিদ্দিকি।



'পদ্মাবত' চলচ্চিত্রে আলা-উদ-দীন খিলজির চরিত্রে অসামান্য অভিনয়ের জন্য 'দাদাসাহেব ফালকে এক্সেলেন্স পুরস্কার'এর পক্ষ থেকে 'সেরা অভিনেতা'র সম্মান পেতে চলেছেন বলিউড অভিনেতা রনবীর সিং।

□ মহিলাদের জন্য বিশেষ 'শি করিডর' তৈরি হতে চলেছে কেরলের রাজধানী তিরুবনন্তপুরমে। সেখানে থাকবে ক্লোজড সার্কিট ক্যামেরা, মহিলাদের শৌচাগার, ন্যাপকিন ভেন্ডিং মেশিন ও বিশেষ এফএম স্টেশন। একটি দেওয়ালে থাকবে বিভিন্ন ক্ষেত্রের সফল মহিলাদের ছবি। এর জন্য বরাদ্দ হবে ২ কোটি টাকা।

□ ভারত ও বাংলাদেশের মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হল। প্রসঙ্গত উল্লেখ্য, এই চুক্তি অনুযায়ী, শিলিগুড়ি থেকে বাংলাদেশের পার্বতীপুর পর্যন্ত ১২৯.৫ কিলোমিটার দীর্ঘ তেলের পাইপলাইন তৈরি হবে। এই প্রকল্পে ভারত থেকে বাংলাদেশে প্রতি বছর ১০ লাখ টন ডিজেল পাঠানো হবে।

□ সবরকম আবহাওয়ায় সীমান্তে নজরদারি চালাতে স্যাটেলাইট-সহ নতুন সরঞ্জাম মোতায়েন করল চিন। লাদাখের প্যাংগং লেকে ব্যবহার করা হচ্ছে বরফের চাঁইয়ের সঙ্গে সংঘর্ষ রোধে সক্ষম ধাতু বিহীন নৌকা। এছাড়াও, সীমান্ত অঞ্চলে বসানো হয়েছে নজর ক্যামেরা।

□ চিনের 'বোয়াও ফোরাম ফর এশিয়া'এর (BFA) বার্ষিক সম্মেলনে এক রিপোর্ট প্রকাশ করে বেজিং জানালো, বিতর্কিত চিন-পাক অর্থনৈতিক করিডর আফগান-ই-স্তান পর্যন্ত বাড়ানো হবে।

□ ১০.০৩ সেকেন্ড সময় নিয়ে 'কমনওয়েলথ গেমস'এ পুরুষদের ১০০ মিটার স্প্রিন্টে সোনার পদক পেলেন দক্ষিণ আফ্রিকার দৌড়বিদ আকানি সিমবাইনে।

□ প্রথম ভারতীয় কুস্তিগীর হিসাবে 'ইউনাইটেড স্টেট চ্যাম্পিয়নশিপ'এ চ্যাম্পিয়ন হলেন জিন্দার মহল।

□ মালয়েশিয়াকে ৩-১ ব্যবধানে হারিয়ে 'কমনওয়েলথ গেমস'এর ইতিহাসে মিক্সড ব্যাডমিন্টনে দলগত বিভাগে সোনার পদক পেল ভারত।

□ ২৩৫.১ পয়েন্ট সংগ্রহ করে 'কমনওয়েলথ গেমস'এ পুরুষদের ১০ মিটার এয়ার পিস্তল বিভাগে সোনার পদক পেলেন ভারতীয় শুটার জিতু রাই।

□ 'কমনওয়েলথ গেমস'এ মেয়েদের ১০ মিটার এয়ার রাইফেল বিভাগে রুপোর পদক পেলেন ভারতের মেহুলি ঘোষ।

□ নাইজেরিয়াকে ৩-০ ব্যবধানে হারিয়ে 'কমনওয়েলথ গেমস'এ পুরুষদের টেবল টেনিস দলগত বিভাগে সোনার পদক পেল ভারত।

□ মোট ৩৫২ কেজি ওজন তুলে 'কমনওয়েলথ গেমস'এ পুরুষদের ১০৫ কেজি ভারোত্তোলন বিভাগে রুপোর পদক পেলেন ভারতের প্রদীপ সিং।

**১০ এপ্রিল :** গলার ক্যান্সারে আক্রান্ত হয়ে কিংবদন্তি ঢোলবাদক বলরাম হাজরা (৭৫ বছর) মারা গেলেন।

□ সিকিমের সঙ্গে আকাশপথে জুড়ে যেতে চলেছে বাংলা। নামচি থেকে কালিম্পং হয়ে ডুয়ার্সের মধ্যে হবে তারে ঝুলে আকাশযাত্রা। রাজ্যের পর্যটন দফতর নতুন এই পথের কাজ করবে।



'কমনওয়েলথ গেমস'এ মেয়েদের ২৫ মিটার এয়ার পিস্তল বিভাগে সোনার পদক পেলেন ভারতর হিনা সিধু।

□ ২০২২ সালের মধ্যে সব ইঞ্জিনিয়ারিং কোর্সকে (টেকনিক্যাল কোর্স) 'ন্যাশনাল বোর্ড অফ অ্যাক্রিডিটেশন'এর (NBA) কাছ থেকে স্বীকৃতি নিতে হবে বলে সিদ্ধান্ত নিল 'অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশন' (AICTE)।

□ জার্মানির লেইপজিগ শহরের 'হেল্মহোল্টজ সেন্টার ফর এনভায়রনমেন্ট রিসার্চ' সংস্থার তরফ থেকে করা এক সমীক্ষা অনুযায়ী, প্লাস্টিক বর্জ্যে দূষিত নদীর তালিকায় ষষ্ঠ স্থানে রয়েছে গঙ্গা-ব্রহ্মপুত্র-মেঘনা। এর পরিমাণ প্রতি বছর প্রায় ৩০ লাখ টনেরও বেশি।

□ আধার কার্ডের মতোই এখন থেকে প্যান কার্ডের আবেদনেও রূপান্তরকামীদের জন্য আলাদা বিকল্প থাকবে বলে জানালো কেন্দ্রীয় সরকার। যেখানে তাঁদের চিহ্নিত করা হবে 'নিরপেক্ষ লিঙ্গ' হিসাবে।

□ ত্রিপুরার রাজধানী আগরতলা ও বাংলাদেশের রাজধানী ঢাকার মধ্যে সরাসরি বিমান চালানোর সিদ্ধান্ত নিল কেন্দ্রীয় সরকার।

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## চুম্বকে সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

☐ বিহারের মোতিহারিতে, দেশের প্রথম 'অল ইলেক্ট্রিক হাই স্পিড লোকোমোটিভ' ট্রেনের উদ্বোধন করলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী।

☐ দিল্লির 'অ্যাসোসিয়েশন ফর ডেমোক্র্যাটিক রিফর্মস'এর (ADR) রিপোর্টের তথ্য অনুযায়ী, দেশের সবথেকে ধনী রাজনৈতিক দল বিজেপি। ২০১৬-'১৭ আর্থিক বছরে তারা মোট ১০৩৪.২৭ কোটি টাকা আয় দেখিয়েছে।

☐ দেশে এই প্রথম সন্ত্রাসের মিথ্যা মামলায় গ্রেফতার করার জন্য ক্ষতিপূরণ দিতে হল পুলিশকে। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৯৭ সালে ২২টি ধারাবাহিক বিস্ফোরণে কেঁপে ওঠে দিল্লি। এর মধ্যে পশ্চিম দিল্লির করোলবাগ এলাকায় ২টি বিস্ফোরণ ঘটানোর অভিযোগে মুহাম্মদ আমিরকে গ্রেফতার করেছিল পুলিশ। দীর্ঘ ১৪ বছর কারাদণ্ডের সাজা ভোগ করার পর প্রমাণিত হয় তিনি সম্পূর্ণ নির্দোষ। তাই তাঁকে ৫ লাখ টাকা ক্ষতিপূরণ দিল পুলিশ।

☐ ভারতীয় সেনাবাহিনীর জন্য ১ লাখ ৮৬ হাজার বুলেটপ্রুফ জ্যাকেট কেনার সিদ্ধান্ত নিল কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রক। এজন্য খরচ পড়বে ৬৩৯ কোটি টাকা।

☐ কাতারের সঙ্গে ৩০০ মিলিয়ন ডলারের ক্ষেপণাস্ত্র চুক্তি স্বাক্ষর করল মার্কিন যুক্তরাষ্ট্র।

☐ প্যালেস্তাইনের ওয়েস্ট ব্যাঙ্কের ইব্রাহিমি মসজিদে জুম্মার আযান নিষিদ্ধ করল ইজরায়েল।

☐ নিউইয়র্কে তৈরি হতে চলেছে বিশ্বের বৃহত্তম ৪,০০০ ফুট অট্টালিকা। এটির নাম 'বিগ বেন্ড'।

**১১ এপ্রিল** : মশার উপদ্রব কমাতে উত্তর ২৪ পরগনা জেলার পুর এলাকার ১৮৬ টি জলাশয়ে গাপ্পি মাছ ছাড়ার সিদ্ধান্ত নিল রাজ্যের মৎস্য দফতর।

☐ কেন্দ্র শাসিত অঞ্চলের লেফটেন্যান্ট গভর্নরদের মাইনে ও ভাতা বাড়ার ক্ষেত্রে অনুমোদন দিল কেন্দ্রীয় মন্ত্রিসভা। প্রসঙ্গত উল্লেখ্য, কেন্দ্রের এই সিদ্ধান্তের ফলে লেফটেন্যান্ট গভর্নরদের মাইনে ও ভাতা কেন্দ্রীয় সরকারি সচিবদের সমান হয়ে যাবে। এখন লেফটেন্যান্ট গভর্নরদের মাইনে মাসে ৮০,০০০ টাকা। নতুন নিয়মে এবার তাঁদের মাইনে বেড়ে হবে ২,২৫,০০০ টাকা।

☐ মহিলাদের জিনস, মিনি স্কার্ট, হাত কাটা কুর্তি বা, জামা পড়ে মন্দিরে প্রবেশ করার ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি করল বেঙ্গালউরুর আর আর নগরের শ্রী রাজারাজেশ্বরী মন্দির কর্তৃপক্ষ। প্রসঙ্গত উল্লেখ্য, মন্দির কর্তৃপক্ষ জানিয়েছে, এই মন্দিরে ঢুকতে হলে মহিলাদের শাড়ি অথবা সালোয়ার কামিজ পরতে হবে। এছাড়াও, রাবার ব্যান্ড বা, ক্লিপ দিয়ে চুল ভালো করে বেঁধে মন্দিরে ঢুকতে হবে মহিলাদের।

☐ রাজস্থানে আম আদমি পার্টির দায়িত্বে থাকা কুমার বিশ্বাসকে তাঁর পদ থেকে সরিয়ে দেওয়া হল।



আলজিরিয়ার চাষের খেতে সেনাবাহিনীর বিমান ভেঙে পড়ে কমপক্ষে ২৫৭ জন মারা গেলেন। প্রসঙ্গত উল্লেখ্য, বাউফারিকের সেনাঘাঁটি থেকে যাত্রা শুরু করেছিল বিমানটি। বেচার যাওয়ার কথা ছিল বিমানটির। কিন্তু আকাশে ওড়ার কিছুক্ষণের মধ্যেই বিলদায় চাষের ক্ষেত্রে ভেঙে পড়ে বিমানটি।

☐ মহারাষ্ট্রের রত্নগিরি তৈল শোধনাগার প্রকল্পে ৩ লাখ কোটি ডলার বিনিয়োগ করার লক্ষ্যে সৌদি আরবের বৃহত্তম রাষ্ট্রায়ত্ত তেল কোম্পানি 'আরামকো'র সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করল ভারত। প্রসঙ্গত উল্লেখ্য, এই চুক্তি অনুযায়ী, রত্নগিরি প্রকল্পের অর্ধেক শেয়ার থাকবে সৌদি কোম্পানির হাতে ও বাকি অর্ধেক থাকবে ভারতীয় রাষ্ট্রায়ত্ত সংস্থা 'ইন্ডিয়ান অয়েল', 'ভারত পেট্রোলিয়াম' ও 'হিন্দুস্তান পেট্রোলিয়াম'এর হাতে। এই প্রকল্পের নাম, 'রিফাইনারি কাম পেট্রোকেমিক্যালস কমপ্লেক্স'। এই প্রকল্পের জন্য মোট বরাদ্দ ধরা হয়েছে ৪৪ বিলিয়ন ডলার।

☐ সৌদি আরবে এই প্রথম ফ্যাশন উইক চালু হল।

☐ মহাকাশে ভাসমান এক বিলাসবহুল হোটেল তৈরির পরিকল্পনা নিল মার্কিন যুক্তরাষ্ট্রের হাউস্টন ভিত্তিক 'ওরিয়ন স্প্যান' কোম্পানি। মহাকাশে তৈরি এই ভাসমান হোটেলে থাকার জন্য মাথাপিছু ন্যূনতম ভাড়া পড়বে ৬২ কোটি টাকা।

'কমনওয়েলথ গেমস'এ মেয়েদের ডাবল ট্র্যাপ শ্যুটিংয়ে সোনার পদক পেলেন ভারতের শ্রেয়সী সিং।



☐ বিশ্বের সবথেকে বয়স্ক পুরুষ হিসাবে 'গিনেস বুক অফ ওয়ার্ল্ড রেকর্ডস'এ জায়গা করে নিলেন জাপানের মাসাজো নোনাকা। এখন তাঁর বয়স ১১২ বছর।

☐ পূর্ব ইউরোপে আর খারাপ মানের কোনো খাদ্যদ্রব্য বা, পানীয় বিক্রি করতে পারবে না সব বহুজাতিক সংস্থা। এমনই ফতোয়া জারি করল 'ইউরোপীয় ইউনিয়ন'।

**১২ এপ্রিল** : হৃদরোগে আক্রান্ত হয়ে বিজ্ঞাপন জগতের অন্যতম নক্ষত্র প্রণব মৌলিক (৬৭ বছর) মারা গেলেন।

☐ ধ্রুপদী গিটারবাদক ব্রিজভূষণ কাবরা (৮১ বছর) মারা গেলেন।

☐ ভোর ৪.০৪ মিনিটে অন্ধ্র প্রদেশের শ্রীহরিকোটার 'সতীশ ধাওয়ান স্পেস সেন্টার' থেকে ১,৪২৫ কেজি ওজনের 'আইআরএনএসএস-১ আই নেভিগেশন উপগ্রহ' সফলভাবে মহাকাশে উৎক্ষেপণ করল 'ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন' (ISRO)। মাত্র ১৯ মিনিটের মধ্যে উপগ্রহটিকে নির্দিষ্ট কক্ষপথে পৌঁছে দেয় 'পিএসএলভি-সি৪১' রকেট। নিজের গন্তব্যে পৌঁছাতে পারলে এটিই হবে 'ইসরো'র তরফ থেকে মহাকাশে পাঠানো এনএভিআইসি নেভিগেশন উপগ্রহমণ্ডলীর অষ্টম সংযোজন।

☐ 'কিকিস ডেলিভারি সার্ভিস' উপন্যাসটির জন্য ২০১৮ সালে 'হানস ক্রিশ্চিয়ান অ্যান্ডারসন পুরস্কার' পেলেন জাপানি লেখিকা ইকো কাদানো।

☐ পাক-ই-স্তানের সিন্ধ প্রদেশের লারকানা শহরে এক জলসায় দাঁড়িয়ে গান না গাওয়ার অপরাধে অন্তঃসত্ত্বা পাক গায়িকা সামিনা সামুনকে (২৪ বছর) গুলি করে খুন করল এক ব্যক্তি।

☐ দেশেই যাতে এবার থেকে 'এফ/এ ১৮ সুপার হর্নেট যুদ্ধবিমান' তৈরি করা যায়, সে ব্যাপারে চুক্তিবদ্ধ হল 'হিন্দুস্তান অ্যারোনটিক্স লিমিটেড' (হ্যাল), 'বোয়িং ইন্ডিয়া' ও 'মাহিন্দ্রা ডিফেন্স সিস্টেম'। ফলে অল্প কয়েক বছরের মধ্যেই প্রতিরক্ষা ক্ষেত্রে আরও শক্তিশালী হয়ে উঠবে ভারত।

☐ তামিলনাড়ুর তিরুবিদানথিতে দেশের মেগা প্রতিরক্ষা প্রদর্শনী 'ডিফেক্সপো'র আনুষ্ঠানিক উদ্বোধন করলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী।

☐ নবম 'আন্তর্জাতিক জেরুজালেম কনফারেন্স' শুরু হল প্যালেস্তাইনে। ওয়েস্ট ব্যাঙ্ক অঞ্চলের রামাল্লা শহরে এই সম্মেলনের উদ্বোধন করেন দেশটির প্রেসিডেন্ট ড. মাহমুদ আব্বাস।

☐ 'কমনওয়েলথ গেমস'এ পুরুষদের ৭৪ কেজি ফ্রিস্টাইল কুস্তিতে সোনার পদক পেলেন ভারতের সুশীল কুমার।

☐ 'কমনওয়েলথ গেমস'এ পুরুষদের ৫৭ কেজি ফ্রিস্টাইল কুস্তিতে সোনার পদক পেলেন ভারতের রাহুল আওয়ারে।

☐ ৬০.৪১ মিটার থ্রো করে 'কমনওয়েলথ গেমস'এ মহিলাদের ডিসকাস থ্রোয়ে রুপোর পদক পেলেন ভারতের সীমা পুনিয়া।

☐ 'ব্যাডমিন্টন ওয়ার্ল্ড ফেডারেশন'এর সদ্য প্রকাশিত তালিকায় পুরুষদের সিঙ্গলস র‍্যাঙ্কিংয়ে শীর্ষ স্থান পেলেন ভারতীয় তারকা কিদাম্বি শ্রীকান্ত। আধুনিক র‍্যাঙ্কিং সিস্টেমে এই প্রথম কোনো ভারতীয় পুরুষ ব্যাডমিন্টন তারকা তালিকার শীর্ষে উঠলেন।


**১৩ এপ্রিল** : দেশের বৃহত্তম মেডিক্যাল কলেজের তকমা ধরে রাখতে নতুন ৫০০টি শয্যা বাড়ানোর সিদ্ধান্ত নিল কলকাতার শতাব্দীপ্রাচীন হাসপাতাল 'নীলরতন সরকার মেডিক্যাল কলেজ'।

☐ প্রোমোটারদের দৌরাত্ম্য ঠেকাতে ফ্ল্যাট ক্রেতাদের জন্য 'ওয়েস্ট বেঙ্গল হাউসিং ইন্ডাস্ট্রি রেগুলেশন অ্যাক্ট'এর বিধি অনুমোদন করল রাজ্য মন্ত্রিসভা। প্রসঙ্গত উল্লেখ্য, এই নতুন ক্রেতা সুরক্ষা বিধি অনুযায়ী, ফ্ল্যাট বিক্রি করতে হবে কার্পেট এরিয়ার হিসাব ধরেই। আবাসন তৈরির জন্য 'হাউসিং ইন্ডাস্ট্রি রেগুলেটরি অথরিটি' বা, 'হিরা'র রেজিস্ট্রেশন বাধ্যতামূলক। সময়মতো আবাসন না পেলে প্রোমোটারকে সুদ দিতে হবে। আবাসন দফতরের তৈরি রিড্রেসাল কমিটির কাছে অভিযোগ জানানো যাবে।

☐ পাক-ই-স্তানের প্রাক্তন প্রধানমন্ত্রী নওয়াজ শরিফ কোনো সরকারি পদ গ্রহণ করতে পারবেন না বলে রায় দিল সেদেশের সুপ্রিম কোর্ট। সরকারি পদ গ্রহণের ক্ষেত্রে আজীবন তাঁর ওপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে। প্রসঙ্গত উল্লেখ্য, পানামা পেপার্স কেলেঙ্কারিতে গত ২৮ জুলাই দোষী সাব্যস্ত হয়ে প্রধানমন্ত্রীর পদ খুইয়েছিলেন তিনি।

☐ 'কমনওয়েলথ গেমস'এ শ্যুটিংয়ে ছেলেদের ২৫ মিটার র‍্যাপিড ফায়ার পিস্তল বিভাগে সোনার পদক পেলেন ভারতের অনীশ ভানওয়ালা।

'কমনওয়েলথ গেমস'এ পুরুষদের ৬৫ কেজি ফ্রিস্টাইল কুস্তি বিভাগে সোনার পদক পেলেন ভারতের বজরং পুনিয়া।




☐ 'কমনওয়েলথ গেমস'এ মেয়েদের ৫০ মিটার রাইফেল থ্রি পজিশনে সোনার পদক পেলেন ভারতের তেজস্বিনী সাওয়ান্ত।

এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

## ৬৫তম 'জাতীয় চলচ্চিত্র পুরস্কার' - ২০১৮



- ☐ **চলচ্চিত্র** : অসমিয়া চলচ্চিত্র 'ভিলেজ রকস্টার'।
- ☐ **পরিচালক** : জয়রাজ ('ভয়ানকম')।
- ☐ **অভিনেতা** : ঋদ্ধি সেন ('নগরকীর্তন')।
- ☐ **অভিনেত্রী** : শ্রীদেবী ('মম', মরণোত্তর)।
- ☐ **পার্শ্বঅভিনেতা** : ফাহাদ ফাজিল ('থোন্ডিমুথালম দৃকসাক্ষীয়ম')।
- ☐ **পার্শ্বঅভিনেত্রী** : দিব্যা দত্ত ('ইরাদা')।
- ☐ **দাদাসাহেব ফালকে পুরস্কার** : বিনোদ খান্না (মরণোত্তর)।
- ☐ **অরিজিনাল স্ক্রিনপ্লে** : সঞ্জীব পাজহুর ('থোন্ডিমুথালম দৃকসাক্ষীয়ম')।
- ☐ **অ্যাডাপটেড স্ক্রিনপ্লে** : জয়রাজ ('ভয়ানকম')।
- ☐ **হিন্দি চলচ্চিত্র** : নিউটন।
- ☐ **মালয়লম চলচ্চিত্র** : থোন্ডিমুথালম দৃকসাক্ষীয়ম।
- ☐ **মারাঠি চলচ্চিত্র** : কাচ্চা লিম্বু।
- ☐ **কন্নড় চলচ্চিত্র** : হেবেট্টু রামাক্কা।
- ☐ **ওড়িয়া চলচ্চিত্র** : হ্যালো আরশি।
- ☐ **জসারী চলচ্চিত্র** : সিঞ্জর।
- ☐ **লাদাখি চলচ্চিত্র** : ওয়াকিং উইথ দ্য উইন্ড।
- ☐ **টুলু চলচ্চিত্র** : পড়ায়ি।
- ☐ **বাংলা চলচ্চিত্র** : ময়ূরাক্ষী।
- ☐ **তেলুগু চলচ্চিত্র** : ঘাজী।
- ☐ **অসমিয়া চলচ্চিত্র** : ইসহ।
- ☐ **তামিল চলচ্চিত্র** : টু লেট।
- ☐ **গুজরাতি চলচ্চিত্র** : ডিএইচএইচ।
- ☐ **জাতীয় সংহতিমূলক চলচ্চিত্র** : ধাপ্পা (মারাঠি)।
- ☐ **স্পেশাল এফেক্টস** : বাহুবলী২ : দ্য কনক্লুশন।
- ☐ **নন ফিচার চলচ্চিত্র** : ওয়াটার বেবি।
- ☐ **শিক্ষামূলক চলচ্চিত্র** : দ্য গার্লস উই ওয়্যার অ্যান্ড দ্য উওমেন উই আর।
- ☐ **অ্যানিমেশন চলচ্চিত্র** : দ্য ফিশ কারি অ্যান্ড টোকরি : দ্য বাস্কেট।
- ☐ **শিল্প-সংস্কৃতি বিষয়ক চলচ্চিত্র** : গিরিজা : এ লাইফ অফ মিউজিক।
- ☐ **শর্ট ফিল্ম (ফিকশন)** : মায়াত।
- ☐ **সঙ্গীত পরিচালক** : আল্লা রাখা রহমান (কাত্রু ভেলিইদায়ি)।
- ☐ **ব্যাকগ্রাউন্ড স্কোর** : আল্লা রাখা রহমান (মম)।
- ☐ **লোকেশন সাউন্ড রেকর্ডিস্ট** : মল্লিকা দাশ (ভিলেজ রকস্টার)।
- ☐ **সাউন্ড ডিজাইন** : ওয়াকিং উইথ দ্য উইন্ড (লাদাখি)।
- ☐ **মহিলা সঙ্গীতশিল্পী** : সাশা তিরুপতি (তামিল চলচ্চিত্র 'কাত্রু ভেলিইদায়ি'র 'ভান ভারুভান' গানটির জন্য)।
- ☐ **পুরুষ সঙ্গীতশিল্পী** : জেশুদাস (মালয়লম চলচ্চিত্র 'বিশ্বসাপূর্বা এম মনসুর'এর 'পয় মারাঞ্জা কালাম' গানটির জন্য)।
- ☐ **লিরিক্স** : মুথু রত্না ফর মার্চ ২২ (কন্নড়)।
- ☐ **শিশুশিল্পী** : বনিতা দাশ (ভিলেজ রকস্টারস)।
- ☐ **শিশু চলচ্চিত্র** : মোহরকিয়া।
- ☐ **সিনেমাটোগ্রাফি** : নিখিল এস প্রবীণ (ভয়ানকম)।
- ☐ **বিশেষ জুরি পুরস্কার** : নগরকীর্তন (বাংলা)।
- ☐ **মেকআপ আর্টিস্ট** : রাম রাজাক (নগরকীর্তন)।
- ☐ **প্রোডাকশন ডিজাইন** : সন্তোষ রাজন (টেক অফ)।
- ☐ **এডিটিং** : রিমা দাশ (ভিলেজ রকস্টার)।
- ☐ **কস্টিউম** : গোবিন্দ মণ্ডল (নগরকীর্তন)।
- ☐ **ডায়লগস** : সম্বিত মোহান্তি (হ্যালো আরশি)।

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? কোথায় যোগাযোগ করবেন? এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

## স্কুল সার্ভিসের

■ স্কুল সার্ভিস কমিশনের কর্মশিক্ষা বিষয়ের শিক্ষক-শিক্ষিকা পদের ক্ষেত্রে এবছর কি বি.এড. বাধ্যতামূলক হচ্ছে? — সৌমেন দাস, ৪৬বি, সোনারপুর, ক্ষিরিশতলা, আমন্ত্রণ পার্ক, কলকাতা - ১৫০।

■■ না, বি.এড. বাধ্যতামূলক হওয়ার বিষয়ে কোনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি।

■ স্কুল সার্ভিস কমিশনের ক্লার্ক ও গ্রুপ-ডি পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? — প্রদীপ বিশ্বাস, অঙ্কিতা বিশ্বাস, সাধন মালাকার, অর্পিতা সিকদার, বাকসা, বাগদা, উত্তর ২৪ পরগনা।

■■ আপাতত বিজ্ঞপ্তি বেরোনোর কোনো খবর নেই।

## ইউ.পি.এস.সি.'র

■ ইউ.পি.এস.সি.'র সিভিল সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষার দরখাস্ত করার সময় জন্ম-তারিখ ৪ জানুয়ারির জায়গায় ৫ জানুয়ারি লিখেছি। অসুবিধা হবে কি? — সৈকত পাল, ১৩/বি, কাঁচরাপাড়া ওয়ার্কশপ রোড, উত্তর ২৪ পরগনা।

■■ লিখিত পরীক্ষায় সফল হওয়ার পর অসুবিধা হতে পারে।

## সেনাবাহিনীর

■ মাধ্যমিকে ৬০% নম্বর আছে। অঙ্কে ৭১%, ইংরিজিতে ৪৯% নম্বর আছে। আর্টস শাখায় উচ্চমাধ্যমিকে ৭৫% নম্বর আছে। প্রতিটি বিষয়ে ৬০%'এর বেশি নম্বর আছে। সেনাবাহিনীর সোলজার ক্লার্ক পদে যোগ্য কি? সজল বর্মন, আলিপুরদুয়ার।

■■ না, যোগ্য নন। আর্টস, সায়েন্স ও কমার্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৬০% নম্বর ও উচ্চমাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৫০% নম্বর থাকলে এই পদের জন্য যোগ্য। তবে মাধ্যমিক বা, উচ্চমাধ্যমিকে ইংরিজি ও অঙ্ক / অ্যাকাউন্ট্যান্সি / বুক কীপিং বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬২ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন অন্তত ৫০কেজি।

## পুলিশে চাকরির

■ নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে বি.এসসি.'র তৃতীয় বর্ষের ছাত্র। রাজ্য পুলিশের সাব-ইন্সপেক্টর পদের জন্য যোগ্য কি? — মোল্লা মনোহর হোসেন, বসন্তপুর, আমতলা, হুগলি।

■■ না, অ্যাপিয়ার্ড হিসাবে আবেদন করতে পারবেন না।

■ লেডি কনস্টেবল পদের পরীক্ষার অ্যাডমিট কার্ড কবে থেকে ডাউনলোড করতে পারব? — নীরুপমা মা, আনন্দবাগান, আরামবাগ, হুগলি। শ্রেয়া মুদি, ১৮/১, জি.এম. লেন, বৈদ্যবাটী, হুগলি।

■■ এই পদের এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি।

■ পশ্চিমবঙ্গ পুলিশে লেডি কনস্টেবল পদের প্রিলিমিনারি পরীক্ষা কবে হবে? শারীরিক সক্ষমতার পরীক্ষায় কী কী বিষয় থাকবে? — বাবলী বর্মন, ভুলকি, দিনহাটা, কোচবিহার।

■■ দরখাস্ত খুঁটিয়ে দেখে প্রাথমিক বাছাই প্রার্থীদের প্রথমে প্রিলিমিনারি লিখিত পরীক্ষার জন্য ডাকা হবে। এই পরীক্ষায় ১০০ নম্বরের অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ - ৫০ নম্বর, (খ) এলিমেন্টারি ম্যাথমেটিক্স - ৩০ নম্বর, (গ) রিজনিং - ২০ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলা ও নেপালী ভাষায়।

এই পরীক্ষায় কোয়ালিফাইং করলে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষার (ফিজিক্যাল এফিসিয়েন্সি টেস্ট) জন্য ডাকা হবে। শারীরিক মাপজোখের পরীক্ষায় উচ্চতা, ওজন, বয়স ইত্যাদি দেখা হবে। শারীরিক মাপজোখের পরীক্ষায় সফল হলে (কোয়ালিফাইং) 'শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। এই পরীক্ষায় থাকবে ৪ মিনিটে ৮০০ মিটার দৌড়। দৌড়নোর সময় টাইমিং দেখা হবে রেডিও ফ্রিকোয়েন্সি আইডেন্টিফিকেশন যন্ত্রে। এই দুই টেস্টে কোয়ালিফাই করলে ফাইনাল লিখিত পরীক্ষা। ৮৫ নম্বরের লিখিত মেন পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ-২৫ নম্বর, (খ) ইংরিজি - ২৫ নম্বর, (গ) এলিমেন্টারি ম্যাথমেটিক্স (মাধ্যমিক মানের) - ২০ নম্বর, (ঘ) রিজনিং ও লজিক্যাল অ্যানালাইসিস - ১৫ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলা ও নেপালী ভাষায়। লিখিত মেন পরীক্ষায় কোয়ালিফাই করলে ১৫ নম্বরের ইন্টারভিউ হবে। ইন্টারভিউয়ে জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ে প্রশ্ন করা হবে। মেধা তালিকা তৈরির সময় লিখিত মেন পরীক্ষা ও ইন্টারভিউয়ে পাওয়া নম্বর দেখা হবে। এরপর হবে ডাক্তারি পরীক্ষা। ডাক্তারি পরীক্ষা হবে রাজ্য সরকারের নির্বাচিত কয়েকটি হাসপাতালে। পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দফতর থেকে বুকের এক্স-রে ও শরীরের অন্যান্য পরীক্ষা করা হবে। সব শেষে সার্টিফিকেট ভেরিফিকেশন হবে। মনোনীত হলে পুলিশ ট্রেনিং স্কুলে ট্রেনিংয়ের জন্য পাঠানো হবে। ই-অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন।

■ পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল ও সাব-ইন্সপেক্টর পদের যে বিজ্ঞপ্তি বেরিয়েছে, তাতে একই প্রার্থী দু'টি পদের জন্য দরখাস্ত করতে পারবে কি? দু'টি পদের শারীরিক সক্ষমতার পরীক্ষা ও লিখিত পরীক্ষা কী একই দিনে হবে? — তন্ময় গোস্বামী, বৃন্দাবনপুর, মেতালা, মানবাজার, পুরুলিয়া।

■■ হ্যাঁ, একই প্রার্থী দু'টি পদের জন্য দরখাস্ত করতে পারবেন। দু'টি পদের লিখিত পরীক্ষা, শারীরিক মাপজোখের পরীক্ষা আলাদা দিনে হবে।

■ পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের দরখাস্ত করার সময় ও.বি.সি. কার্ড থাকা সত্ত্বেও সাধারণ প্রার্থী হিসাবে দরখাস্ত করেছি। ইন্টারভিউ ও ডকুমেন্ট ভেরিফিকেশনের সময় কোনো অসুবিধা হবে কি? ভেরিফিকেশনের সময় ও.বি.সি. সার্টিফিকেট দেখালে ও.বি.সি. ক্যাটেগরির সুযোগ পাব কি? — অমিত বিশ্বাস, কালিকাপুর, সোনারপুর, দক্ষিণ ২৪ পরগনা।

■■ ইন্টারভিউ বা, সার্টিফিকেট ভেরিফিকেশনের সময় কোনো অসুবিধা হবে না। দরখাস্ত করার সময় যে ক্যাটেগরির উল্লেখ করেছেন, সেই ক্যাটেগরির সুযোগই পাবেন। ইন্টারভিউয়ের সময় ও.বি.সি. সার্টিফিকেট দেখালেও ও.বি.সি. ক্যাটেগরির সুযোগ পাবেন না।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যে যে পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থানে' দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| ফরেস্ট রিসার্চ ইনস্টিটিউটে ক্লার্ক, টেকনিশিয়ান, | মাধ্যমিক উচ্চমাধ্যমিক | ৮৯ | ২১.৪.২০১৮ | http.fri.res.in |
| কোচবিহার ডিস্ট্রিক্ট জজ কোর্টে স্টেনো, গ্রুপ-ডি | মাধ্যমিক | ৫৭ | ২৫.৪.২০১৮ | https://cbdcjobs.net |
| এয়ারপোর্টে জুনিয়র এক্সিকিউটিভ | ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি | ৫৪২ | ২৭.৪.১৮ | www.aai.aero |
| পঃবঃ পুলিশে কনস্টেবল | মাধ্যমিক | ৫,৭০২ | ৩০.৪.২০১৮ | www.policewb.gov.in |
| যাদবপুর বিশ্ববিদ্যালয়ে সহ-অধ্যাপক | পোস্ট গ্র্যাজুয়েট | ১১২ | ২৭.৪.২০১৮ | www.jaduniv.edi.in |
| পঃবঃ পুলিশে সাব-ইন্সপেক্টর, লেডি সাব-ইন্সপেক্টর | গ্র্যাজুয়েট | ১,৫২৭ | ৫.৫.২০১৮ | www.policewb.gov.in |
| হিন্দুস্তান অ্যারোনটিক্সে টেকনিশিয়ান | আই.টি.আই. পাশ | ২৫ | ১.৫.২০১৮ | www.hat-india.com |
| দক্ষিণ ২৪ পরগনা জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি ন্যাশনাল হেলথ | গ্র্যাজুয়েট -সহ অন্যান্য | ৬৪ | ২৫.৪.২০১৮ | www.wbhealth.gov.in |
| আই.আই.টি.'তে অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ৪৭ | ২৩.৪.২০১৮ | www.iitr.ac.in |
| ছত্তিশগড় স্টেট পাওয়ার হোল্ডিং কোম্পানিতে | বি.ই., বি.টেক. বি.এস.সি. (ইঞ্জি) | ১৪ | ২.৫.২০১৮ | www.cspc.co.in |
| ভারতীয় ডাক বিভাগে গ্রামীণ ডাক সেবক | মাধ্যমিক পাশ | ৫,৭৭৮ | ৪.৫.২০১৮ | www.indiapost.gov.in http://appost.in/gdsonline |
| ইসরোতে স্টেনো, জুনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ১৭১ | ৩০.৪.২০১৮ | www.isro.gov.in |
| উত্তর দিনাজপুর জেলায় নির্মাণ সহায়ক, পঞ্চায়েত কর্মী, পঞ্চায়েত সেক্রেটারি | উচ্চমাধ্যমিক গ্র্যাজুয়েট | ১৯৩ | ২০.৪.২০১৮ | www.uttardinajpur.nic.in |

## পাব্লিক সার্ভিসের

■ মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে বিভিন্ন দফতরে নিয়োগের যে বিজ্ঞপ্তি বেরিয়েছিল তাতে চাকরি কি স্থায়ী হবে'না, অস্থায়ী ভিত্তিতে হবে? — সৌগত সেনগুপ্ত, রঘুনাথপুর, ঝাড়গ্রাম।

■■ প্রথমে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ হলেও পরে স্থায়ী হয়ে যায়।

■ কৃষি প্রযুক্তি সহায়ক পদের পার্ট-টু পরীক্ষার ফল বেরিয়েছে কি? ইন্টারভিউ কবে থেকে হবে? কত প্রার্থী পাশ করেছে। ইন্টারভিউয়ে কত নম্বর থাকবে? — অয়ন চ্যাটার্জী, বারুইপুর, দক্ষিণ ২৪ পরগনা।

■■ 'কৃষি প্রযুক্তি সহায়ক' পদের পার্ট-টু পরীক্ষার অর্থাৎ, ইংরিজিতে প্রেসি লেখার (৩০ নম্বরের) উত্তরপত্রের ফল প্রকাশ হয়েছে। এই পদের জন্য শূন্যপদ আছে ৮০০টি। ইন্টারভিউয়ের জন্য ৪,৬৫১ জন প্রার্থীকে ডাকা হয়েছে। ইন্টারভিউ শুরু হবে ২৩ এপ্রিল থেকে, চলবে ১৯ জুলাই পর্যন্ত। প্রতিদিন প্রায় ৮০ জন প্রার্থীকে ইন্টারভিউয়ের জন্য ডাকা হচ্ছে। ইন্টারভিউয়ে থাকবে ১৫ নম্বর। কোন প্রার্থীদের কবে থেকে ইন্টারভিউ হবে তার তালিকা পাবেন ওয়েবসাইটে। এছাড়াও সফল হয়েছেন কিনা জানতে পারবেন এই ওয়েবসাইটে : www.pscwbapplication.in লিখিত পরীক্ষায় পাওয়া নম্বর ও ইন্টারভিউয়ে পাওয়া নম্বর যোগ করে চূড়ান্ত মেধা তালিকা তৈরি হবে।

## কোর্স ও ট্রেনিং

■ ডি.এল.এড. বা, বি.এড. কোর্স করলে বেসরকারি প্রাইমারি স্কুলে চাকরির জন্য যোগ্য কি? পশ্চিমবঙ্গে সরকারি ডি.এল.এড. বা, বি.এড. কলেজ কোথায় কোথায় আছে? এই কোর্সের সময়সীমা ও খরচ কত? — দেবারতী মন্ডল, মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা।

■■ প্রাইমারি স্কুলে চাকরির জন্য ডি.এল.এড. কোর্স পাশ হওয়া বাধ্যতামূলক। তবে বি.এড. কোর্স পাশ হলে প্রাইমারি স্কুলে চাকরির জন্য যোগ্য নন। পশ্চিমবঙ্গে সরকারি ডি.এল.এড. ও বি.এড. কলেজ অনেক আছে। দু'টি কোর্সই ২ বছরের। সরকারি কলেজে বি.এড. ও ডি.এল.এড. কোর্সে খরচ খুব সামান্য। তবে বেসরকারি কলেজগুলিতে ফী অনেক বেশি।

## রেলে চাকরির

■ রেলের গ্রুপ-ডি পদের পরীক্ষা অনলাইনে হবে? এ জন্য কম্পিউটার সার্টিফিকেট লাগবে কি? — সরোজ অধিকারী, চেঙ্গাইল ৪নং করুণাপাড়া, উলুবেড়িয়া, হাওড়া।

■■ হ্যাঁ, রেলের গ্রুপ-ডি পদের পরীক্ষা হবে অনলাইনে। এজন্য কম্পিউটারের কোনো সার্টিফিকেট লাগবে না।

■ রেলের গ্রুপ-ডি পদের পরীক্ষা কবে হবে? পরীক্ষা কি অনলাইনে হবে? — জয়ন্ত হালদার, বারাসাত, উত্তর ২৪ পরগনা।

■■ রেলের গ্রুপ-ডি পদের পরীক্ষার তারিখ এখনো ঠিক হয়নি। এই পদের পরীক্ষা হবে অনলাইনে। পরীক্ষার তারিখ ঠিক হলে যথাসময়ে 'কর্মসংস্থানে' আগাম দেওয়া হবে।

## স্টাফ সিলেকশনের

■ কেন্দ্রীয় স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে ৫ কেন্দ্রীয় বাহিনীর সাব-ইন্সপেক্টর পদের পরীক্ষা কি পশ্চিমবঙ্গের প্রার্থীদের বাংলায় হবে? — দীপক মাহাত, কেন্দুমারা, গোয়ালতোড়, পশ্চিম মেদিনীপুর।

■■ না, বাংলায় হবে না।

## আর.পি.এফ.'এর

■ রেলওয়ে প্রোটেকশন ফোর্সের কনস্টেবল ও সাব-ইন্সপেক্টর পদের বিজ্ঞপ্তি এবছর বেরোবে কি? — বিকাশ ঘোষ, মধ্যমগ্রাম, উত্তর২৪ পরগনা।

■■ রেলওয়ে প্রোটেকশন ফোর্স বা, রেলওয়ে প্রোটেকশন স্পেশাল ফোর্সের কনস্টেবল ও সাব-ইন্সপেক্টর পদের বিজ্ঞপ্তি এবছরই বেরোবে। বিজ্ঞপ্তি বেরোলে 'কর্মসংস্থানে' দেওয়া হবে।

## অন্যান্য চাকরির

■ রাজ্য সরকারের গ্রুপ-ডি পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? রাজ্য সরকারে ৬,০০০ গ্রুপ-ডি পদের বিজ্ঞপ্তি বেরোনোর আগে বলা হয়েছিল, প্রথম পর্যায়ে ৬,০০০ লোক নেওয়া হবে ও দ্বিতীয় পর্যায়ে আরো ৫,০০০ লোক নেওয়া হবে। নতুন বিজ্ঞপ্তি কবে বেরোবে? — অনিমেষ ব্যানার্জী, ফুলবাড়ি, নদিয়া।

■■ আপাতত কোনো খবর নেই।

■ জেলা আদালতের গ্রুপ-ডি পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? — কৃষ্ণ মন্ডল, হেমতাবাদ, উত্তর দিনাজপুর।

■■ কয়েকটি জেলা আদালতের গ্রুপ-ডি-সহ অন্যান্য পদের বিজ্ঞপ্তি বেরিয়েছে। বাকি জেলার বিজ্ঞপ্তিও পরপর বেরোচ্ছে।

উত্তর পেতে শুধুমাত্র পোস্ট কার্ড পাঠাবেন ও তাতে নিজের নাম-ঠিকানা ও ফোন নং লিখবেন। পোস্ট কার্ডে ঠিকানার জায়গায় নিচের অংশটি কেটে আঠা দিয়ে সেঁটে দেবেন। জিজ্ঞাসা বিভাগের পরের শূন্যস্থানে কোন বিভাগের চিঠি (রেল, ব্যাঙ্ক, পি.এস.সি. কিনা) তা লিখে দেবেন।

কর্মসংস্থান
জিজ্ঞাসা বিভাগ
..................
১২/৩/৪, জামির লেন
কলকাতা-৭০০ ০১৯

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কলকাতা, গুয়াহাটি, পটনা, রাঁচি-সহ ১৭টি রেল রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে

# রেলের গ্রুপ 'ডি' পদের সম্ভাব্য প্রশ্নোত্তর



কলকাতা, গুয়াহাটি, পটনা, রাঁচী, ভুবনেশ্বর-সহ সারা ভারতের ১৭টি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে রেলে 'হেল্পার / ইলেক্ট্রিক্যাল (ওয়ার্কশপ)', 'হেল্পার / ইলেক্ট্রিক্যাল /এ.সি.', 'হেল্পার / ইলেক্ট্রিক্যাল / জেনারেল সার্ভিসেস', 'হেল্পার /ইলেক্ট্রিক্যাল /পাওয়ার', হেল্পার / ইলেক্ট্রিক্যাল / ট্রেন লাইটিং, হেল্পার / ইলেক্ট্রিক্যাল / টি.আর.ডি., হেল্পার / ইলেক্ট্রিক্যাল / টি.আর.এস., হেল্পার / ব্রিজ, হেল্পার /সিভিল, হেল্পার / সিভিল (ওয়ার্কশপ), হেল্পার / পি.ওয়ে, হেল্পার / ট্রাক মেশিন, হেল্পার / ওয়ার্ক্স, ট্রাক মেন্টেনার গ্রেড-IV, হেল্পার /মেকানিক্যাল, হেল্পার / মেকানিক্যাল / ক্যারেজ অ্যান্ড ওয়াগন, হেল্পার /মেকানিক্যাল /ডিজেল ইলেক্ট্রিক্যাল, হেল্পার / মেকানিক্যাল / ডিজেল মেকানিক্যাল, হেল্পার মেকানিক্যাল (পাওয়ার), হেল্পার /এস অ্যান্ড টি, হেল্পার / এস অ্যান্ড টি (ওয়ার্কশপ), হেল্পার /সিগন্যাল, হেল্পার / টেলিকমিউনিকেশন, হেল্পার/ মেডিক্যাল, হসপিটাল অ্যাটেন্ড্যান্ট, অ্যাসিস্ট্যান্ট পয়েন্টসম্যান, গেটম্যান, পোর্টার / হামাল / সুইপার কাম পোর্টার পদে ৬২,৯০৭ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। এই পদের বেলায় প্রথমে কম্পিউটার বেসড টেস্ট হবে অনলাইনে, মে থেকে জুন মাসের মধ্যে। অনলাইন পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস (কারেন্ট অ্যাফেয়ার্স), (২) অঙ্ক, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, (৪) জেনারেল সায়েন্স। সময় থাকবে দেড় ঘন্টা। কলকাতা, রাঁচী, গুয়াহাটি রেল রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় প্রশ্ন হবে বাংলায়। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। এই প্রিলিমিনারি পরীক্ষার প্রস্তুতির জন্য বাছাই করা ১ সেট প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করে দেখালেন প্রতিযোগিতামূলক পরীক্ষার বিশেষজ্ঞ **শুচিস্মিতা দে**।

1. শবনম আস্থানা নীচের কোন পুরস্কারটি পেলেন?
(A) বিজনেস উওম্যান অফ দি ইয়ার 2017 (B) টাইমস পাওয়ার উওম্যান 2017 (C) চেয়ারপার্সন অফ দি ইয়ার 2017 (D) ম্যানেজিং ডিরেক্টর অফ দি ইয়ার 2017

2. 2018 সালের ফেব্রুয়ারিতে ভারতের কোন শহরে নোবেল প্রাইজ সিরিজ ইন্ডিয়া অনুষ্ঠিত হল?
(A) পুণে (B) মুম্বই (C) থানে (D) পানাজি

3. থাংলুরা দারলং কোন দেশে ভারতীয় রাষ্ট্রদূত রূপে নিযুক্ত হলেন?
(A) মিশর (B) রোমানিয়া (C) আয়ার্ল্যান্ড (D) ইতালি

4. কত তারিখে 'বিশ্ব জলাভূমি দিবস' পালিত হয়?
(A) 1 ফেব্রুয়ারি (B) 2 ফেব্রুয়ারি (C) 3 ফেব্রুয়ারি (D) 4 ফেব্রুয়ারি

5. কৃষকদের জন্য ভারত সরকারের 'কুসুম' (KUSUM) প্রকল্প নীচের কোন ক্ষেত্রে সংযুক্ত?
(A) সৌরশক্তি চালিত জলের পাম্প ব্যবহার (B) সংকর প্রজাতির বীজের ব্যবহার (C) নাইট্রোজেন ঘটিত সারের ব্যবহার (D) জৈব কীটনাশক ব্যবহার

6. সুদীপ লাখটাকিয়া নীচের কোন বাহিনীর ডিরেক্টর জেনারেল পদে নিযুক্ত হলেন?
(A) ভারতীয় উপকূলরক্ষী বাহিনী (B) সশস্ত্র সীমা বল (C) সীমা সুরক্ষা বল (D) ন্যাশনাল সিকিউরিটি গ্রুপ

7. কোন রোগ দূরীকরণে 'দস্তক' নামক প্রচারাভিযান শুরু হল?
(A) পায়োরিয়া (B) ডায়েরিয়া (C) জাপানি এনকেফেলাইটিস (D) ডেঙ্গি

8. ভারতের কোন রাজ্যে পেলিক্যান পক্ষী উৎসব অনুষ্ঠিত হল?
(A) অন্ধ্র প্রদেশ (B) উত্তরাখণ্ড (C) রাজস্থান (D) মধ্য প্রদেশ

9. ভারতের কোন শহরে প্রথম 'আন্তর্জাতিক কলা মেলা' অনুষ্ঠিত হল?
(A) কলকাতা (B) পটনা (C) কটক (D) দিল্লি

10. কোন বিখ্যাত চলচ্চিত্র নির্দেশক ২০১৮ সালে ভি. সান্তারাম জীবনকৃতি সম্মান পেলেন?
(A) রামগোপাল ভার্মা (B) সঞ্জয় লীলা বনশালী (C) শ্যাম বেনেগাল (D) ডেভিড ধাওয়ান

11. কত তারিখে 'বিশ্ব ক্যান্সার দিবস' পালিত হয়?
(A) 1 ফেব্রুয়ারি (B) 2 ফেব্রুয়ারি (C) 3 ফেব্রুয়ারি (D) 4 ফেব্রুয়ারি

12. কোন শহরে 'কালা ঘোড়া আর্টস ফেস্টিভ্যাল' অনুষ্ঠিত হল?
(A) মুম্বই (B) গুয়াহাটি (C) চেন্নাই (D) মহীশূরু

13. মেব্যাঙ্ক চ্যাম্পিয়নশিপ কোন খেলার সঙ্গে যুক্ত?
(A) কবাডি (B) গল্ফ (C) লন টেনিস (D) টেবিল টেনিস

14. নীচের কোন সংস্থা 'থার্টি আন্ডার থার্টি' তালিকা প্রকাশ করে?
(A) টাইমস ইন্ডিয়া (B) স্টার ইন্ডিয়া (C) টাটা ইনফোটেক (D) ফোর্বস ইন্ডিয়া

15. কোন দেশ 2018 সালের অনূর্ধ্ব ১৯ ক্রিকেট বিশ্বকাপ জিতল?
(A) অস্ট্রেলিয়া (B) শ্রীলঙ্কা (C) ভারত (D) বাংলাদেশ

16. 'ঝ্যাংহেং-1' কী?
(A) একটি তড়িৎচুম্বকীয় কৃত্রিম উপগ্রহ (B) একটি যাত্রীবাহী বিমান (C) একটি পরমাণু অস্ত্রবাহী ডুবোজাহাজ (D) একটি পরমাণু অস্ত্রবাহী যুদ্ধবিমান

17. ভারতের কোন দুই শহরের মধ্যে দেশের প্রথম 'ডিফেন্স ইন্ডাস্ট্রিয়াল করিডর' স্থাপিত হল?
(A) কলকাতা ও হলদিয়া (B) জম্মু ও কাশ্মীর (C) চেন্নাই ও বেঙ্গালউরু (D) বিশাখাপত্তনম ও হায়দরাবাদ

18. জল মার্গ বিকাশ প্রকল্প কোন নদীর সঙ্গে যুক্ত?
(A) গোদাবরী (B) কাবেরী (C) ব্রহ্মপুত্র (D) গঙ্গা

19. উত্তর প্রদেশের কোন শহরে সম্প্রতি একটি বাটারফ্লাই পার্ক তৈরি হল?
(A) লখনৌ (B) বেরিলী (C) কানপুর (D) এলাহাবাদ

20. ভারতের কোন রাজ্যে সুরজকুণ্ড মেলা অনুষ্ঠিত হয়?
(A) রাজস্থান (B) গুজরাত (C) হরিয়ানা (D) বিহার

21. ভারতের কোন রাজ্যে সম্প্রতি দেশের প্রথম নদীপথে ট্যাক্সি পরিষেবা চালু হল?
(A) অসম (B) গোয়া (C) কেরল (D) তামিলনাড়ু

22. নীচের কোন স্থানে রডোডেনড্রন পার্ক তৈরি হল?
(A) দার্জিলিং (B) ইয়ুমথাং (C) চেরাপুঞ্জি (D) তাওয়াং

23. নীচের কোন সংস্থা ভারতে 'সিকিউরিটি চেক কিয়া' নামে প্রচারাভিযান চালু করল?
(A) গুগল (B) ইউটিউব (C) পেটিএম (D) ফেসবুক

24. নীচের কোন দেশে বিশ্বের দীর্ঘতম জিপ লাইন চালু হল?
(A) সৌদি আরব (B) সংযুক্ত আরব আমীরশাহী (C) দক্ষিণ সুদান (D) আফগান-ই-স্তান

25. ভারতের কোন শহরে 2018 সালের ইন্ডিয়া ওপেন ব্যাডমিন্টন টুর্নামেন্ট অনুষ্ঠিত হল?
(A) দিল্লি (B) ভোপাল (C) হায়দরাবাদ (D) বেঙ্গালউরু

26. বায়ুমণ্ডলের কোন স্তর ভূপৃষ্ঠের উষ্ণতা ও জলচক্র নিয়ন্ত্রণ করে?
(A) স্ট্র্যাটোস্ফিয়ার (B) ট্রোপোস্ফিয়ার (C) মেসোস্ফিয়ার (D) এক্সোস্ফিয়ার

27. সাবান তৈরি করতে নীচের কোন অ্যাসিড ব্যবহৃত হয়?
(A) অ্যাসিটিক অ্যাসিড (B) হাইড্রোক্লোরিক অ্যাসিড (C) পামেটিক অ্যাসিড (D) ম্যালিক অ্যাসিড

28. জিওলাইটের রাসায়নিক নাম কী?
(A) সোডিয়াম সিলিকেট (B) সোডিয়াম অ্যালুমিনিয়াম সিলিকেট (C) সোডিয়াম ফসফেট (D) পটাশিয়াম পার ম্যাঙ্গানেট

29. ইউগ্লিনার গমন অঙ্গ কী?
(A) সিলিয়া (B) ফ্ল্যাজেলা (C) সিউডোপোডিয়াম (D) পেক্টোরালিস মেজর

30. মায়োটম পেশি নীচের কোন প্রাণীর দেহে দেখা যায়?
(A) পাখি (B) মাছ (C) সরীসৃপ (D) স্তন্যপায়ী প্রাণী

31. ক্যালসিয়াম শোষণের জন্য কোন ভিটামিন প্রয়োজন?
(A) ভিটামিন A (B) ভিটামিন C (C) ভিটামিন D (D) ভিটামিন E

32. ইলেক্ট্রিক বাল্বে কোন গ্যাস ভরা হয়?
(A) হিলিয়াম (B) আর্গন (C) নাইট্রোজেন (D) কার্বন ডাই অক্সাইড

33. 'বার' কীসের একক?
(A) বায়ুমণ্ডলের চাপ (B) বায়ুর গতিবেগ (C) বায়ুপ্রবাহের অভিমুখ (D) বৃষ্টিপাতের পরিমাণ

34. কাপড় কাচার সোডার রাসায়নিক নাম কী?
(A) পটাসিয়াম সালফেট (B) সোডিয়াম কার্বনেট (C) সোডিয়াম বাই সালফেট (D) হাইড্রোজেন সালফাইড

35. কোন সূত্র থেকে জাড্যের ধারণা পাওয়া যায়?
(A) নিউটনের প্রথম গতিসূত্র (B) নিউটনের দ্বিতীয় গতিসূত্র (C) নিউটনের তৃতীয় গতিসূত্র (D) আর্কিমিডিসের সূত্র

36. কোনো বস্তু শূন্যে ছুঁড়ে দিলে তার গতিপথ কীরূপ হয়?
(A) বৃত্তাকার (B) উপবৃত্তাকার (C) অধিবৃত্তাকার (D) কোনোটিই নয়

37. নিউক্লিয়ার ফিসন কী ধরণের বিক্রিয়া?
(A) থোরিয়াম পরমাণুর বিভাজন (B) পোলোনিয়াম পরমাণুর বিভাজন (C) স্ট্রনটিয়াম পরমাণুর বিভাজন (D) ইউরেনিয়াম পরমাণুর বিভাজন

38. একটি গতিশীল বস্তুর গতি অর্ধেক করলে বস্তুটির গতিশক্তি কতটা কমবে?
(A) গতিশক্তি অর্ধেক হবে (B) গতিশক্তি এক-চতুর্থাংশ হয়ে যাবে (C) গতিশক্তি এক অষ্টমাংশ হয়ে যাবে (D) গতিশক্তি 60% কমবে

39. 'ফ্যাদম্' কীসের একক?
(A) জলের গভীরতা (B) জলের তলদেশে শব্দের গতিবেগ (C) জলের প্রবাহের অভিমুখ (D) জলের তলদেশে শব্দের তীব্রতা

40. প্রাথমিক বর্ণ কোনগুলি?
(A) লাল, হলুদ ও সবুজ (B) লাল, নীল ও সবুজ (C) হলুদ, নীল ও সবুজ (D) লাল, কালো ও সাদা

41. পাইরোমিটার যন্ত্রের সাহায্যে কী পরিমাপ করা হয়?
(A) বায়ুমণ্ডলের চাপ (B) অতি নিম্ন তাপমাত্রা (C) বায়ুপ্রবাহের দিক (D) অতি উচ্চ তাপমাত্রা

42. লাল রঙের কাঁচের মধ্য দিয়ে সবুজ রঙের বস্তুকে কোন রঙের দেখাবে?
(A) হলুদ (B) কমলা (C) নীল (D) বেগুনী

43. গ্যাস বেলুনে কোন গ্যাস ব্যবহার করা হয়?
(A) হাইড্রোজেন (B) নাইট্রোজেন (C) নিয়ন (D) হিলিয়াম

44. টাংস্টেনের গলনাঙ্ক কত ডিগ্রি সেন্টিগ্রেড?
(A) 2500 (B) 3865 (C) 3422 (D) 1057

45. ত্রিমাত্রিক ছবি তৈরির পদ্ধতিকে কী বলে?
(A) স্পেকটোগ্রাফ (B) হলোগ্রাফ (C) পলিগ্রাফ (D) ক্রেসকোগ্রাফ

46. ইলেক্ট্রিক সার্কিটে বিদ্যুতের উপস্থিতি নির্ণয়ের জন্য কোন যন্ত্র ব্যবহৃত হয়?
(A) ভোল্টামিটার (B) অ্যামিটার (C) ওহমোমিটার (D) ব্যারোমিটার

47. পরমাণু বোমা কে আবিষ্কার করেন?
(A) অ্যালবার্ট আইনস্টাইন (B) রাদারফোর্ড (C) নীলস বোর (D) অটো হান

48. উষ্ণতার এস.আই. একক কী?
(A) কেলভিন (B) ফারেনহাইট (C) সেলসিয়াস (D) র‍্যাঙ্কাইন

49. জেট বিমান বায়ুমণ্ডলের কোন স্তর দিয়ে যাতায়াত করে?
(A) ট্রোপোস্ফিয়ার (B) স্ট্র্যাটোস্ফিয়ার (C) মেসোস্ফিয়ার (D) এক্সোস্ফিয়ার

50. ভরের শক্তিতে পরিণত হওয়ার ধারণা প্রথম কোন বিজ্ঞানী দেন?
(A) আইজ্যাক নিউটন (B) নীলস বোর (C) অ্যালবার্ট আইনস্টাইন (D) ক্যাভেন্ডিস

**নির্দেশ (প্রশ্ন 51-55) :** আট বন্ধু একটি আয়তাকার টেবিলের দু'পাশে বসেছে। চারজনের মুখোমুখি চারজন বসেছে।
প্রদীপ বসেছে বিধান ও রীতমের মাঝখানে।
ধীরাজ বসেছে আকাশের কোনাকুনি বিপরীতে।
মিতিনের ঠিক বাঁদিকে বসেছে চন্দন।
চন্দন ও রীতম কোনাকুনি বিপরীতে আছে।

51. পুনমের মুখোমুখি কে বসেছে?
(A) বিধান (B) প্রদীপ (C) রীতম (D) প্রদীপ অথবা বিধান

52. রীতমের মুখোমুখি কে বসেছে?
(A) আকাশ অথবা ধীরাজ (B) মিতিন অথবা বিধান (C) প্রদীপ অথবা মিতিন (D) আকাশ

53. পুনমের বাঁদিকে কে বসেছে?
(A) রীতম (B) প্রদীপ (C) মিতিন (D) বিধান

54. বিধানের ডানদিকে কে বসেছে?
(A) আকাশ অথবা ধীরাজ (B) মিতিন অথবা বিধান (C) প্রদীপ অথবা মিতিন (D) আকাশ

55. বিধানের বাঁদিকে দ্বিতীয় স্থানে কে বসেছে?
(A) রীতম (B) প্রদীপ (C) মিতিন (D) বিধান

56. একটি বাগানে সারিবদ্ধভাবে কিছু গাছ লাগানো আছে। সেখানে একটি পেঁপে গাছ বাঁদিক থেকে 9ম স্থানে ও ডানদিক থেকে 9ম স্থানে আছে। বাগানে গাছের সংখ্যা কত?
(A) 16 (B) 17 (C) 18 (D) 15

57. একটি ক্লাসে 72 জন ছাত্রের মধ্যে বিকাশের র‍্যাঙ্ক 35। বিকাশের নীচে কতজন ছাত্র আছে?
(A) 35 (B) 36 (C) 37 (D) 38

58. একটি সারিতে রাম ও বিজয় যথাক্রমে বাঁদিক থেকে 11তম স্থানে ও ডানদিক থেকে 12তম স্থানে আছে। তাঁদের মাঝখানে আরও 20 জন থাকলে ওই সারিতে মোট লোক সংখ্যা কত?
(A) 32 (B) 31 (C) 43 (D) 42

59. একটি সারিতে বিকাশ বাঁদিক থেকে 21তম স্থানে ও সুমন ডান দিক থেকে 31তম স্থানে আছে। তাঁদের মাঝখানে 32 জন আছে। সুমনের বাঁদিকে কতজন আছে?
(A) 63 (B) 21 (C) 32 (D) 53

60. একটি সারিতে পলাশ বাঁদিক থেকে 18তম স্থানে ও রতন ডান দিক থেকে 25তম স্থানে আছে। তাঁদের মাঝে 30 জন থাকলে পলাশের ডান দিকে কতজন আছে?
(A) 25 (B) 55 (C) 48 (D) 30

61. একটি সারিতে কবীর বাঁদিক থেকে 29তম স্থানে ও প্রকাশ ডানদিক থেকে 28তম স্থানে আছে। দেখা গেল কবীরের ডান দিকে 63 জন দাঁড়িয়ে আছে। তাহলে ওই দু'জনের মাঝখানে কতজন দাঁড়িয়ে আছে?
(A) 35 (B) 64 (C) 29 (D) 92

**নির্দেশ (প্রশ্ন 62-67) :** নীচের বিকল্পগুলির মধ্যে কোনটি আলাদা নির্ণয় করুন।

62. (A) টুপি (B) পাগড়ি (C) হেলমেট (D) মুখোশ

63. (A) কিউই (B) ঈগল (C) এমু (D) উটপাখি

64. (A) চা (B) সিঙ্কোনা (C) রাবার (D) খড়ি

65. (A) মুম্বই (B) কোচিন (C) কান্ডালা (D) বেঙ্গালউরু

66. (A) জাপান (B) ভারত (C) শ্রীলঙ্কা (D) নিউজিল্যান্ড

67. (A) পিঁপড়ে (B) মৌমাছি (C) মাকড়সা (D) মথ

**নির্দেশ (প্রশ্ন 68-75) :** নীচের সিরিজগুলির প্রশ্নচিহ্নের স্থানের সংখ্যাটি নির্ণয় করুন।

68. 1, 2, 3, 6, 9, 18, ?, 54
(A) 18 (B) 27 (C) 36 (D) 81

69. 6, 13, 25, 51, 101, ?
(A) 201 (B) 202 (C) 203 (D) 205

70. 1, 3, 4, 8, 15, 27, ?

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের পর কোথায় কী সরকারি চাকরি

৮ পাতার পর

লম্বায় অন্তত ১৫৭ (গোর্খা ও অসমীজ হলে ১৫৫ আর তপশিলী উপজাতি ও আদিবাসি হলে ১৫২.৫) সেমি। ওজন দরকার উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি দরকার ছেলে ও মেয়েদের বেলায় চশমা ছাড়া ডানচোখে ৬/৬ ও বাঁ চোখে ৬/১২ কিংবা দু'চোখে ৬/৯। বয়স দরকার ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর ও প্রাক্তন সমরকর্মী আর সি.আর.পি.এফ. কর্মীরা যথারীতি বয়সে ছাড় পান। বাঁকা হাঁটু, পায়ের চ্যাটালো পাতা, শিরাস্ফীতি, ট্যারা দৃষ্টি, বর্ণান্ধতা বা, শারীরিক কোনো ত্রুটি থাকলে যোগ্য নন।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে দরখাস্ত ও সংশ্লিষ্ট সার্টিফিকেট দেখে বাছাই প্রার্থীদের শারীরিক মাপজোখ / শারীরিক সক্ষমতার পরীক্ষা ও লিখিত পরীক্ষার জন্য 'কল লেটার' পাঠানো হয়। প্রথম পর্যায়ের পরীক্ষা (যাবতীয় সার্টিফিকেট দেখার, শরীরের মাপজোখ ও লিখিত পরীক্ষা) হয়। পূর্ব ভারতে দুর্গাপুর, রাঁচি, আগরতলা, ভুবনেশ্বর, গুয়াহাটি ও মজঃফরপুরে।

লিখিত পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হয় এই ৪টি পেপারের : (১) ইংলিশ/হিন্দি ল্যাঙ্গোয়েজ, (২) জেনারেল ইন্টেলিজেন্স, (৩) নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড (৪) ক্ল্যারিক্যাল অ্যাপ্টিটিউড। প্রতিটি পেপারে থাকে ৫০টি প্রশ্ন। মোট ২০০ নম্বরের পরীক্ষায় সময় থাকে ২ ঘন্টা। প্রশ্ন হয় ইংরিজি ও হিন্দিতে। লিখিত পরীক্ষায় সফল হওয়ার জন্য প্রতিটি পেপারে অন্তত ৪০% (তপশিলী, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থী হলে ৩৫%) নম্বর পেতে হয়। সফল হলে ২৫ নম্বরের ইন্টারভিউ। সব শেষে ডাক্তারি পরীক্ষা। নিজের টাইপ মেশিনে পরীক্ষা দিতে পারেন। তা না হলে পরীক্ষাকেন্দ্রে দেওয়া টাইপরাইটারেই টাইপিং পরীক্ষা দিতে হয়। ইন্টারভিউয়ের সময় কম্পিউটারে জ্ঞান ও অভিজ্ঞতা কিংবা NCC / খেলাধূলার সার্টিফিকেট বা, উচ্চ শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট দেখাতে পারেন।

দরখাস্ত করতে হয় সাধারণ ফুলস্ক্যাপ কাগজে। নির্দিষ্ট বয়ান টাইপিং করার পর নিজে হাতে পূরণ করে। 'দুর্গাপুর' কেন্দ্রে পরীক্ষা দিতে চাইলে দরখাস্ত পাঠাতে হয় এই ঠিকানায় : The Additional DIGP, Group Centre, CRPF, Durgapur, West Bengal – 713 214. 'মজঃফরপুর' কেন্দ্রে পরীক্ষা দিতে চাইলে পাঠাতে হয় এই ঠিকানায় : The Additional DIGP, Group Centre, CRPF, L.S. College, Muzaffarpur, Bihar–842 001. 'ভুবনেশ্বর' কেন্দ্রে পরীক্ষা দিতে চাইলে পাঠাতে হয় এই ঠিকানায় : The Additional DIGP, Group Centre, CRPF, Bhubaneshwar, Orissa – 751 011. 'গুয়াহাটি' কেন্দ্রে পরীক্ষা দিতে চাইলে পাঠাতে হয় এই ঠিকানায় : The Additional DIGP, Group Centre, CRPF, P.O. Amerigon, Assam – 781 023. 'শিলচর' কেন্দ্রে পরীক্ষা দিতে চাইলে পাঠাতে হয় এই ঠিকানায় : The Additional DIGP, Group Centre, CRPF, Udarband, Dayapur, Shilchar, Assam – 788 030. 'রাঁচি' কেন্দ্রে পরীক্ষা দিতে চাইলে পাঠাতে হয় এই ঠিকানায় : Principal, CTC (T & IT), CRPF, Tiril Ashram, P.O. Dhurwa, Ranchi, Jharkhand – 834 004.

শিল্প নিরাপত্তা বাহিনীর ক্ষেত্রে দরখাস্ত করবেন সাধারণ ফুলস্ক্যাপ কাগজে, নির্দিষ্ট বয়ান টাইপিং করার পর পূরণ করে। 'কলকাতা' কেন্দ্রে পরীক্ষা দিলে পাঠাতে পারেন এই ঠিকানায় : The Deputy Inspector General CISF (North East Zone), Premises No. 553, East Kolkata Township (Kasba), Kolkata – 700 107 (WB). 'পটনা' কেন্দ্রের জন্য এই ঠিকানায় : The Deputy Inspector General CISF (East Zone) Patiliputra Near Raj Chikitsa, Boring Road, Patna–13 (Bihar).

## বর্ডার সিকিউরিটি ফোর্সে

**হেড কনস্টেবল (মিনিস্ট্রিয়াল):** যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশের পর কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা পর্ষদ থেকে সেক্রেটারিয়েল প্র্যাক্টিস / মডার্ন অফিস প্র্যাক্টিস / কমার্শিয়াল প্র্যাক্টিসের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩০টি শব্দ তোলার গতি থাকলেও আবেদনের যোগ্য। কম্পিউটার অ্যাপ্লিকেশনের কাজে প্রাথমিক জ্ঞান থাকা দরকার।

**অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর (স্টেনোগ্রাফার) :** যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ইংরিজি টাইপিং ও শর্টহ্যান্ডে মিনিটে যথাক্রমে অন্তত ৪০টি ও ৮০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশের পর কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা পর্ষদ থেকে সেক্রেটারিয়েল প্র্যাক্টিস / মডার্ন অফিস প্র্যাক্টিস / কমার্শিয়াল প্র্যাক্টিসের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা ইংরিজি টাইপিং ও শর্টহ্যান্ডে মিনিটে যথাক্রমে অন্তত ৪০টি ও ৮০টি শব্দ তোলার গতি থাকলেও আবেদনের যোগ্য। কম্পিউটার অ্যাপ্লিকেশনের কাজে প্রাথমিক জ্ঞান থাকা দরকার।

**হেড কনস্টেবল (রেডিও অপারেটর) :** অঙ্ক, ফিজিক্স ও কেমিস্ট্রি অন্যতম বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশ ছেলেরা আই.টি.আই. থেকে রেডিও অ্যান্ড টি.ভি./ইলেক্ট্রনিক্স ট্রেডের ২ বছরের সার্টিফিকেট কোর্স পাশ হলেও আবেদন করতে পারেন।

**হেড কনস্টেবল (ফিটার) :** অঙ্ক, ফিজিক্স ও কেমিস্ট্রি অন্যতম বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশ ছেলেরা আই.টি.আই. থেকে ইঞ্জিন ফিটার /ডিজেল মেকানিক / অটোমোবাইল / মোটর মেকানিক ট্রেডের ২ বছরের সার্টিফিকেট কোর্স পাশ হলেও আবেদন করতে পারেন। বয়স দরকার ১৮ থেকে ২৩ বছরের মধ্যে।

**অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর (রেডিও মেকানিক) :** অঙ্ক, ফিজিক্স ও কেমিস্ট্রি অন্যতম বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশ ছেলেরা রেডিও অ্যান্ড টি.ভি. টেকনোলজি, ইলেক্ট্রনিক্স, টেলিকমিউনিকেশন, কম্পিউটার, ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল বা, ডোমেস্টিক অ্যাপ্লায়েন্সের ডিপ্লোমা কোর্স পাশ হলেও আবেদন করতে পারেন। বয়স দরকার ১৮ থেকে ২৫ বছরের মধ্যে।

ওপরের সব পদের বেলায় তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ দরকার লম্বায় অন্তত ১৭০ (অসম, ত্রিপুরা ও সিকিমের প্রার্থীদের বেলায় ১৬৫ সেমি, তপশিলী উপজাতি/আদিবাসি হলে ১৬২.৫) সেমি। বুকের ছাতি না-ফুলিয়ে ৮০ (অসম, ত্রিপুরা ও সিকিমের প্রার্থীদের বেলায় ৭৮, তপশিলী উপজাতি/আদিবাসি হলে ৭৬) সেমি ও ৫ সেমি প্রসারণক্ষম আর ওজন দরকার উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি হতে হয় চশমা ছাড়া দু'চোখে ৬/৬ ও ৬/৯। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, ট্যারা চোখ থাকলে যোগ্য নন।

দরখাস্ত দেখে প্রাথমিক বাছাই প্রার্থীদের শারীরিক সক্ষমতার পরীক্ষার 'কল লেটার' পাঠানো হয়। ৫০ নম্বরের পরীক্ষায় থাকবে এইসব বিষয়: (১) ৬.৫ মিনিটে ১ (১.৬ কি.মি.) মাইল দৌড়, (২) ৩ সুযোগে ১.২ মিটার হাই জাম্প, (৩) ৩ সুযোগে ৩.৬৫ মিটার লং জাম্প।

সফল হলে 'অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর (রেডিও মেকানিক)' ও 'হেড কনস্টেবল (ফিটার)' পদের বেলায় ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় আর 'হেড কনস্টেবল (রেডিও অপারেটর)' পদের বেলায় ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় প্রশ্ন হয় উচ্চমাধ্যমিক মানের ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক, ইংলিশ ল্যাঙ্গোয়েজ ও জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ে। এরপর ২৫ নম্বরের ইন্টারভিউ। 'হেড কনস্টেবল (রেডিও অপারেটর)' পদেরবেলায় ইন্টারভিউয়ের আগে ইংরিজিতে ১০ নম্বরের শ্রুতি লিখন পরীক্ষা। সবশেষে ডাক্তারি পরীক্ষা। পরীক্ষার ১৫ দিন আগে অ্যাডমিট কার্ড না পেলে যোগাযোগ করতে হয় যে ঠিকানায় দরখাস্ত করেছেন সেখানে।

অন্যান্য পদের বেলায় লিখিত পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হয় এই ৪টি পেপারের : (১) ইংলিশ/হিন্দি ল্যাঙ্গোয়েজ, (২) জেনারেল ইন্টেলিজেন্স, (৩) নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড, (৪) ক্ল্যারিক্যাল অ্যাপ্টিটিউড। প্রতিটি পেপারে থাকে ৫০টি প্রশ্ন। মোট ২০০ নম্বরের পরীক্ষায় সময় থাকে ২ ঘন্টা। প্রশ্ন হয় ইংরিজি ও হিন্দিতে। লিখিত পরীক্ষায় প্রতিটি পেপারে সফল হওয়ার জন্য অন্তত ৪৫% (তপশিলী, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থী হলে ৪০%) নম্বর পেতে হয়। এরপর হয় শারীরিক মাপজোখের পরীক্ষা, টাইপিং পরীক্ষা, শর্টহ্যান্ড টেস্ট (অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর স্টেনো পদের বেলায়) ও বেসিক কম্পিউটার নলেজ টেস্ট। সফল হলে ৫০ নম্বরের ইন্টারভিউ ও পার্সোন্যালিটি টেস্ট। সব শেষে ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন নির্দিষ্ট বয়ান টাইপিং করার পর নিজে হাতে লিখে পূরণ করে। দরখাস্ত জমা নেওয়া হয় এইসব ঠিকানায় : The Inspector General, Ftr HQ BSF, South Bengal, 2B, Lord Sinha Road, Kolkata, West Bengal, Pin– 700 071. শিলিগুড়ির 'কদমতলা' কেন্দ্রে পরীক্ষা দিতে চাইলে পাঠাতে হয় এই ঠিকানায় : The Inspector General, Ftr HQ BSF, North Bengal, P.O. - Kadamtala (Siliguri), Dist. Darjeeling, West Bengal, Pin – 734 433. 'গুয়াহাটি' কেন্দ্রে পরীক্ষা দিতে চাইলে পাঠাতে হয় এই ঠিকানায় : The Inspector General, Ftr HQ BSF, A& M., Post- Umpling, Dist Khasi Hills (East), Shillong (Meghalaya), Pin – 793 006. 'ইম্ফল' কেন্দ্রে পরীক্ষা দিতে চাইলে পাঠাতে হয় এই ঠিকানায় : The Inspector General, Ftr HQ BSF, C& M.,Masimpur, P.O.- Arunachal, Dist Cachar (Assam)-788 025.'আগরতলা' কেন্দ্রে পরীক্ষা দিতে চাইলে পাঠাতে হয় এই ঠিকানায় : The Inspector General, Ftr HQ BSF, Agartala, Salbagan, Pin – 799 012. 'হাজারিবাগ' কেন্দ্রে পরীক্ষা দিতে চাইলে পাঠাতে হয় এই ঠিকানায় : The Commandant, BSF, TC&S, Hazaribagh, Meru Camp, Hazaribagh (Jharkhand), Pin – 825 317. 'দিল্লি' কেন্দ্রে পরীক্ষা দিতে চাইলে পাঠাতে হয় এই ঠিকানায় : The Commandant, 25 Bn BSF, Chhawala Camp, Post-Najafgarh, New Delhi-110 071.

## ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশে

**হেড কনস্টেবল (কম্ব্যাটাইজড মিনিস্ট্রিয়াল) :** উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। উচ্চশিক্ষাগত যোগ্যতা থাকলে অগ্রাধিকার পাওয়া যায়। বয়স দরকার ২০ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি. সি.'রা ৩ বছর, সরকারি কর্মী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পান।

**অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর (স্টেনোগ্রাফার):** উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ইংরিজি টাইপিং ও শর্টহ্যান্ডে মিনিটে যথাক্রমে অন্তত ৪০টি ও ৮০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। বয়স দরকার ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, সরকারি কর্মী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পান। শারীরিক মাপজোখ দরকার ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৭০ (তপশিলী উপজাতি হলে ১৬২.৫ আর অসম, ত্রিপুরা ও উত্তর-পূর্বাঞ্চলের প্রার্থীদের বেলায় ১৬৫) সেমি আর মেয়েদের বেলায় ১৫৭ (তপশিলী উপজাতি হলে ১৫০ আর অসম, ত্রিপুরা ও উত্তর-পূর্বাঞ্চলের প্রার্থীদের বেলায় ১৫৫) সেমি ও ছেলেদের বেলায় বুকের ছাতি না-ফুলিয়ে ৮০ সেমি ও ফুলিয়ে ৮৫ সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন। বুকের ছাতিতে তপশিলী উপজাতি সম্প্রদায়ের ছেলেরা ৪ সেমি ও অসম, ত্রিপুরা আর উত্তর-পূর্বাঞ্চলের প্রার্থীরা ২ সেমি ছাড় পান। দৃষ্টিশক্তি দরকার চশমা ছাড়া দূরের বেলায় এক চোখে ৬/৬ ও ৬/৯। ভাঙা হাঁটু, পায়ের চ্যাটালো পাতা, শিরাস্ফীতি, ট্যারা দৃষ্টি বা, বর্ণান্ধতা থাকলে যোগ্য নন।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে শারীরিক মাপজোখের পরীক্ষা হয়। সফল হলে শারীরিক সক্ষমতার পরীক্ষা। এই পরীক্ষায় থাকে ছেলেদের বেলায় সাড়ে ৬ মিনিটে ১ মাইল দৌড়, তিন সুযোগে ১১ ফুট লং জাম্প ও ৩ সুযোগে সাড়ে ৩ ফুট হাই জাম্প আর মেয়েদের বেলায় ৪ মিনিটে ৮০০ মিটার দৌড়, ৩ সুযোগে ৯ ফুট লং জাম্প ও ৩ সুযোগে ৩ ফুট হাই জাম্প। সফল হলে 'অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর' পদের লিখিত পরীক্ষায় থাকে এই ২টি বিষয় : (১) জেনারেল ইংলিশ অ্যান্ড হিন্দি, (২) জেনারেল নলেজ, রিজনিং ও সিম্পল অ্যারিথমেটিক। প্রতিটি পেপারে থাকে ১০০ নম্বর ও সময় ২ ঘন্টা করে। প্রতিটি পেপারে ৪০% (তপশিলী, ও.বি.সি হলে ৩৫%) আর মোট অন্তত ৪৫% (তপশিলী, ও.বি.সি হলে ৪০%) নম্বর পেলে সফল হন। এরপর হয় ১০০ নম্বরের শর্টহ্যান্ড টেস্ট ও টাইপ টেস্ট। এরপর হয় ২০ নম্বরের ইন্টারভিউ। সব শেষে ডাক্তারি পরীক্ষা। পরীক্ষা হয় দিল্লি ও কোচিনে। সফল হলে 'হেড কনস্টেবল' লিখিত পরীক্ষায় থাকে এই ৩টি বিষয় : (১) সাধারণ পাটিগণিত, (২) জেনারেল নলেজ, (৩) জেনারেল ইংলিশ। প্রতিটি পেপারে থাকে ১০০ নম্বর ও সময় ২ ঘন্টা করে। এরপর টাইপ টেস্ট। টাইপ টেস্টে কোয়ালিফাইং নম্বর পেলে ৫০ নম্বরের ইন্টারভিউ। সব শেষে ডাক্তারি পরীক্ষা। বিজ্ঞপ্তি বেরোয় আগস্টে। ঠিকানা : DIG, SHQ (NE III), ITB Police, PO-Mohanbari, Dist. Dibrugarh (Assam), Pin-786 012.

## সশস্ত্র সীমা বলে চাকরি

**হেড কনস্টেবল (টেলিকমিউনিকেশন) :** ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ইলেক্ট্রনিক্স ট্রেডের ২ বছরের সার্টিফিকেট কোর্স পাশ হলেও যোগ্য। বয়স দরকার ১৮ থেকে ২৩ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, সরকারি কর্মীরা ৫ বছর, বিভাগীয় প্রার্থীরা ৩৫ বছর বয়স পর্যন্ত আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পান। শরীরের মাপজোখ দরকার লম্বায় অন্তত ১৭০ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৮০ সেমি ও ফুলিয়ে ৮৫ সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন। আদিবাসি ও উপজাতিরা উচ্চতায় ৭.৫ সেমি ও বুকের ছাতিতে ৪ সেমি ছাড় পান। দৃষ্টিশক্তি দরকার দূরের বেলায় এক চোখে ৬/৬ ও অন্য চোখে ৬/৯ অর্থাৎ, চশমা ছাড়া বাঁ হাতিদের বাঁ চোখে ৬/৬ ও ডান হাতিদের বেলায় ডান চোখে ৬/৬ আর কাছের বেলায় ভালো চোখে J.I ও খারাপ চোখে J.II. ধনুকের মতো বাঁকা হাঁটু, পায়ের চ্যাটালো পাতা, শিরাস্ফীতি, ট্যারা দৃষ্টি, চোখে চশমা বা, বর্ণান্ধতা কিংবা শরীরের কোনো ত্রুটি থাকলে আবেদনের যোগ্য নন।

এরপর ২২ পাতায়

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## রাজ্য সরকারে ২৪ বিচারক

১ পাতার পর


করতে পারেন। বয়স হতে হবে ১৪-৪-২০১৮'র হিসাবে ২৩ থেকে ৩৫ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ১৫-৪-১৯৮৩ থেকে ১৪-৪-১৯৯৫'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ২৭,৭০০-৪৪,৭৭০ টাকা। শূন্যপদ : ২৪টি (জেনাঃ ১৬, ও.বি.সি.-এ ক্যাটেগরি ২, ও.বি.সি.-বি ক্যাটেগরি ২, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, প্রতিবন্ধী ১)। এই পরীক্ষা সাধারণ প্রার্থীরা ৩ বার আর তপশিলী, ও.বি.সি. প্রার্থীরা ৫ বার দিতে পারবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 10/2018.

প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন। ২০১৮ সালের ওয়েস্ট বেঙ্গল জুডিশিয়াল সার্ভিস এক্সামিনেশন'এর মাধ্যমে। প্রথমে প্রিলিমিনারি লিখিত পরীক্ষা হবে জুনে, কলকাতা (কোড ০১) ও দার্জিলিং (০২)। এই পরীক্ষায় ২০০ নম্বরের ২০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) ইংলিশ কম্পোজিশন - ৩০ নম্বর, (২) জেনারেল নলেজ, কারেন্ট অ্যাফেয়ার্স, টেস্ট অফ রিজনিং - ৪০ নম্বর, (৩) ভারতীয় সংবিধান - ২০ নম্বর, (৪) ল অফ কন্ট্রাক্টস অ্যান্ড টর্টস - ২০ নম্বর, (৫) ল অফ এভিডেন্স - ২০ নম্বর, (৬) সিভিল প্রসিডিওর কোডস - ২০ নম্বর, (৭) ক্রিমিন্যাল প্রসিডিওর কোড ও ইন্ডিয়ান পেনাল কোড - ২০ নম্বর, (৮) পার্সোন্যাল ল - ১০ নম্বর, (৯) ল অফ লিমিটেশন - ২০ নম্বর। সময় থাকবে আড়াই ঘন্টা।

সফল হলে ফাইনাল পরীক্ষা হবে জুলাইয়ে। এই পরীক্ষায় ৮টি আবশ্যিক বিষয় ও ৩টি ঐচ্ছিক বিষয় থাকবে। প্রতিটি পেপারে থাকবে ১০০ নম্বর ও সময় থাকবে প্রতিটি পেপারের জন্য ৩ ঘন্টা। সবশেষে ১০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট।

দরখাস্ত করবেন অনলাইনে, ৭ মে পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.pscwbonline.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'তে।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। এবার স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করে নেবেন। তখন Submit করলে নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পরীক্ষা ফী বাবদ ২১০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা দিতে হবে ডেবিট কার্ড বা, ক্রেডিট কার্ড কিংবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। এছাড়াও টাকা অফলাইনে দিতে পারবেন ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানে। টাকা জমা দিতে পারবেন ৮ মে'র মধ্যে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।




## ১০ টেকনিশিয়ান

১ পাতার পর

বি.এসসি. বা, ডিপ্লোমা কোর্স পাশরা 'কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং' স্ট্রিমের জন্য যোগ্য। শূন্যপদ : ২টি।

ইলেক্ট্রিক্যাল বা, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের বি.এসসি. বা, ডিপ্লোমা কোর্স পাশরা 'ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ২টি।

মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা 'মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৪টি।

মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ওয়েল্ডিং ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আর আর্ক, টি.আই.জি., এম.আই.জি. ওয়েল্ডিং, প্লাসমা ও গ্যাস কাটিংয়ের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে 'মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে মেকানিক মোটর ভেহিক্যাল ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আর কোনো ওয়ার্কশপে হাল্কা ও ভারি গাড়ি রক্ষণাবেক্ষণের কাজে অভিজ্ঞতা থাকলে 'মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১টি।

সব পদের বেলায় বয়স হতে হবে ১৯-৫-২০১৮'র হিসাবে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : পে ব্যান্ড -ওয়ান। শূন্যপদের মধ্যে জেনাঃ ৫, ও.বি.সি. ২, তঃজাঃ ৩টি।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৯ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : https://recuit.iitm.ac.in/external তখন পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা অনলাইনে দিতে হবে। তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## সাউথ ইস্টার্ণ কোলফিল্ডে ৬৭২ অ্যাপ্রেন্টিস

সাউথ ইস্টার্ণ কোলফিল্ডস লিমিটেড 'অ্যাপ্রেন্টিস' হিসাবে ৬৭২ জন লোক নিচ্ছে। ১ বছরের ট্রেনিং। আই.টি.আই. থেকে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ওয়েল্ডার, টার্নার, মেশিনিস্ট, ড্রাফটসম্যান (সিভিল), অটো ইলেক্ট্রিশিয়ান, ডিজেল মেকানিক, হসপিটাল ওয়েস্ট ম্যানেজমেন্ট অ্যাসিস্ট্যান্ট, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্র্যামিং অ্যাসিস্ট্যান্ট, সেক্রেটারিয়েল অ্যাসস্ট্যান্ট, স্টেনোগ্রাফার (ইংলিশ) ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা আবেদনের যোগ্য। বয়স হতে হবে ৭-৫-২০১৮'র হিসাবে ১৬ বছরের মধ্যে। শূন্যপদ : ফিটারে ৪১, ইলেক্ট্রিশিয়ানে ৮৭, ওয়েল্ডারে ২১, টার্নারে ২১, মেশিনিস্টে ১৭, ড্রাফটসম্যান (সিভিলে) ৬টি, অটো ইলেক্ট্রিশিয়ানে ১২টি, ডিজেল মেকানিকে ২১টি, হসপিটাল ওয়েস্ট ম্যানেজমেন্ট অ্যাসিস্ট্যান্টে ১২টি, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্র্যামিং অ্যাসিস্ট্যান্টে ৯১টি, সেক্রেটারিয়েল অ্যাসিস্ট্যান্ট ১২টি, স্টেনোগ্রাফ ইংলিশ ১২টি।

দরখাস্ত করবেন অনলাইনে। এজন্য প্রথমে নাম নথিভুক্ত করতে হবে ৭ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : www.apprenticeship.gov.in এছাড়াও বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.secl.gov.in

## নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনে ৯ চাকরি

নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের অ্যাগ্রিকালচারাল ট্রেনিং সেন্টারে কুক, কৃষি প্রযুক্তি সহায়ক, ইন্সট্রাক্টর, লাইট ট্রাক্টর কাম পাম্প ড্রাইভার, চৌকিদার, মালি, সিনিয়র লেকচারার পদে ৯ জন লোক নিচ্ছে। শূন্যপদ : মালি-১টি, চৌকিদার -১টি, কুক -১টি, লাইট ট্রাক্টর কাম পাম্প ড্রাইভার ১টি, কৃষি প্রযুক্তি সহায়ক ১টি, ইন্সট্রাক্টর ২টি, সিনিয়র লেকচারার ২টি। কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা দরকার, বয়স, মূল মাইনে, দরখাস্তের বয়ান ইত্যাদি পাবেন এই ওয়েবসাইটে : www.sametiwb.org দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ৩০ এপ্রিল। এই ঠিকানায় : The Principal, Agricultural Taining Centre, Ramkrishna Mission Ashrama, Narendrapur, Kolkata - 103.

## ইনস্টিটিউট অফ হোটেল ম্যানেজমেন্টে চাকরি

কলকাতার ইনস্টিটিউট অফ হোটেল ম্যানেজমেন্ট ক্যাটারিং টেকনোলজি অ্যান্ড অ্যাপ্লায়েড নিউট্রিশনে 'অ্যাডমিনিস্ট্রেটিভ কাম -অ্যাকাউন্টস অফিসার (জেনাঃ)' ও 'লেকচারার -কাম ইন্সট্রাক্টর (ও.বি.সি.)' পদে ২ জন লোক নিচ্ছে। কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, মূল মাইনে ইত্যাদি পাবেন এই ওয়েবসাইটে : www.ihmkolkata.org দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ২৮ এপ্রিলের মধ্যে।

## সত্যজিৎ রায় ফিল্ম ইনস্টিটিউটে চাকরি

কলকাতার সত্যজিৎ রায় ফিল্ম অ্যান্ড টেলিভিশন ইনস্টিটিউটে 'অ্যাসিস্ট্যান্ট ব্রড কাস্ট ইঞ্জিনিয়ার (২টি)', 'প্রোডাকশন ম্যানেজার (১টি)' ও 'ভিডিওগ্রাফার (১টি)' পদে লোক নিচ্ছে। কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স ইত্যাদি পাবেন এই ওয়েবসাইটে : www.srfti.ac.in দরখাস্ত করার শেষ তারিখ ২ মে।

## ওড়িশা বিশ্ববিদ্যালয়ে ৮ চাকরি

ওড়িশা ইউনিভার্সিটি অফ অ্যাগ্রিকালচর অ্যান্ড টেকনোলজি 'জুনিয়র স্টেনো কাম কম্পিউটার অপারেটর' পদে ৮ জন লোক নিচ্ছে। এই পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, অভিজ্ঞতা, মূল মাইনে, প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি পাবেন এই ওয়েবসাইটে : www.ouat.nic.in দরখাস্ত করার শেষ তারিখ ৩০ এপ্রিল।

## কেন্দ্রীয় বিদ্যালয়ে শিক্ষক-শিক্ষিকা

কেন্দ্রীয় বিদ্যালয় সমিতির শিলং রিজিওন্যাল অফিস পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (ইতিহাস, ভূগোল, অর্থনীতি, কমার্স ও হিন্দি), ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (হিন্দি, ইংলিশ, অঙ্ক, সোশ্যাল স্টাডিজ ইত্যাদি), আর্ট অ্যান্ড মিউজিক টিচার পদে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে কিছু ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। পোস্ট-গ্র্যাজুয়েট টিচার পদের ইন্টারভিউ হবে ২ ও ৩ মে। ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার পদের ইন্টারভিউ হবে ৩ ও ৪ মে। আর্ট ও মিউজিক টিচার পদের ইন্টারভিউ হবে ৪ মে। কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.nvsroshillong.gov.in, www.ribhoi.inv.academy

## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের পর

২০ পাতার পর

**অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর (টেলিকম) :** ফিজিক্স, অঙ্ক ও কেমিস্ট্রি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশের পর কোনো স্বীকৃত কারিগরি প্রতিষ্ঠান থেকে টেলিকমিউনিকেশন বা, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরাও আবেদনের যোগ্য। বয়স দরকার ১৮ থেকে ২৫ বছরের মধ্যে।

**সাব-ইন্সপেক্টর (পায়োনিয়র) :** বিজ্ঞান নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান বা, বিশ্ববিদ্যালয় থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বয়স দরকার ২০ থেকে ২৫ বছরের মধ্যে।

**অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর (স্টেনো) :** উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশের পর কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা পর্ষদ থেকে সেক্রেটারিয়েল প্র্যাক্টিস, কমার্শিয়াল প্র্যাক্টিস বা, মডার্ণ অফিস প্র্যাক্টিসের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরাও আবেদনের যোগ্য। কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকতে হয়। ইংরিজি টাইপিং ও শর্টহ্যান্ডে মিনিটে অন্তত যথাক্রমে ৪০টি ও ৮০টি শব্দ তোলার গতি থাকতে হয়। বয়স দরকার ১৮ থেকে ২৫ বছরের মধ্যে।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে শরীরের মাপজোখ দেখা হয়। তারপর শারীরিক সক্ষমতার পরীক্ষা। এই পরীক্ষায় থাকে এইসব বিষয় : (১) ১৬ সেকেন্ডে ১০০ মিটার দৌড়, (২) ৩ সুযোগে ১১ ফুট লঙ জাম্প, (৩) ৩ সুযোগে সাড়ে ৩ ফুট হাই জাম্প, (৪) ৪ মিনিটে ৮০০ মিটার দৌড়। ওপরের প্রতিটি ইভেন্টে সফল হলে লিখিত পরীক্ষা দিতে হয়।

অন্যান্য পদের বেলায় এই পরীক্ষায় থাকে এইসব বিষয় : (১) ১৬ সেকেন্ডে ১০০ মিটার দৌড়, (২) ৩ সুযোগে ১১ ফুট লঙ জাম্প, (৩) ৩ সুযোগে সাড়ে ৩ ফুট হাই জাম্প, (৪) ৪ মিনিটে ৮০০ মিটার দৌড়। ওপরের প্রতিটি ইভেন্টে সফল হলে লিখিত পরীক্ষা দিতে হয়। এই পরীক্ষায় থাকে জেনারেল নলেজ, ইংরিজি ও পদ অনুযায়ী শিক্ষাগত যোগ্যতার ওপর অবজেক্টিভ ও ডেসক্রিপটিভ টাইপের প্রশ্ন।

'অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর (টেলিকম)' পদের বেলায় ১০০ নম্বরের ২ ঘন্টার লিখিত পরীক্ষায় থাকে এইসব বিষয় : (১) জেনারেল ইংলিশ-২০ নম্বর, (২) জেনারেল নলেজ-২০ নম্বর, (৩) ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক ও টেলিকমিউনিকেশন-৬০ নম্বর। 'সাব-ইন্সপেক্টর (পায়োনিয়র)' পদের লিখিত পরীক্ষায় থাকে ২টি পেপার। প্রথম পেপারে ১০০ নম্বরের ২ ঘন্টার পরীক্ষায় থাকে এই ২টি বিষয় : (১) জেনারেল ইংলিশ-৫০ নম্বর, (২) জেনারেল নলেজ -৫০ নম্বর। দ্বিতীয় পার্টে ১০০ নম্বরের ২ ঘন্টার পরীক্ষায় প্রশ্ন থাকে জেনারেল ইঞ্জিনিয়ারিং (সিভিল অ্যান্ড স্ট্রাকচারাল) বিষয়ে।

'অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর (স্টেনো)' পদের বেলায় লিখিত পরীক্ষায় থাকে ২টি পার্ট। প্রথম পার্টে ৩ ঘন্টার পরীক্ষায় থাকে : (১) জেনারেল ইংলিশ -১০০ নম্বর, (২) জেনারেল নলেজ - ১০০ নম্বর। দ্বিতীয় পার্টে ১০০ নম্বরের ২ ঘন্টার পরীক্ষায় থাকে প্রবন্ধ (এসে) লেখা। সফল হলে শর্টহ্যান্ড ও টাইপিং টেস্ট।

এরপর সব পদের বেলায় ইন্টারভিউ হয়। সাব-ইন্সপেক্টর (পায়োনিয়ার) পদের বেলায় ১০০ নম্বর, অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর (স্টেনো) পদের বেলায় ২৫ নম্বরের ইন্টারভিউ। 'হেড কনস্টেবল (টেলিকমিউনিকেশন)' পদের বেলায় ১০০ নম্বরের ২ ঘন্টার লিখিত পরীক্ষায় থাকে এই ৩টি পার্ট : (১) জেনারেল ইংলিশ-৩০ নম্বর, (২) জেনারেল নলেজ-৩০ নম্বর, (৩) ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক -৪০ নম্বর। এই পরীক্ষায় সাধারণ/প্রাক্তন সমরকর্মীরা ৫০%, তপশিলী, ও.বি.সি.'রা ৪০% নম্বর পেলে সফল হন। এরপর ৫০ নম্বরের ইন্টারভিউ হয়। ইন্টারভিউয়ের মধ্যে ১০ নম্বর দেওয়া হয় খেলাধূলা, এন.সি.সি., স্কাউট অ্যান্ড গাইড ও অন্যান্য যোগ্যতার ওপর। মেধা তালিকা তৈরির সময় সাধারণ ও প্রাক্তন সমরকর্মীদের বেলায় ৫০% (তপশিলী, ও.বি.সি. হলে ৪০%) নম্বর পেলে চূড়ান্তভাবে সফল হন। সব শেষে ডাক্তারি পরীক্ষা। কবে কোথায় পরীক্ষা হবে তা 'কল লেটার' পাঠিয়ে জানানো হয়।

ওপরের ওইসব পদের বিজ্ঞপ্তি সরকারিভাবে বেরোলে কর্মসংস্থানে যথাসময়ে দেওয়া হবে